চিরবিশ্বস্ত
চিরনূতন
শ্যাম সুন্দর কোং
জুয়েলার্স
আগরতলা • খোয়াই • উদয়পুর
ধর্মনগর • কলকাতা

ত্রিপুরার প্রথম দৈনিক

জাগরণ

গৌরবের ৬৬ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

সিস্টার
Sister
masala
নিশ্চিন্তের প্রতীক
গুঁড়া মশলা
অল্পতেই যথেষ্ট
সিষ্টার
স্বাদ ও গুনমানে প্রতি ঘরে ঘরে

JAGARAN ■ 10 August, 2020 ■ আগরতলা, ১০ আগষ্ট, ২০২০ ইং ■ ২৬ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

রবিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি এর টাকা ট্রান্সফার কর্মসূচিতে অংশ নিয়েছেন। ছবি-পিআইবি।

করোনায় মৃত্যু আরও একজনের নতুন আক্রান্ত ৬২

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। রাজ্যে করোনায় আরও একজনের মৃত্যু হয়েছে। সেই সাথে আক্রান্ত হয়েছেন নতুন করে আরও ৬২ জন। সরকারী সূত্রে জানা গিয়েছে, পশ্চিম জেলার এক মহিলা এজিএমসিতে রবিবার মৃত্যু বরণ করেছেন করোনা যুদ্ধে। এদিকে, এদিন ১৬৬৫ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাতে ৬২ জনের কোভিড-১৯ রিপোর্ট পজেটিভ এসেছে। এর মধ্যে উত্তর জেলার ২৫ জন, ধলাই জেলার ১ জন, খোয়াই জেলার ৭ জন, পশ্চিম জেলার ২২ জন, সিপাহীজলা জেলার ২ জন, গোমতী জেলার ৪ জন এবং দক্ষিণ জেলার ১ জন।

অবৈধ গর্ভপাত বেআইনী ক্লিনিকে পুলিশের অভিযান

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৯ আগস্ট।। অবৈধ ভাবে গর্ভপাত করানোর দায়ে অবসরপ্রাপ্ত চিকিৎসক বিষ্ণু চন্দ্র দের বিরুদ্ধে মামলা দায়ের হওয়ার পরই গা ঢাকা দেয় অভিযুক্ত চিকিৎসক। তবে থানায় মামলা দায়ের হওয়ার পরই পুলিশ ঘটনার তদন্ত শুরু করে। রবিবার পুলিশ ঘটনার তদন্তে অভিযুক্ত চিকিৎসকের অবৈধ গোপন ক্লিনিকে যায়। পুলিশের সাথে ছিল একজন ম্যাজিস্ট্রেট। তদন্তকারী দলটি অভিযুক্ত ☞ ৬ এর পাতায় দেখুন

ছাত্রছাত্রীদের স্পোকেন ইংলিশ শেখাবে সরকার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। রাজ্য সররাক সরকারী ও সরকার অনুদানপ্রাপ্ত স্কুলের একাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের স্পোকেন ইংলিশ এর ক্লাস দেবে। শিক্ষামন্ত্রী রতন লাল নাথ এই সংবাদ জানিয়ে বলেন, প্রথম পর্যায়ে পাইলট প্রজেক্ট হিসেবে পশ্চিম জেলার বিভিন্ন স্কুলের চার হাজার ছাত্রছাত্রীকে এই স্পোকেন ইংলিশ এর ক্লাস দেওয়া হবে। এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত চলার কথা ছিল। কিন্তু, লকডাউনের কারণে তা সম্ভব হয়নি। চেষ্টা করা হচ্ছে যাতে দ্রুত এই কাজটি শুরু করা যায়।

৮ কোটি কৃষকের একাউন্টে এক ক্লিকে ১৭ হাজার কোটি টাকা পাঠালেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৯ আগস্ট ।। ডিজিটাল মাধ্যমের দ্বারা ৮.৫ কোটিরও বেশি কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে ১৭,১০০ কোটি টাকা পাঠালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কৃষকদের সরাসরি সাহায্য করতে প্রকল্পের তহবিল থেকে প্রত্যেক কৃষকের অ্যাকাউন্টে বছরে ৬,০০০ টাকা বিলি করেন মোদী।২০১৮ সালে শুরু হওয়া এই প্রকল্পের ষষ্ঠ ইনস্টলমেন্ট রবিবার বিলি করলেন প্রধানমন্ত্রী। কৃষকদের আর্থিক সুবিধা প্রদানকারী ব্যবস্থার উদ্বোধনে এ দিন নমো বলেন, "একটা ক্লিকেই প্রায় ৮.৫ কোটি কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে পিএম-কিষান সমৃদ্ধি নিধি থেকে ১৭,০০০ কোটি টাকা জমা দেওয়া হয়েছে।

এই প্রকল্পের উদ্দেশ্য সার্থক হচ্ছে বলে আমি সন্তুষ্ট।"ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে এক লক্ষ কোটি টাকা তহবিলের এগ্রিকালচার ইনফ্রাস্ট্রাকচার ফান্ডের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই তহবিলের মাধ্যমে চারবাষের পরবর্তী পরিকাঠামো ও কমিউনিটি ফার্মিং, যেমন হিমঘর, কালেকশন সেন্টার ও প্রসেসিং ইউনিটের মানোন্নয়ন ঘটানোর চেষ্টা চালানো হচ্ছে। এই জিনিসগুলিই কৃষকদের আর্থিক ও সামাজির জীবন যাপন বদলে দিতে পারে বলে মত বিশেষজ্ঞরা মনে করেন। প্রধানমন্ত্রীর দফতরের তরফে জানানো হয়েছে, রবিবারই প্রথম ২২৮০ কোটি কৃষকের অ্যাকাউন্টে এই প্রকল্পের অর্থ তুলে দিতে এক হাজার কোটি টাকারও বেশি অর্থ তহবিল থেকে নেওয়া হল। প্রকল্প অনুযায়ী প্রতি বছর ৬,০০০ টাকা করে পাবেন প্রতি কৃষক। অর্থাত প্রতি মাসের উপার্জনে তাঁদের কিছু বাড়তি টাকা যোগ হবে। যা তাঁদের চাষবাসের কাজে তাঁরা লাগাতে পারবেন। এই গোটা অর্থই আসছে কেন্দ্রীয় সরকারের ঘর থেকে।

রবিবার পিএম কিষান যোজনার ষষ্ঠ কিস্তি জারি করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এর পাশাপাশি কৃষি ক্ষেত্রে পরিকাঠামো উন্নয়নের জন্য এক লক্ষ কোটি টাকার বরাদ্দের উদ্বোধন করেছেন তিনি।

শনিবার প্রধানমন্ত্রীর দফতরের তরফ থেকে জানানো হয়েছিল যে রবিবার সকাল ১১ টা নাগাদ কৃষিক্ষেত্রে পরিকাঠামোগত আর্থিক ফান্ডের আনুষ্ঠানিক সূচনা করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গোটা ব্যাপারটাই ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে হবে। সেইমত এই দুইটির আনুষ্ঠানিক সূচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।গত জুলাই মাসে কৃষিক্ষেত্রে পরিকাঠামোগত আর্থিক ফান্ড গঠনের অনুমোদন দেয় কেন্দ্রীয় সরকার। এই ফান্ডের জন্য এক লক্ষ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই ফান্ড থেকে কৃষকেরা ঋণ নিতে পারবে। ৮.৫ কোটি কৃষকের জন্য ১৭ হাজার কোটি টাকা ষষ্ঠ কিস্তিতে দেওয়া হয়।এর ফলে উপকৃত হবে প্রাইমারি ☞ ৬ এর পাতায় দেখুন

পারিবারিক বিবাদের জের স্ত্রীর মাথা ফাটাল মদমত্ত স্বামী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। শ্রীনগর থানা এলাকার আনন্দ নগরে মদমত্ত অবস্থায় স্ত্রীর মাথা ফাটিয়ে দিয়েছে স্বামী। ঘটনাকে কেন্দ্র করে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। বর্তমানে রক্তাক্ত মহিলা আনন্দ নগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসাধীন।

এ ব্যাপারে আক্রান্ত মহিলা তার স্বামীর বিরুদ্ধে শ্রীনগর থানায় মামলা দায়ের করেছেন। আহত মহিলার নাম করুনা দাস। অভিযুক্ত স্বামীর নাম বাপন দাস। বাপন পেশায় রিকশাচালক।জানা যায় প্রতিদিন এই আকণ্ঠ মদ্যপান করে বাড়িতে গিয়ে স্ত্রীর ওপর নির্যাতন চালাত। আজও একই ঘটনার পুনরাবৃত্তি ঘটে।

দুপুর নাগাদ আকণ্ঠ মদ্যপান করে ☞ ৬ এর পাতায় দেখুন

বেপরোয়া যান কেড়ে নিল আরও এক যুবকের প্রাণ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা/ তেলিয়ামুড়া/ আমবাসা, ৯ আগস্ট।। জিরানিয়া থানা এলাকার কলাবাগান এলাকায় আসাম আগরতলা জাতীয় সড়কে লরিএবং বাইকের সংঘর্ষে গুরুতর আহত এক ব্যক্তির চিকিৎসাধীন অবস্থায় জিবি হাসপাতালে মৃত্যু হয়েছে। মৃত যুবকের নাম সঞ্জয় দেববর্মা।

জানা যায় শনিবার পথ দুর্ঘটনায় দুই চালক গুরুতরভাবে আহত হয়েছিল। আহত বাইক চালক ও আরোহীকে আশঙ্কা জনক অবস্থায় প্রথমে জিরানিয়া হাসপাতালে নিয়ে আসা হয়। তাদের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় জিরানিয়া হাসপাতাল থেকে জিবি হাসপাতালে স্থানান্তর করা ☞ ৬ এর পাতায় দেখুন

পণ্য পরিবহনের সূচনায় সোনামুড়া-দাউদকান্দি নদীপথ পরিদর্শন ১১ আগস্ট

আগরতলা, ৯ আগস্ট (হি. স.)।। নৌ পরিবহনে-র সহায়তায় ত্রিপুরায় পণ্য আমদানি-রফতানির লক্ষ্যে নদীপথ পরিদর্শন করবে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ। সংস্থার পদস্থ আধিকারিক-রা আগামী ১১ জুলাই ওই নদীপথ পরিদর্শন করবেন। তাতে, সবুজ সংকেত মিললে তবেই পণ্য পরিবহন শুরু হয়ে যাবে। ভারত সরকার চাইছে, নদীপথে ত্রিপুরায় এখনই পণ্য পরিবহন শুরু হোক। তাই, সোনামুড়া-দাউদকান্দি নদীপথে পণ্য পরিবহনে এখন শুধুই সময়ের অপেক্ষা বলেই মনে হচ্ছে।

সম্প্রতি ওয়েবিনারে আলোচনায় চলতি মাসেই দাউদকান্দি থেকে সোনামুড়া পর্যন্ত ছোট ভেসেল (জলযান)-এ পরীক্ষামূলক পণ্য আমদানির বিষয়ে ইন্দো-বাংলা উভয় দেশ ঐকমত্যে পৌঁছেছে। দাউদকান্দি-সোনামুড়া নদীপথে পণ্য আমদানি- রফতানির জন্য প্রযুক্তিগত, বাণিজ্যিক, নিয়ন্ত্রণ বিষয়ক এবং পদ্ধতিগত বিভিন্ন

সমস্যা নিয়ে ওইদিন বৈঠকে আলোচনা হয়েছে। ৯৩ কিমি দীর্ঘ নদীপথে পণ্য আমদানিতে সময় এবং আর্থিকভাবে ব্যবসায়ীরা লাভবান হবেন। ওই নদীপথে ছোট ভেসেলে ৫০ থেকে ১০০ টন পণ্য আমদানি সম্ভব হবে। এতে বছরে ৭/৮ মাস অনায়াসে পণ্য আমদানি করা যাবে। শুধুমাত্র শুখা মরশুমে নদী খননের উদ্যোগ নিতে হবে। সে-বিষয়ে উভয় দেশ সম্মত হয়েছে।

এখন পণ্য পরিবহনে নদীপথ পরিদর্শন করবে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ। আগামী ☞ ৬ এর পাতায় দেখুন

শহরে সরকারী আবাসন উচ্ছেদ অভিযান শুরু

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। রাজধানী আগরতলা শহরের শান্তি পাড়ায় বিবেকানন্দ মার্কেটে সরকারি ফ্ল্যাট নির্মাণের কাজ। দীর্ঘ প্রতীক্ষার পর রবিবার এই ফ্ল্যাট নির্মাণের কাজ প্রাথমিক ভাবে শুরু হয়েছে। ফ্ল্যাট নির্মাণের উদ্দেশ্যে ওই এলাকায় রবিবার উচ্ছেদ অভিযান চালানো হয়। চূড়ান্ত নোটিশ দেওয়ার পরও যারা এলাকার ছিল না তাদেরকে সেখান থেকে উচ্ছেদ করে দেওয়া হয়।

রবিবার সকালে আগরতলা পৌর নিগমের পক্ষ থেকে জেলা প্রশাসনের কর্মকর্তাদের উপস্থিতিতে বুলডোজার নিয়ে উচ্ছেদ চালানো হয়।উল্লেখ্য শান্তিপাড়া যে জায়গায় বর্তমানে বিবেকানন্দ রয়েছে সেখানেই সরকারি ফ্ল্যাট নির্মাণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সরকারি উদ্যোগে তৈরি করা এই সব বিক্রি করা হবে। উল্লেখ্য বর্তমান সরকার ক্ষমতায় আসার পর বিবেকানন্দ মার্কেট এলাকায় সরকারি উদ্যোগে ফ্ল্যাট নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়।

নির্মাণের কাজ শুরু করার আগে উচ্ছেদ অভিযান চালানোর ফলে স্থানীয় বাসিন্দাদের কোন ধরনের অসুবিধার সম্মুখীন হতে হয়েছে কিনা সে সম্পর্কে জানতে চাওয়া হলে স্থানীয় বাসিন্দারা জানান আপাতত তাদের কোন ধরনের অসুবিধে হচ্ছে না।এখানে ফ্ল্যাট গড়ে তোলা হলে এলাকাবাসীর কোন আপত্তি নেই ,বরং এলাকার উন্নয়ন ঘটবে বলে আশা ব্যক্ত করেছেন এলাকাবাসী।

বিষপানে আত্মহত্যার চেষ্টা গৃহবধূর

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। রবিবার সকালে কুমারঘাট এর আম্বেদনগর গ্রামে এক গৃহবধূ বিষ পান করে আত্মহত্যার চেষ্টা করে। জানা যায় তার স্বামী সকালবেলা তাকে ঘুম থেকে ওঠার জন্য বলেছিলেন। এ নিয়ে স্বামীর সঙ্গে স্ত্রীর বাকবিতণ্ডা হয়। বাকবিতণ্ডার পর স্ত্রী বিছানা থেকে উঠে যায়। তখনো স্বামী বিছানায় শুয়ে ছিলেন।স্বামীর ধারণা ছিল হয়তো তার স্ত্রী প্রাকৃতিক কার জন্য বাইরে গিয়েছে।কিন্তু কিছুক্ষণ পর স্ত্রী ঘরে আসার পর তার মুখ থেকে কীটনাশকের গন্ধ বের হয়ে আসে।তখন ঐ তিনি বুঝতে পারেন কোনো অঘটন ঘটে গেছে। ☞ ৬ এর পাতায় দেখুন

নরসিংগড় মানসিক হাসপাতাল থেকে ১৫ জন রোগী পলাতক, দিনভর চলল দৌড়ঝাপ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। নরসিংগড়স্থিত মর্ডান সাইক্রিয়াটিক হাসপাতাল থেকে শনিবার রাতে ১৫ জন চিকিৎসাধীন মানসিক রোগী পালিয়ে গেছে। ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। হাসপাতালে চিকিৎসাধীন ১৫ জন রোগী পালিয়ে যাওয়ার ঘটনার পর হাসপাতালে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে জনমনে প্রশ্ন উঠতে শুরু করেছে।

রবিবার সকালে এ ব্যাপারে সাইক্রেটিক হাসপাতাল কর্তৃপক্ষের তরফে এয়ারপোর্ট থানায় সুনির্দিষ্ট মিসিং ডায়েরি করা হয়েছে। রবিবার এ বিষয়ে জানতে চাওয়া হলে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক মনিকা জানান জানালা ভেঙ্গে ১৫ জন চিকিৎসাধীন সাইক্রিয়াটিক রোগী পালিয়ে গেছে। এ ব্যাপারে এয়ারপোর্ট থানায় মিসিং ডায়েরি করার পর পুলিশ পালিয়ে যাওয়া সাইক্রিয়াটিক রোগীদের সন্ধানে তল্লাশি অভিযান অব্যাহত রেখেছে।এই ঘটনার সংবাদ ছড়িয়ে পড়তেই হাসপাতালে চিকিৎসাধীন মানসিক রোগীদের আত্মীয়- পরিজনদের মধ্যেও উদ্বেগ- উৎকণ্ঠা বৃদ্ধি পেয়েছে। উল্লেখ করা যেতে পারে নরসিংহস্থিত মানসিক হাসপাতালে রোগীদের দেখাশোনা করার জন্য পর্যাপ্ত সংখ্যক বেসরকারি নিরাপত্তাকর্মী এবং স্বাস্থ্য কর্মী রয়েছেন।তাদের চোখে ধুলো দিয়ে কিভাবে চিকিৎসাধীন রুগীরা হাসপাতালে ঘরের জানালা ভেঙে পালিয়ে যেতে সক্ষম হল সেই প্রশ্ন মাথাচাড়া দিয়ে উঠেছে।

উল্লেখ্য এর আগেও মানসিক হাসপাতাল থেকে রোগী পালিয়ে যাওয়ার একাধিক ঘটনা ঘটেছে। পরপর ☞ ৬ এর পাতায় দেখুন

কেন্দ্র ও রাজ্য সরকারের উপর চাপ

রোজগার দাও কর্মসূচি পালন যুব কংগ্রেসের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। ৯ আগস্ট যুব কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস। আর এরই অঙ্গ হিসেবে রাজ্যের যুবকদের কর্মসংস্থানের দাবিতে রবিবার রাজ্যে ৮ টি জেলাতে

এবং প্রত্যেকটি বিধানসভা কেন্দ্রে রোজগার দাও কর্মসূচি পালন করা হয়। একই ভাবে প্রদেশ কংগ্রেস ভবনের সম্মুখে প্রদেশ যুব কংগ্রেসের পক্ষ থেকে রোজগার দাও কর্মসূচি পালন করা হয়।

এদিন কর্মসূচিতে নেতৃত্ব দেন যুব কংগ্রেসের সম্পাদিকা কৃষ্ণা দাস। তিনি বলেন, দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নির্বাচনের পূর্বে দেশবাসীকে বলেছিলেন বছরে ২ কোটি চাকুরি দেওয়া হবে। প্রতিশ্রুতি পালনে মোদি সরকার পুরোপুরি ব্যর্থ। পাশাপাশি দেশে এবং রাজ্যে নারী ধর্ষণ সহ নারী সংক্রান্ত ঘটনা বেড়ে চলেছে। তাই তিনি ধিক্কার জানান সরকারকে।এদিকে প্রদেশ যুব কংগ্রেসের সভাপতি পুজন বিশ্বাস জানান, দেশে সরকারের ভুল সিদ্ধান্তের ☞ ৬ এর পাতায় দেখুন

বেসরকারীকরণের প্রতিবাদে বিক্ষোভ আন্দোলন বামপন্থীদের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। বামফ্রন্টের চারটি সংগঠনের যৌথ উদ্যোগে রবিবার রাজধানী আগরতলা শহরের অফিস লেনে ভানুলাল ভবনের সামনে প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়। প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচিতে বিশিষ্টদের মধ্যে উপস্থিত ছিলেন সিআইটি সভাপতি প্রাক্তন মন্ত্রী মানিক দে, সিপিআইএম পশ্চিম জেলা কমিটির সম্পাদক পবিত্র সহ অন্যান্য নেতৃবৃন্দ।

আন্দোলন কর্মসূচিতে শামিল হয় দলীয় নেতা মানিক দে বলেন পরিবারপিছু ১০কেজি করে চাল প্রদান এবং বেকারদের সাড়ে সাত হাজার টাকা করে আর্থিক অনুদান প্রদান এবং বেসরকারিকরণ বন্ধ করার দাবিতে গোটা দেশজুড়ে বামপন্থী সংগঠনগুলি আন্দোলনে শামিল হয়েছে। সর্বভারতীয় আন্দোলন কর্মসূচির অংশ হিসেবে এই রবিবার আগরতলায় চারটি বামপন্থী সংগঠনের উদ্যোগে এই প্রতিবাদ বিক্ষোভ আন্দোলন কর্মসূচি পালন ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৮ ▫ সংখ্যা ২৯৭ ▫ ১০ আগস্ট ২০২০ ইং ▫ ২৫ শ্রাবণ ▫ সোমবার ▫ ১৪২৭ বঙ্গাব্দ

বাংলাদেশে ষড়যন্ত্র

বাংলাদেশের হাসিনা সরকারকে হঠাইবার লক্ষ্যে গভীর ষড়যন্ত্রের আশঙ্কা দেখা দিয়াছে। ১৯৭১এ বাংলাদেশ রাষ্ট্রের জন্ম ঘোষণার পরও গণতন্ত্রের সুবাতাস দেখা যায় নাই। এর আগে ১৯৪৭ সালে দ্বিখন্ডিত ভারত স্বাধীনতা লাভ করে পাকিস্তান রাষ্ট্র জন্ম ঘোষণার মধ্য দিয়া। সেই সময়েও পাকিস্তানে (পূর্ব ও পশ্চিম) গণতন্ত্রের জয়যাত্রা সূচিত হয় নাই। মার্শাল আয়ুব খা পাকিস্তানের শাসনের মানদন্ড হাতে তুলিয়া নিয়াছিলেন। দীর্ঘ সময় সেনা শাসনে পাকিস্তান রাষ্ট্র পরিচালিত হইত। দুই মেরুর এক রাষ্ট্র শাসন যন্ত্র পরিচালনার ক্ষেত্রেও সমস্যা সবসময় বিরাজমান ছিল। মার্শাল আয়ুব খায়ের একনায়কতন্ত্র কায়েমের মধ্য দিয়া শস্য শ্যামলা উর্বর বাংলাদেশের (পূর্ব পাকিস্তানের) উপর পশ্চিম পাকিস্তানের শোষন নির্যাতনের ইতিহাস মানুষকে দিনে দিনেই বিচলিত ও ক্ষুব্ধ করিয়াছে। আয়ুব সাহির কঠোর শাসনে পাকিস্তানে উন্নয়ন হয় নাই এমন বলা যাইবে না। কিন্তু, শোষণ ও উন্নয়ন দুই দৃষ্টিভঙ্গীতে চলিতেছিল। পূর্ব পাকিস্তানের সম্পদ পশ্চিম পাকিস্তানকে সমৃদ্ধ করিত। বঞ্চনা শোষণ হইতে পূর্ব পাকিস্তানের মানুষ মুক্ত হইতে পারে নাই। ভাষার অধিকারও কাড়িয়া নেওয়া হইয়াছিল। বাংলার পরিবর্তে উর্দু চাপাইয়া দেওয়ার নগ্ন চেষ্টা বাংলাদেশের মানুষকে সংগ্রাম মুখর করিয়াছিল। সেই ভাষা আন্দোলন হইতেই বাংলাদেশে ক্ষোভ পুঞ্জিভূত হইতে থাকে এবং মুক্তি যুদ্ধের মাধ্যমে স্বাধীন বাংলাদেশ গঠনের লক্ষ্যে দুর্বার আন্দোলন শুরু হয়। ১৯৭১ সালে বিশ্ব মানচিত্রে বাংলাদেশ রাষ্ট্র স্থান করিয়া নেয়। কিন্তু, ইহাই দুর্ভাগ্যের যে, বাংলাদেশ স্বাধীন হইবার পর প্রাসাদ ষড়যন্ত্র তীব্রতর হয়। প্রধানমন্ত্রী মুজিবর রহমানকে তাঁহার ধানমন্ডির বাড়িতে নৃশংসভাবে খুন করা হয়। কন্যা হাসিনা বিদেশে থাকায় তিনি বাঁচিয়া গিয়াছিলেন। সেই ষড়যন্ত্রের ইতিহাস ভুলিয়া গেলে চলিবে না। মুজিবর রহমানের এই নৃশংস খুন বাংলাদেশে স্বাধীনতার বেদীমূলে আরেকটি দুঃখজনক অধ্যায়ের রচনা হইয়াছিল। যে ঘটনা বাংলাদেশের মানুষকে চোখে আঙুল দিয়া দেখাইয়া দিল স্বাধীনতা পাওয়া যত সোজা, স্বাধীনতা রক্ষা করা, গণতন্ত্রকে শক্তিশালী করা ততবেশী কঠিন। মুজিব হত্যার পর বাংলাদেশ নতুন করিয়া উঠিয়া দাঁড়াইতে পারিল না। আবার সেনা অভ্যুত্থানের মধ্য দিয়া গণতন্ত্র ও অর্জিত স্বাধীনতাকে বিসর্জনের চেষ্ট চলিল। আবার সেই গণতান্ত্রিক বাংলাদেশে কায়েম হইল সামরিক শাসন। বিএনপি নেত্রী খালেদা জিয়ার স্বামী জিওয়ার রহমান ও সেনাবাহিনীর পদাধিকারী এইচ এন এরশাদ পালা করিয়া বাংলাদেশের শাসন পরিচালনা করেন। এরশাদের আমলেই হাসিনার নেতৃত্বে আওয়ামি লীগ গণতান্ত্রিক পথে তীব্র আন্দোলন শুরু করেন। সারা বাংলাদেশ অবরুদ্ধ হয়। বাধ্য হইয়া এইচ এম এরশাদ বাংলাদেশে নির্বাচন করার ক্ষেত্রে উদ্যোগ নেন। সেই নির্বাচনে আওয়ামি লীগ সংখ্যাগরিষ্ঠতা পাইয়া ক্ষমতাসীন হয়। একথা সত্যি যে বাংলাদেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হইলেও সেনা বাহিনীর আধিপত্য হইতে মুক্ত আছে এমন বলা কঠিন।

আজকের বাংলাদেশে গণতান্ত্রিক ধ্যান ধারনা কতখানি প্রবল তাহা নিয়া বিতর্ক থাকিতে পারে। তবে,এই গণতান্ত্রিক সরকার তাহা দেশ বিদেশে স্বীকৃত। এই সরকারকে উৎখাত করিবার ষড়যন্ত্র থাকিবে না এমন বলা যায় না। পাকিস্তানের আইএসআই বাংলাদেশে সক্রিয় আছে। হাসিনা সরকার যেসব ষড়যন্ত্রকারী ছিল তাদের অনেককেই বিচারের মাধ্যমে ফাঁসি কাষ্টে ঝুলাইয়া দিয়াছেন। এই কঠোর মনোভাব হাসিনা সরকার নিতে পারিয়াছে বলিয়াই ষড়যন্ত্রকারীরা এখন কিছুটা কোণঠাসা হইলেও হইতে পারে। কিন্তু, ষড়যন্ত্র অন্যদিকে। ষড়যন্ত্রের আঙুল উঠিতেছে বিএনপি নেত্রী খালেদা জিয়ার দিকেও। বিডিআর বিদ্রোহের পর বাংলাদেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ক্ষমতাচ্যুত করিবার নতুন কোন ষড়যন্ত্র চলিতেছে কিনা প্রশ্ন উঠিয়াছে। সম্প্রতি কক্সবাজারে পুলিশের গুলিতে বাংলাদেশের সেনা বাহিনীর অবসরপ্রাপ্ত এক মেজরের মৃত্যুকে কেন্দ্র করিয়া রাজনৈতিক পারদ চড়িতেছে। দেশের একটি স্বার্থান্বেষী গোষ্ঠী আওয়ামি লীগের সরকার ফেলিয়া দেওয়ার চেষ্টা করিতেছে বলিয়া মন্তব্য করিয়াছেন আওয়ামি লীগের সাধারণ সম্পাদক ওবায়েদুল কাদের। শনিবার সাংবাদিক সম্মেলন করিয়া ওবায়েদুল কাদের বলেন, দেশে একটি অশুভ চক্র নানা গুজব, রটনা ও অপপ্রচারে লিপ্ত। সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর সিনহা রাশেদের মর্মান্তিক মৃত্যুকে কেন্দ্র করিয়া একটি স্বার্থান্বেষী চক্র পুলিশ ও সেনা বাহিনীর মধ্যে উস্কানি দেওয়ার চেষ্টা করিতেছে। বাংলাদেশ সারা বিশ্বে অনেক বেশী গ্রহণযোগ্যতা লাভ করিয়াছে। সেই দেশে চীন, আমেরিকা, পাকিস্তান, নিজেদের আধিপত্য বিস্তারের চেষ্টায় রহিয়াছে তাহাও বলা যায়। কিন্তু, বাংলাদেশের সাথে ভারতের আত্মিক সম্পর্ক মুছিয়া ফেলা যাইবে না। একথা ইতিহাস সত্যি যে ভারতের সক্রিয় অংশগ্রহণ ছাড়া বাংলাদেশের মুক্তিযুদ্ধ সফল হইতে পারিত না। ভারতের অক্লান্ত সাহায্যের কারণেই নতুন মুক্তিপ্রাপ্ত বাংলাদেশের জন্ম হইয়াছিল। সেই বাংলাদেশে ভারত বিরোধী জিগির তুলিয়া বিএনপি প্রতিনিয়ত উস্কানি ও ষড়যন্ত্র চালাইয়া যাইতেছে। ভারত সে সম্পর্কে সজাগ। বাংলাদেশের বর্তমান সরকারের সাথে ভারতের সম্পর্ক গভীর । তা নিশ্চিত করিতে হাসিনাকে আরও বেশী সাহসী ও প্রাজ্ঞতার পরিচয় দিতে হইবে।

ফের করোনা চিকিৎসা নিয়ে বেসরকারি হাসপাতালের উদ্দেশ্যে অ্যাডভাইজারি স্বাস্থ্য দফতরের

কলকাতা, ৯ আগস্ট (হি স): করোনা আতঙ্কে কোণঠাঁসা শহরবাসী। এরই মাঝে বিভিন্ন ধরনের অভিযোগ উঠছে বেসরকারি হাসপাতালগুলোর বিরুদ্ধে। আর এবার কেননা আক্রান্তদের ছুটি নিয়ে বেসরকারি হাসপাতাল গুলিকে অ্যাডভাইজারি স্বাস্থ্য দফতরের স্বাস্থ্য দফতর সূত্রে খবর খবর, চিকিৎসা শেষের আগেই করোনা রোগীদের ডিসচার্জ করে দেওয়া হচ্ছে। গুরুতর এই অভিযোগ উঠছে বেসরকারি হাসপাতাল ও নার্সিংহোমগুলির একাংশের বিরুদ্ধে। তাই এবার আরও করার স্বাস্থ্য দফতর। বেসরকারি হাসপাতাল গুলোর এই প্রবণতা বন্ধে অ্যাডভাইসরি জারি করল স্বাস্থ্য দফতর। স্বাস্থ্য দফতরের তরফে সাফ জানানো হয়েছে বিকল্প জায়গায় ভর্তি নিশ্চিত করে তবেই করোনা আক্রান্তদের ছুটি দিতে হবে। সেই সমস্ত বিষয় স্বাস্থ্য দফতরকে জানাতে হবে। যদি সেই নির্দেশ অমান্য হয় তবে কড়া ব্যবস্থা নেবে স্বাস্থ্য দফতর।

বিশ্ব আদিবাসী দিবসে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

কলকাতা, ৯ আগস্ট (হি.স.): বিশ্ব আদিবাসী দিবসে আদিবাসী, তফশিলি জাতি ও উপজাতি ভুক্ত সম্প্রদায়কে শুভেচ্ছা জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রবিবার সোশাল মিডিয়ায় এক বার্তায় তিনি তফশিলি জাতি ও উপজাতির ভাই বোনেদের উদ্দেশ্যে উন্নয়নের কর্মকাণ্ডকে তুলে ধরেন।এদিন তিনি বলেন, 'বাংলার সরকার, তফসিলী জাতি ও উপজাতিভুক্ত আমাদের ভাই ও বোনদের সহায়তার জন্য জয় জোহর প্রকল্প চালু করেছে। আমরা অল চিকি লিপি এবং সাঁওতালি ভাষাকে মাধ্যম হিসাবে স্বীকৃতিও দিয়েছি। আমরা সমাজের সমস্ত বিভাগের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ। জয় জোহর।'উল্লেখ্য, ১৯৯৪ সালে রাষ্ট্রসংঘের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিশ্বব্যাপী আন্তর্জাতিক আদিবাসী দিবস হিসেবে পালিত হয়ে আসছে এই দিনটি। বিশ্বের ৯০ টি দেশের ৩০ থেকে ৩৫ কোটি আদিবাসী উদযাপন করে থাকেন এই দিনটি। ভারতের স্বাধীনতা সংগ্রামে সিধু ,কানু ,চাঁদ, ভৈরবের সশস্ত্র বিপ্লব ইংরেজদের রাতের ঘুম কেড়ে ছিল এক সময়।১৭৯৩ সালে লর্ড কর্নওয়ালিসের প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্তের ফলে তাদের উপর অত্যাচারের মাত্রা বেড়ে গিয়েছিলো, তাই সিপাহী বিদ্রোহের আগে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সাঁওতাল বিদ্রোহ ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে চিরকাল।

ওয়েইসিজি শুনে নিন রামের নাম নিতে থাকবে ভারতবাসী

রবীন্দ্র কিশোর সিনহা

নয়াদিল্লি, ৯ আগস্ট (হি. স): অযোধ্যাতে রাম মন্দিরের ভিত্তিপ্রস্তর স্থাপনের পরে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে আসাদউদ্দিন ওয়েইসি এবং অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ডের মধ্যে। এরা তখন থেকেই বলে চলেছে যে ভারতে ধর্মনিরপেক্ষতা বিপদে রয়েছে। মনে হয় হিন্দু এবং মুসলমানদের উস্কে দেওয়ার বড় সুযোগ পেয়েছে ওয়েইসি। রাম মন্দিরের ভূমি পূজা এবং এর ভিত্তি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাধ্যমে স্থাপনের পরে নির্লজ্জভাবে সেই বিষয়ে আসাদউদ্দিন ওয়েইসি ও অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ড উল্টোপাল্টা কথা বলে চলেছে। এতে করে কিছুটা হলেও সমাজে বিভাজন তৈরি হবে। ওয়েইসি এবং অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ড দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় দিয়েছে।তারা চায় না যে ভারত বিকশিত হয়ে বিশ্বগুরুতে পরিণত হোক।

ভবিষ্যতে কী হবে সেই দাবি করতে পারে না কেউ। তবে এখন যদি বাবরির উপরে প্রশ্ন উত্থাপিত হয়, তবে এটি স্পষ্ট যে মুসলিম সমাজগুলি তাদের প্রতিশ্রুতি ফিরিয়ে নিচ্ছে যে তারা সুপ্রিম কোর্টের সিদ্ধান্তকে পুরোপুরি মেনে নেবে। রাম মন্দিরটি এখন নির্মিত হবে এবং এত দীর্ঘ লড়াইয়ের পরেও যদি ওয়েইসি হিন্দুদের সংকল্প বুঝতে না পারে, তবে তিনি আগুন নিয়ে খেলছেন, যা তাঁর বোঝা উচিত। দেশের সমস্ত মুসলিমদের দায়িত্ব মুসলিম পার্সোনাল ল বোর্ডকে কে দিয়েছে। মুসলিম পার্সোনাল ল বোর্ড জানিয়েছে যে রাম মন্দিরের সিদ্ধান্ত যথাসময়ে পরিবর্তন করার পরে, তারা এটি হাগিয়া সোফিয়া মসজিদের ক্ষেত্রে যেমন হয়েছিল তেমনভাবে পরিবর্তন করবে। এই হুমকির সুরটি অত্যন্ত বিপজ্জনক এবং এটি সুপ্রিম কোর্টকে প্রকাশ্য লঙ্ঘন করছে।তবে সেক্যুলারবাদীরা নীরবেই থেকে গিয়েছে।

এখনও এমন বহু মন্দির রয়েছে যেগুলোকে ভেঙে মসজিদে পরিণত করা হয়েছে যা আলাদা করে প্রমাণ করার কিছু নেই। যদি রাম মন্দিরকে সোফিয়ার মতো হতে হয় তবে সে একা কেন? একবার নজর মূল কাশি বিশ্বনাথ মন্দিরটির দিকে চেয়ে দেখা প্রয়োজন যেখানে জ্ঞানভাপি মসজিদ দাঁড়িয়ে রয়েছে। দিল্লির কুতুব মিনার দেখুন। সেখানে আপনি অনেকগুলি ইমারত পাবেন যার উপরে হিন্দুদের প্রতীক খোদাই করা আছে।নিঃসন্দেহে আসাদউদ্দিন ওয়েইসি এবং অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ডের বক্তব্য ৯ নভেম্বর ২০১৯ সালে দেওয়া সুপ্রিম কোর্টের রায়কে প্রকাশ্যে অপমান করেছে। এদের বিরুদ্ধে আদালত অবমাননার মামলা দায়ের করা উচিত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অযোধ্যা সফরে তারা বিশেষ দুঃখ পেয়েছে। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী ইফতার পার্টির আয়োজন করার সময়ও তারা কেন আপত্তি তোলেনি? এরা সকলেই নেহরুকে নিজেদের আদর্শ হিসাবে বিবেচনা করে থাকে। খুব ভালো। কারও বিরোধিতা নেই।তবে তারা কি জানেন যে নেহেরুও কুম্ভ স্নানের জন্য যেতেন? ওয়েইসি ক্রমাগত যে ধরণের আচরণ করে চলেছে, তা অত্যন্ত আপত্তিজনক। একজন সাংসদ থেকে এমন ধরণের আচরণ একেবারেই কাম্য নয়। নিজেকে সংশোধন করার কোনো ইচ্ছে নেই ওয়েইসির। কিছু সময় আগে, উত্তর প্রদেশের প্রধান শহর নয়ডায়, পুলিশ পার্কগুলিতে মুসলমানদের নামাজ পড়তে বাধা দেয়। সুপ্রিম কোর্ট ২০০৯ এর আদেশে স্পষ্টভাবে বলেছে যে জনসাধারণের জায়গায় ধর্মীয়-সামাজিক অনুষ্ঠানের জন্য পুলিশ ও প্রশাসনের অনুমতি নেওয়া প্রয়োজন। উত্তরপ্রদেশ পুলিশের পদক্ষেপের পরে এই হৈ চৈ শুরু হয়েছিল। যারা এটিকে সংখ্যালঘুদের ধর্মীয় বিশ্বাসকে একটি দাগ বলে দেগে তারা কান্নাকাটি শুরু করে।

এই বিরোধ উত্তপ্ত হয়ে উঠলে আসাদউদ্দিন ওয়েইসি সঙ্গে সঙ্গে আগুনে ঘি দিতে শুরু করেন।ওয়েইসি বলেছিলেন যে ইউপি পুলিশ কাগজকুরুনিদের ফুল দেয়।তবে, নামাজিদের নিষেধ করে। সুপ্রিম কোর্টের আদেশ অনুসরণ করা কি তার মতে ভুল? ওয়েইসি রাজনীতির স্তরটি খুব দুর্গন্ধ ছড়াচ্ছে।আপনি শুক্রবার রাস্তা, রেলস্টেশন, পার্ক, মার্কেট ইত্যাদিতে জুমার নামাজ দেখতে পান যেহেতু দেশের সংবিধানের মৌলিক চরিত্র ধর্মনিরপেক্ষ অর্থাৎ ভারতে প্রত্যেককেই তাদের ধর্মীয় রীতিনীতি উদযাপন করার অনুমতি

দেওয়া হয়।এটি সাংবিধানিক গ্যারান্টি। তবে এর অর্থ এই নয় যে রাতারাতি একটি পিপাল গাছের নীচে মন্দির তৈরি করা উচিত বা একটি চৌরাস্তাতে একটি কাজর তৈরি করা উচিত। যদি আমরা পার্কগুলিতে নামাজ বা অন্যান্য ধর্মীয় অনুষ্ঠান দেওয়া বন্ধ না করি, তবে আমাদের নৈতিক অধিকার নেই যে আমাদের বাচ্চাদের খেলার জন্য জায়গার অভাব বলে প্রশ্ন তোলা। নামাজ বা রামলীলা পার্কগুলিতে অনুমতি দেওয়া উচিত নয়।

আসলে সমাজে কিছু দুর্বুদ্ধি সম্পন্ন উপাদান অসহিষ্ণুতা নিয়ে প্রশ্নে তুলে কোলাহলময় অশান্তি তৈরি করেছে।তারা নাসিরউদ্দীন শাহের মতো বয়ানবাজি করা লোকেদের সমর্থন পান।এখন তাদের কে বোঝাতে হবে যে প্রাচীন ভারতীয় সভ্যতার আত্মার মধ্যেই সহনশীলতা রয়েছে। যদি এমনটা না হতো, তবে পাকিস্তান ও আফগানিস্তানে হিন্দু ও শিখদের যা অবস্থা হয়েছে ভারতের সংখ্যালঘুদেরও একই অবস্থা হতো। তবে, সংখ্যাগরিষ্ঠ হিন্দু সমাজ ভারতে সংখ্যালঘুদের রক্ষাকারী।বৌদ্ধ ধর্ম, জৈন ধর্ম, শিখ ধর্মের পাশাপাশি আরব থেকে আসা ইসলামও হিন্দু সংস্কৃতির ছায়ায় বিকাশ লাভ করেছিল। ভারত ধর্মনিরপেক্ষ কারণ হিন্দু ধর্ম নিজেই মূলত ধর্মনিরপেক্ষ। যারা ভারতকে অসহিষ্ণু বলে থাকেন তাদের উচিত ইতিহাসের পাতাগুলো খুলে দেখা।তা হলেই তাদের চোখ নিজের থেকে খুলে যাবে। তবে এই দেশটি সর্বদা বাইরে থেকে আসা অন্যান্য ধর্মাবলম্বীদের সর্বদা স্বাগত জানিয়ে এসেছে।

খ্রিস্টপূর্ব ৫৪২ খ্রিস্টাব্দে ভারতের মালাবার উপকূলরেখের ইহুদিরা এসে পৌঁছেছিল।এবং তখন থেকে তারা ভারতে শান্তিতে বসবাস করছে। ভারতে খ্রিস্টানদের আগমন ৫২ তম শতাব্দীতে শুরু হয়েছিল। তারাও প্রথমে কেরলে এসেছিলেন।তারপরে পারসীরা এসেছিল। উগ্র মুসলমানদের হাত থেকে নিজেদের জীবন বাঁচানোর পরে তারা ৭২০ খ্রিস্টাব্দে ইরান থেকে গুজরাটের সমুদ্র সৈকতে এসেছিলেন।ইসলামও কেরালা হয়ে ভারতে প্রবেশ করেছিল।

তবে ভারতের ইসলামপন্থীরা পরবর্তী সময়ে আশ্রয় প্রার্থনার অভিপ্রায় নিয়ে আসেনি।তাদের লক্ষ্য ছিল ভারতকে লুট করা এবং শাসন করা। তারা হানাদার এবং ডাকাত ছিল।

যারা ভারতীয় ইতিহাস জানেন তারা অবগত যে এখানকার সর্বশেষ বিদেশি আক্রমণকারীরা ছিলেন ব্রিটিশ।তারা ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে জয়লাভ করেছিলেন। তবে শ্বেতরা পূর্বের আক্রমণকারীদের চেয়ে বেশি স্মার্ট ছিল।তারা বুঝতে পেরেছিল যে ভারতে ধর্মান্তকরণ করে ব্রিটিশ শাসনের সম্প্রসারণ সম্ভব হবে না। ভারত থেকে কাঁচামাল নিয়ে তারা তাদের দেশে শিল্প বিপ্লবের ভিত্তি স্থাপন করতে সক্ষম হবে। সুতরাং, প্রোটেস্ট্যান্ট দেশ ব্রিটেন তার ১৯০ বছরের শাসনকালে খুব কমই ভারতে ধর্মান্তকরণ করেছিল।এজন্য ভারতে খুব কম প্রোটেস্ট্যান্ট খ্রিস্টান রয়েছেন।ভারতের বেশিরভাগ খ্রিস্টান ক্যাথলিক।তারা আইরিশ, পর্তুগিজ, স্পেনীয় খ্রিস্টান মিশনারি দ্বারা রূপান্তরিত হয়েছিল।গোয়া, পুদুচেরি এবং দেশের অন্যান্য অঞ্চলে তার লক্ষ্য অর্জন করেছিলেন।

একটা কথা সকলকে বুঝতে হবে যে রাম ভারতের প্রতিটি কণায় বাস করছেন। রাম ছাড়া ভারতের ধারণা করা অসম্ভব।গোটা ভারত রামকে তার আরাধ্য এবং পূজনীয় হিসেবে মনে করে। রাম মনোহর লোহিয়া বলতেন যে ভারতের তিনটি বৃহত্তম পৌরাণিক ও শ্রদ্ধেয় নাম- রাম, কৃষ্ণ এবং শিব।তাঁর(শ্রীরাম) কাজ সম্পর্কে সামান্য তথ্য সাধারণত প্রত্যেকের জন্য উপলব্ধ হবে, কমপক্ষে দুজন ভারতীয় এর মধ্যে একজন ভারতীয় তার কাজ সম্পর্কে জানেন। তার চিন্তাভাবনা এবং কাজগুলি, বা কী শব্দ তিনি বলেছেন, তা দশজনের মধ্যে একজন বিশদভাবে জানেন।কখনও ভাবুন যে এখানে লোকেরা একদিনে কতবার ভগবান রামের নাম নেয়? এই সংখ্যা কোটি কোটি কোটি কোটিতে পৌঁছে যাবে। ভরত রামের নাম নিতে থাকবে। হিন্দুস্থান সমাচার

(লেখক রাজ্যসভার প্রাক্তন সাংসদ)

স্বাধীনতার সাতকাহন : রাজনীতি

মানুষ ও প্রকৃতিকে ভালবাসার সঙ্গে আত্মত্যাগের মনোভাব রাজনীতিতে আসার প্রধান শর্ত হওয়া উচিত

শুভঙ্কর দাস

স্বাধীনতার পর সাত দশকেরও বেশি সময় ধরে ভারতের মতো গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় বহুদলীয় রাজনীতির ধারা বিভিন্ন উত্থান-পতনের মধ্য দিয়ে বয়ে চলেছে। কিন্তু বর্তমান পরিস্থিতিতে রাজনীতিতে কতটা আদর্শ রয়েছে, তা নিয়ে প্রশ্ন উঠেছে সব মহলে। পঞ্চায়েতে দুর্নীতি থেকে শুরু করে বিধায়ক কেনাবেচা এবং রিসোর্ট রাজনীতির সংস্কৃতি আজ ভারতীয় গণতন্ত্রকে কালিমালিপ্ত করে চলেছে। দেশপ্রেম, আদর্শ এবং মানবিক মূল্যবোধ রাজনীতিতে আজও একান্ত ভাবে প্রাসঙ্গিক। কিন্তু তার কার্যকারিতার অভাব বোধ করছে দেশবাসী। সংসদের উচ্চকক্ষ রাজ্যসভায় এবং নিম্নকক্ষ লোকসভায় সিংহভাগ জনপ্রতিনিধি কোটিপতি। দরিদ্র ক্লিষ্ট দেশের দুঃখ এই সকল জনপ্রতিনিধিরা কতটা হৃদয়ের অন্তস্থল অনুভব করে তা নিয়ে তৈরি হয়েছে বড় প্রশ্ন। ভাষণের যুক্তিবাদী মাধুর্যতা হারিয়ে গিয়েছে। প্রকাশ্য জনসভায় দাঁড়িয়ে বিরুদ্ধ রাজনৈতিক মতাদর্শের প্রতি অশালীন মন্তব্য করার রেওয়াজ তৈরি হয়েছে। এমনকি নাগরিক সমস্যা সমাধানের পথ না বাতলে শুধুমাত্র ক্ষমতা আরোহণের লক্ষ্যেই সীমাবদ্ধ থেকে যাচ্ছে ভারতের বর্তমান রাজনৈতিক চালচিত্র। তাই করোনার মতন সংকটকালে ফের প্রাসঙ্গিক হয়ে উঠেছে রাজনীতির থেকে এই নেতিবাচক দিকগুলিকে নির্মূল করে দেওয়া।

এই প্রসঙ্গে পশ্চিমবঙ্গের প্রাক্তন সুন্দরবন বিষয়ক মন্ত্রী তথা বর্ষীয়ান সিপিআইএম নেতা কান্তি গঙ্গোপাধ্যায় জানিয়েছেন, স্বাধীনতার আগে দেশপ্রেম এবং রাজনীতি। দেশপ্রেমিক এবং রাজনীতিবিদ সমার্থক শব্দ ছিল। তার পরবর্তীকালেও অর্থাৎ স্বাধীনতা দশ বছর পরেও সেই ধারা অক্ষুণ ছিল।

যে দলেরই হোক না কেন রাজনৈতিক ব্যক্তিত্বদের মানুষ সম্মান, সমীহ, আদর্শ ব্যক্তিত্ব সর্বোপরি ভালো মানুষ হিসেবে বিবেচিত করত। রাজনীতিবিদদের জীবন যাপন অনুকরণীয় ছিল। ভোট মানে তখন গণতন্ত্রের উৎসব।

মতাদর্শ ভিন্ন থাকলেও বিরোধীরা জহরলাল নেহেরুকে এক উদারবাদী ব্যক্তিত্ব হিসেবে বিবেচিত করত। কিন্তু তারপর থেকে ব্যবসায়ীরা দেশের রাজনীতির ওপর প্রভাব বিস্তারের কাজ চালিয়ে যেতে লাগলো। তারা রাজনীতির পৃষ্ঠপোষক হিসেবে পরিণত হল। এই সকল ব্যবসায়ীদের কাছে নির্বাচন এবং মানুষ দুটোই পণ্যে পরিণত হল। সেই ধারা এখন ভয়াবহ আকার ধারণ করেছে।

পশ্চিমবঙ্গ তথা গোটা ভারতে ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থায় যে অবক্ষয় দেখা দিয়েছে সেই দিকে আলোকপাত করে কান্তি বাবু জানিয়েছেন, প্রথম পর্বে যে পঞ্চায়েত ব্যবস্থা দেশবাসীর জন্য আশীর্বাদ ছিল পরবর্তী সময় তা অভিশাপে পরিণত হয়েছে। পঞ্চায়েতে ব্যক্তিগত স্বার্থ ঢুকে গিয়েছে। এখন বিভিন্ন রাজনৈতিক দল একটি বুথ স্তরে জেতার জন্য ৫০ হাজার থেকে শুরু করে পাঁচ লক্ষ, দশ লক্ষ টাকা পর্যন্ত খরচ করতে পিছপা হয় না। সমাজ নীতিভ্রষ্ট হয়ে উঠেছে। দুর্বৃত্তায়ন ঘিরে ধরেছে রাজনীতিকে। মদ, মাংস, টাকা এইভাবে প্রত্যন্ত গ্রামাঞ্চলে ভোট কেনাবেচা হচ্ছে। গ্রামাঞ্চলে যারা ফিউডাল লর্ড তারাই এখন ছড়ি ঘোরাচ্ছে। রাজনীতিতে আসার প্রথম শর্ত হওয়া উচিত মানুষ, দেশ, প্রকৃতিকে ভালোবেসে এগিয়ে চলা। কিন্তু তেমনটা এখন দেখা যাচ্ছে। এমনকি ৩৪ বছর বামফ্রন্ট জমানাতেও শেষের দিকে অবক্ষয় দলের নিচুতলায় শুরু হয়ে গিয়েছিল।

দলের তরফ থেকে সতর্ক করে দিলেও গ্রামাঞ্চলে কয়েকজন নিজেদের স্বার্থ চরিতার্থ করতে দলে নাম লিখিয়েছিল। এদের রোধ করা উচিত ছিল। বর্তমান সময়ে ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ মনোভাব কাজ করছে মানুষের মধ্যে। বিশ্বায়নের নেতিবাচক প্রভাব এসে পড়েছে রাজনীতিতে। বিশ্বায়ন একদিকে উদারবাদের কথা বলছে অন্যদিকে এর নেতিবাচক প্রভাব দূষিত করে চলেছে তরুণ প্রজন্মকে। এখন বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের মূলমন্ত্র হচ্ছে "এমএলএ হও, মন্ত্রী হও, পাঁচ বছর গুছিয়ে নাও।" কিন্তু এর মধ্যে দাঁড়িয়ে বামপন্থীরা যে নিজেদের আদর্শ থেকে বিচ্যুত হয়নি সেই দিকে ইঙ্গিত করেছেন কান্তি বাবু। এই বিষাক্ত পরিবেশ থেকে সমাজকে ঐতিহাসিক পরিবর্তনের দিকে নিয়ে যেতে পারে বামপন্থীরা বলে মনে করেন তিনি।

ফরওয়ার্ড ব্লক নেতা নরেন চট্টোপাধ্যায় জানিয়েছেন, ব্রিটিশরা ১৯০ বছর ভারত শাসনের সময় জমিদার, জোতদার ব্যবহার করে সাধারণ মানুষের ওপর নির্যাতন চালাত।

এই সকল জমিদার এবং জোতদারদের তারা খেতাবও দিত। ঠিক তেমনি ভাবে এখন রাজনীতি কর্পোরেট নির্ভর হওয়ার ফলে আদর্শের বিচ্যুতি ঘটেছে। নীতিহীনতা তৈরি হয়েছে। সমাজের সাংস্কৃতিক মূল্যবোধ ভেঙে পড়েছে। আগে একটা কথা খুব প্রচলন ছিল যে জীবনের শেষ দিন পর্যন্ত স্বধর্ম বজায় রেখে যাবো। এখানে ধর্ম হচ্ছে নীতি-আদর্শ। সেই ধারণাটা এখন আর নেই। এখন শেষ বয়সে এসে রাজনীতিবিদরা দল পরিবর্তন করছে। যেখানে গেলে নিজের এবং দলের সুবিধা সেখানেই তারা যেতে বেশি আগ্রহী। সেই কারণেই রাজনীতি আজ আদর্শচ্যুত হয়ে পড়েছে।

এসইউসিআই নেতা অমিতাভ চট্টোপাধ্যায় জানিয়েছেন, স্বাধীনতার পর সমগ্র দেশের মধ্যে একটা উদ্দীপনা তৈরি হয়েছিল। দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দীপনা। বিভিন্ন দিক থেকে দেশকে উন্নত করার প্রেরণা। তখনো গোটা বিশ্বজুড়ে সমাজতন্ত্রের আদর্শ কায়েম ছিল। কিন্তু ভারতে দেশীয় পুঁজিপতিরা নিজেদের কায়েমী স্বার্থে রাজনীতিতে প্রভাব বিস্তার করতে লাগলো। রাজনীতিবিদরা এই সকল দেশীয় পুঁজিপতিদের পায়ে গিয়ে পড়তে লাগলো। দেশের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু মুখে সমাজতন্ত্রের কথা বললেও কার্যক্ষেত্রে পুঁজিবাদের হাত ধরেই চলছে। আর সিপিআইএম মার্কা বামপন্থীরা একে সমর্থন করে গিয়েছে। স্বাধীনতার পর যেটা হলো দেশের স্বার্থ আস্তে আস্তে পিছিয়ে যেতে লাগলো গুরুত্ব পেতে লাগল গদি। ক্ষমতার মধুভান্ডের চক্রে পড়ে গিয়ে আস্তে আস্তে রাজনীতি তার আদর্শ, ন্যায়, নীতি হারাতে শুরু করলো।

রবীন্দ্রনাথ ঠাকুর, রাজা রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, মহাত্মা ফুলে, ভীম রাও আম্বেদকারের আদর্শ সঠিকভাবে ব্যবহারে কার্যকর করা হলো না। এখন আদানি, আম্বানি, গোয়েনকা নীতি রাজনৈতিক নীতিতে পর্যবসিত হয়েছে। ফলে দেশ গোল্লায় যাক গদি থেকে যাক এই ধারণাই অনেক রাজনীতিবিদদের মধ্যে তৈরি হয়েছে। কিন্তু এসইউসিআই এদের মধ্যে নেই।

উল্লেখ করা যেতে পারে একটা সময় ছয়, সাত এবং আটের দশকেও ছাত্র রাজনীতির মাধ্যমে সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ করত তরুণ প্রজন্ম। কিন্তু এখন সেই সংখ্যাটা কমতির দিকে। ফলে রাজনৈতিক সচেতনতা, সংবিধানের প্রতি আস্থা ও ভাবনা অভাব তৈরি হয়েছে। আর সেই অভাব তৈরি হওয়ার কারণেই রাজনীতিতে মানবিক মূল্যবোধ হারিয়ে গিয়েছে।

গণতন্ত্রের মোড়কে বিকোচ্ছে চারিত্রিক স্বৈরাচারী মনোভাব। মানব কল্যাণ, মানু

রবিবার আগরতলায় লায়ন্স ক্লাবের উদ্যোগে একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়। ছবি- নিজস্ব।

রাজনৈতিক পরিচয় কোনও অপরাধীর আত্মরার ঢাল হতে পারে না : ওবায়দুল কাদের

মনির হোসেন,ঢাকা,আগষ্ট ০৯।।বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রাজনৈতিক পরিচয় কোনও অপরাধীর আত্মরার ঢাল হতে পারে না। আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা তা প্রমাণ করেছেন।

আজ রোববার গোপালগঞ্জ সড়ক জোন, বিআরটিএ ও বিআরটিসির কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা শেষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সংসদ ভবনের সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মতবিনিময় সভায় যুক্ত হন তিনি।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, 'এই সরকার জনগণের মনের ভাষা বোঝে বলেই যেকোনও বিষয়ে দ্রুততম সময়ে ব্যবস্থা গ্রহণ করে। যেকোনও অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে শেখ হাসিনা সরকারের অবস্থান অত্যন্ত কঠোর এবং তা এরই মধ্যে প্রমাণিত হয়েছে।'

বর্তমান সরকার প্রতিটি হত্যাকা-ের বিচারে সোচ্চার থেকেছে উল্লেখ করে তিনি বলেন, 'অপরাধীকে দলীয় পরিচয়ে বাঁচানোর চেষ্টা করেনি, অপরাধী যে দলেরই হোক বিচারের আওতায় আনা হয়েছে।' ক্যাসিনো বিরোধী অভিযানসহ সাম্প্রতিক স্বাস্থ্যখাত ও অন্যান্য খাতে অনিয়মের বিরুদ্ধে চলমান অভিযান সরকার স্বতপ্রণোদিত হয়ে পরিচালনা করছে। এ অভিযান অব্যাহত থাকবে উল্লেখ করে ওবায়দুল কাদের বলেন, 'আজ যারা অনিয়ম নিয়ে কথা বলছেন তাদের সময়কালে বাংলাদেশ দুর্নীতিতে বিশ্বচ্যাম্পিয়ান হয়েছিল। দুর্নীতিকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার পাশাপাশি দলীয় গঠনতন্ত্র থেকে দুর্নীতি বিষয়ক ধারা বাতিল করে বিএনপি আত্মস্বীকৃত দুর্নীতিবাজ দল হিসেবে নিজেদের স্বীকৃতি দিয়েছে।' তিনি বলেন, শেখ হাসিনা সরকার কোনো অপরাধীকে দলীয় পরিচয়ে বাঁচানোর চেষ্টা করেনি। বিশ্বজিৎ হত্যাকা-ে অভিযুক্তরা দলীয় পরিচয়েও ছাড় পায়নি। বুয়েট-এর আবরার, বরগুনার রিফাত শরীফ, ফেনীর নুরসরাতসহ অন্যান্য ঘটনায়ও অভিযুক্তদের আইনের আওতায় আনা হয়েছে। বিএনপি তাদের সময়কালে এমন কোনো নজীর সৃষ্টি করতে পেরেছে কিনা তা জানতে চান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক।

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশের রাজনীতিতে উদারতার মুর্ত প্রতীক হিসেবে উল্লেখ করে কাদের বলেন, ২১শে আগস্ট গ্রেনেড হামলার প্রধান টার্গেট ছিল শেখ হাসিনা। ১৫ আগস্ট পিতামাতাসহ পরিবারের সদস্যদের নির্মম হত্যাকা-ের ত বুকে চেপে তিনি গিয়েছিলেন খালেদা জিয়ার বাসায় সন্তান হারা মাকে সান্তনা দিতে। সেখানে তাঁর সাথে কি আচরণ করেছিল তারা, তা বিএনপি ভুলে গেলেও আওয়ামী লীগ ভুলেনি। বিএনপি দলীয় গঠনতন্ত্র থেকে ৭ ধারা বাতিল করে দুর্নীতিবাজদের দলীয় নেতৃত্বে গণতান্ত্রিক স্বীকৃতি দিয়েছে বলেও মন্তব্য করেন ওবায়দুল কাদের।

এর আগে মতবিনিময় সভায় মন্ত্রী বলেন, মন্ত্রণালয়ের অধীনস্থ কর্মকর্তাদের পদোন্নতি ও পদায়নেরে ত্রে জ্যেষ্ঠতার পাশাপাশি কর্মদতা মূল্যায়ণ করা হবে। সরকারি অর্থ ব্যবহারে সর্বোচ্চ সতর্কতা পালনের পাশাপাশি অপচয় রোধ করার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, সড়ক নির্মাণে গুণগতমান অুণ রাখতে হবে। কাজের মান ধরে রাখতে এবং সময়মত শেষ করতে কর্মকর্তাদের নিবিড় তদারকি বাড়ানোর উপর এসময় তিনি জোর দেন।

মন্ত্রী ঈদের পর ফেরত যাত্রায় সংগঠিত সড়ক দুর্ঘটনা ও প্রাণহানির ঘটনা তদন্তে একটি তদন্ত কমিটি গঠনের নির্দেশ দেন। আগামী সাত কর্মদিবসের মধ্যে কমিটিকে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

এ সময় সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী কাজী শাহরিয়ার হোসেন, সড়ক পরিবহন মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব চন্দন কুমার দে, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মনির হোসেন পাঠান, গোপালগঞ্জ সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. জাকির হোসেনসহ বিভিন্ন সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী, বিআরটিসি ও বিআরটিএ'র কর্মকর্তাগণ সংযুক্ত ছিলেন।

বিজেপি, সিপিএম থেকে তৃণমূলে যোগ দিলেন চারশো

ক্যানিং, ৯ আগস্ট (হি.স.): বিজেপি, সিপিএম সহ অন্যান্য দল থেকে তৃণমূলে যোগ দিলেন প্রায় ৪০০ কর্মী সমর্থক। রবিবার সকালে ক্যানিং বাসস্ট্যান্ডে মঞ্চ বেঁধে এই যোগদান কর্মসূচী পালন করে তৃণমূল। দক্ষিন ২৪ পরগণা জেলা তৃণমূলের কনভেনর তথা ক্যানিং ১ ব্লকের যুব তৃণমূলের সভাপতি পরেশরাম দাসের উদ্যোগে বিরোধী দল থেকে এই শ'চারেক কর্মী তৃণমূল দলে যোগ দেন।

রবিবার বেলা দশটা নাগাদ তৃণমূল দলে এই যোগদান কর্মসূচী শুরু হয়। ক্যানিং পশ্চিম বিধানসভার বাঁশড়া, নিকারিঘাটা, গোপালপুর, ইটখোলা সহ আশপাশের গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে কর্মী সমর্থকরা এদিন তৃণমূলে যোগ দেন। যদিও বিজেপি ছেড়ে তৃণমূলে কোন কর্মী যোগ দেননি বলে দাবি করেছেন বিজেপির জেলা নেতৃত্ব। পাল্টা করোনা সংক্রমণকে উপেক্ষা করে শারীরিক দূরত্বের বিধি নিষেধ না মেনে কিভাবে এতো মানুষের জমায়েত তৃণমূল নেতারা করলেন সেই প্রশ্ন তুলেছেন তারা।

বিজেপি নেতা সঞ্জয় নায়েক বলেন, "এদিন বিজেপি থেকে কেউ তৃণমূলে যোগ দেননি ক্যানিংয়ে। মানুষকে ভুল বোঝাতে মিথ্যা কথা বলা হচ্ছে। আর লকডাউন, শারীরিক দূরত্বের বিধিনিষেধ সবই বিরোধীদের জন্য। এদিন কিভাবে এতো মানুষের জমায়েত তৃণমূল কংগ্রেসের নেতারা ক্যানিং বাসস্ট্যান্ডে করলেন? পুলিশ প্রশাসন এ বিষয়ে কি ভূমিকা নিল?"

যদিও বিজেপির তোলা অভিযোগ অস্বীকার করে পরেশরাম বলেন, "এদিন বিজেপি দল থেকেই সব থেকে বেশি কর্মী তৃণমূলে যোগ দিয়েছেন। তাছাড়া তৃণমূল কর্মীরা এই অনুষ্ঠানে উচ্ছ্বসিত হয়ে যোগ দিয়েছেন। শারীরিক দূরত্ব বজায় রেখে, সকলে মাস্ক পড়ে এই অনুষ্ঠানে যোগ দিয়েছেন সকলে। একসাথে এতো মানুষের সমাগমের ফলে একটু আধটু সমস্যা হয়ে থাকতে পারে।"

তবে বিধানসভা নির্বাচনের আগে বিরোধী দলগুলি ছেড়ে তৃণমূলে এই যোগদান জোড়া ফুলকে আরও শক্তিশালী করবে বলেই মনে করছেন রাজনৈতিক মহল।

হাটশিঙিমারিতে মহিলা ডাক্তারের মৃতদেহ উদ্ধার, এফআইআর চিকিৎসক স্বামীর বিরুদ্ধে

হাটশিঙিমারি (অসম), ৯ আগস্ট (হি.স.) : নিম্ন অসমের দক্ষিণ শালমারা-মানকাচর জেলা সদর হাটশিঙিমারিতে রবিবার সকালে জনৈক হোমিওপ্যাথি মহিলা ডাক্তারের মৃতদেহ ঝুলন্ত অবস্থায় উদ্ধার হয়েছে। মানকাচর থানা এলাকার কালাপানি কাজিপুর গ্রামের আব্দুল মোন্নাফ শেখের মেয়ে মৃতা শেখ মহসিনা বেগম (২৬)।

মৃতা ডা. মহসিনার বাপের বাড়ির লোকজন তাঁর স্বামী ডা. ইসমাইল হুসেন মোল্লার বিরুদ্ধে খারুয়াবান্ধা থানায় এ ঘটনার জন্য একটি এফআইআর দায়ের করেছেন। তবে ঘটনাটি হত্যা, না আত্মহত্যা তা জানতে পুলিশ ঘটনার তদন্তে নেমেছে। পুলিশ মৃতদেহটির ময়না তদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

এদিকে মৃতার বাবা আব্দুল মান্নান শেখের অভিযোগ, জামাতা তাঁর মেয়েকে খুন করে ঝুলিয়ে দরজা বন্ধ করে জানালা দিয়ে পালিয়ে গেছে। বছর খানেক আগে দক্ষিণ শালমারা থানা এলাকার খারুয়াবান্ধা পুলিশ থানার অধীনে আবদুল মোল্লার ছেলে ইসমাইল হুসেন এবং মহসিনা একই সঙ্গে রাজস্থান থেকে

ছয়ের পাতায়

নগাঁওয়ের সামাগুড়ি-আমনিতে করোনার সংক্রমণ বাড়ছে, রেপিড টেস্টের দাবি স্থানীয়দের

নগাঁও (অসম), ৯ আগস্ট (হি.স.) : অসমের নগাঁও জেলার অন্যতম ব্যবসা কেন্দ্র আমনিতে অতিমারি করোনা ভাইরাসের সংক্রমণ ক্রমশ বাড়ছে। সংক্রমণ ঠেকাতে এলাকার লোকজন র্যা পিড অ্যান্টিজেন টেস্টের দাবি তুলেছিলেন। গত কয়েকদিনে আমনির ব্যবসা প্রতিষ্ঠানের মালিক কর্মচারিদের র্যাডি অ্যান্টিজেন টেস্ট করায় ৪৫ জনের শরীরে করোনা পজিটিভ ধরা পড়েছে। গতকাল অর্থাৎ শনিবার ২৩২ জনের র্যারপিড অ্যান্টিজেন টেস্ট করা হলে ৩১ জনের শরীরে কোভিড পজিটিভ ধরা পড়েছে। এমনকি আমনির বাণিজ্যিক সংস্থার কর্মীদের শরীরেও কোভিড পজিটিভ ধরা পড়েছে। ফলে এলাকার মানুষের মনে করোনা আতঙ্কের সৃষ্টি হয়েছে।

এরই পরিপ্রেক্ষিতে গত ৫ আগস্ট থেকে আমনি বাণিজ্যিক সংস্থা গোটা আমনি এলাকায় লকডাউনের সিদ্ধান্ত নিয়েছে। লকডাউন চলাকালীন একাংশ ব্যবসায়ী তাঁদের ব্যবসা চালিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে। উজান এবং নিম্ন অসমের অন্যতম ব্যবসা কেন্দ্র হচ্ছে আমনির অনুরাগ ধাবা। সেই ধাবার ৩ কর্মচারীর শরীরে করোনা পজিটিভ ধরা পড়েছে। এলাকার অন্যান্য ধাবাগুলিতেও দূরপাল্লার যাত্রীরা এসে আহার গ্রহণ করার সময় প্রতিনিয়ত যথেষ্ট মানুষের ভিড় জমায়েত হচ্ছে। সেখান থেকেও কোভিড সংক্রমণের আশংকা করা হচ্ছে। এদিকে আমনির একাংশ ব্যবসায়ী র্যাকপিড অ্যান্টিজেন টেস্ট করতে রাজি হননি বলেও অভিযোগ উঠেছে। আমনির পাশাপাশি সামাগুড়ি মহকুমার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন জায়গায় র্যা পিড অ্যান্টিজেন টেস্ট করার পর আরও ১২ জনের শরীরে করোনার উপস্থিতি ধরা পড়েছে।

সামাগুড়ি রাজস্ব চক্রের কার্যালয়, বিএসএফ শিবিরের জওয়ান সমেত বিভিন্ন জায়গায় বেশ কয়েকজনের শরীরে কোভিড পজিটিভ ধরা পড়েছে। তারপরই গত ৮ আগস্ট থেকে সামাগুড়িতেও লকডাউনের ঘোষণা করা হয়। কিন্তু সেখানেও একাংশ ব্যবসায়ী দোকানপাট খুলে রাখার অভিযোগ উঠেছে। সামাগুড়িতে খুব শীঘ্রই প্রশাসন এবং স্বাস্থ্য বিভাগের তরফ থেকে লকডাউনের পরিবর্তে ব্যবসায়ীদের র্যা পিড অ্যান্টিজেন টেস্ট করার দাবি তুলেছেন সচেতন ব্যক্তিরা।

করোনার জের, পাথারকান্দির স্বাস্থ্যকর্মীকে বাড়ি ছাড়া করলেন মালিক, প্রতিক্রিয়া

পাথারকান্দি (অসম), ৯ আগস্ট (হি.স.) : করোনা ভাইরাসে সংক্রমিত হবেন। এই আশঙ্কায় তাঁকে বাড়ি ছাড়া করিয়ে ছাড়লেন ঘরের মালিক। এ মুহূর্তে তাঁকে পূর্তবিভাগের ইনস্পেকশন বাংলোয় গিয়ে আশ্রয় নিতে হয়েছে। ঘটনা করিমগঞ্জ জেলার পাথারকান্দিতে সংঘটিত হয়েছে। তিনি স্বাস্থ্যকর্মী, পাথারকান্দি হাসপাতালের ল্যাব ট্যাকনেশিয়ান অসীম ধর।

গত প্রায় তিন মাস থেকে গুয়াহাটি থেকে বিশেষ ট্রেনিংপ্রাপ্ত ল্যাব ট্যাকনেশিয়ান অসীম ধর করিমগঞ্জ জেলার বিভিন্ন এলাকায় প্রায় প্রতিদিনই করোনার রেপিড অ্যান্টিজেন টেস্টের পাশাপাশি সোয়াব সংগ্রহ করছেন। এজন্য তাঁর ভাড়াটে বাড়ির মালিক তাঁকে কিছুদিনের জন্য অন্যত্র চলে যাওয়ার কথা বলেন। তবে এর বেশ আগেই অসীমবাবু সুরক্ষার কথা ভেবে তাঁর পরিবারের সদস্যদের শ্বশুর বাড়ি পাঠিয়ে দেন। চাকরি সূত্রে করোনা পরিস্থিতিতে তাঁকে

ছয়ের পাতায়

বঙ্গবন্ধু হত্যাকান্ডের ষড়যন্ত্রকারীদেরও মুখোশ উন্মোচন প্রয়োজন : তথ্যমন্ত্রী হাছান মাহমুদ

মনির হোসেন,ঢাকা,আগষ্ট ০৯।।বাংলাদেশের তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড় হাছান মাহমুদ বলেছেন, কমিশন গঠনের মাধ্যমে বঙ্গবন্ধুর হত্যাকান্ডের ষড়যন্ত্রকারীদেরও মুখোশ উন্মোচিত হওয়া প্রয়োজন। আজ থেকে শতশত বছর পরের বাঙালি প্রজন্মের ইতিহাস জানার স্বার্থে, সত্য জানার স্বার্থে এখনই প্রয়োজন একটি কমিশন গঠন করে এই হত্যাকান্ডের পটভূমি যারা রচনা করেছিল, ষড়যন্ত্রের সাথে যুক্ত ছিল, তাদের মুখোশ উন্মোচন করা, তাহলেই ইতিহাস সঠিকভাবে রচিত হবে, অন্যথায় ইতিহাসের এই সত্যগুলো ভবিষ্যৎ প্রজন্ম জানবে না, বলেন ড় হাছান।

হাছান মাহমুদ রবিবার দুপুরে সচিবালয়ে কিনিক ভবন প্রাঙ্গণে জাতীয় শোক দিবস-২০২০ উপলে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর ভিত্তি করে তথ্য অধিদফতর আয়োজিত 'আলোকচিত্র, ডিজিটাল ডিসপ্লে এবং সংবাদপত্রে বঙ্গবন্ধু' শীর্ষক সপ্তাহব্যাপী প্রদর্শনী উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

প্রধান তথ্য অফিসার সুরথ কুমার সরকারের সভাপতিত্বে তথ্য প্রতিমন্ত্রী ডা: মুরাদ হাসান, তথ্যসচিব কামরুন নাহার এবং বিশিষ্ট সাংবাদিক ইকবাল সোবহান চৌধুরী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

তথ্যমন্ত্রী বলেন, মুজিব শতবর্ষে আমাদের প্রত্যয় হচ্ছে, বঙ্গবন্ধুর যে সমস্ত পলাতক খুনী এখন পৃথিবীর বিভিন্ন জায়গায় পালিয়ে আছে, তাদেরকে বাংলাদেশে ফেরত এনে বিচারের রায় কার্যকর করা। একইসাথে আমি মনেকরি, যারা সম্মুখে থেকে বঙ্গবন্ধুর হত্যাকান্ড সংগঠিত করেছিল, শুধুমাত্র তারাই অপরাধী তা নয়। সত্য এবং ন্যায়ের স্বার্থে ষড়যন্ত্রকারীদেরও মুখোশ উন্মোচিত হওয়া প্রয়োজন। জিয়াউর রহমানসহ যারা বঙ্গবন্ধুর হত্যাকান্ডের সাথে যুক্ত ছিল, ষড়যন্ত্রকারী ছিল, তাদের মুখোশ জনগণের সামনে উন্মোচিত হওয়া প্রয়োজন, বলেন তিনি। মন্ত্রী বলেন,আমি ব্যক্তিগতভাবে মনে করি যে, মুজিব শতবর্ষে এই কাজটি করা আমাদের অত্যন্ত প্রয়োজন। কারণ, ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করতে হলে অন্যায়ের প্রতিকার করতে হবে। সেজন্যই বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে বঙ্গবন্ধুর খুনীদের বিচার হয়েছে, বিচারের রায় কার্যকর হয়েছে।

বঙ্গবন্ধু যখন একটি যুদ্ধবিধ্বস্ত দেশকে পুনর্গঠন করে সমৃদ্ধির পথে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছিলেন, তখন বঙ্গবন্ধুকে হত্যা করা হয়, উল্লেখ করে তথ্যমন্ত্রী ড় হাছান মাহমুদ বলেন, বঙ্গবন্ধুকে যে বছর হত্যা করা হয়, সে বছর বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ছিল ৭.৪ শতাংশ, যেটি আমরা ৪ দশকেরও বেশি সময় পরে ২০১৬-১৭ অর্থবছরে বঙ্গবন্ধুকন্যার নেতৃত্বে অতিক্রম করতে সম হয়েছি। তিনি বলেন, সে বছর বাংলাদেশে ১০ হাজার মেট্রিক টন অতিরিক্ত খাদ্যশস্য উৎপাদন হয়েছিল। আজ বঙ্গবন্ধুকন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণের পথে অদম্য গতিতে এগিয়ে চলেছে। খাদ্য ঘাটতির বাংলাদেশ এখন খাদ্যে উদ্বৃত্তের দেশ। স্বল্পোন্নত দেশের তালিকাভুক্ত বাংলাদেশ এখন মধ্যম আয়ের দেশ। বাংলাদেশে সাড়ে ১১ বছর আগে মাথাপিছু আয় ছিল ৬ শ' ডলার, সেটি এখন ২ হাজার ডলারের বেশি। তথ্য প্রতিমন্ত্রী ডা: মুরাদ হাসান তার বক্তৃতায় বঙ্গবন্ধুর পলাতক খুনীদের দেশে ফিরিয়ে এনে বিচারের রায় কার্যকর করার দাবি জানিয়ে বলেন, বঙ্গবন্ধু পরিবারের সবাইকে যারা এক সাথে হত্যা করার মূল পরিকল্পনাকারী এবং নীল নকশা প্রণয়নকারী সেই খুনী মোস্তাক ও জিয়াউর রহমানের মুখোশ উন্মোচিত করতে হবে।

ইকবাল সোবহান চৌধুরী বলেন, জাতির জনকের কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে মুক্তিযুদ্ধের চেতনা প্রতিষ্ঠিত হয়েছে। প্রধানমন্ত্রী ুধা দারিদ্রমুক্ত অসাম্প্রদায়িক স্বনির্ভর উন্নত বাংলাদেশ গড়তে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

তথ্যসচিব কামরুন নাহার জাতির পিতার ৪৫তম শাহাদৎবার্ষিকীতে সকলকে নিবেদিত প্রাণ হয়ে দেশের জন্য কাজে ব্রতী হতে আহ্বান জানান। তিনি বঙ্গবন্ধুকে স্বাধীনতা, শক্তি ও সাহসের প্রতীক উল্লেখ করে বলেন, বঙ্গবন্ধু রক্তয়ী সংগ্রামের মধ্য দিয়ে বাংলার স্বাধীনতা এনে দিয়েছিলেন।

এটি একদিকে যেমন কঠিন কাজ অন্যদিকে একটি বিরল ঘটনা। এটি বিশ্বের বিস্ময়। তিনি বলেন, বঙ্গবন্ধুর কর্ম ও ত্যাগের নজির থেকে আমরা শক্তি ও সাহস পাই। তথ্যমন্ত্রী হাছান মাহমুদ ধারাবাহিকভাবে এ হৃদয়গ্রাহী আয়োজনের জন্য তথ্য অধিদফতরকে ধন্যবাদ জানান এবং অতিথিদের সঙ্গে নিয়ে প্রদর্শনীটি ঘুরে দেখেন।

জাতীয় গণমাধ্যম ইন্সটিটিউটের মহাপরিচালক শাহিন ইসলাম, তথ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জাহানারা পারভীন, চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক নুজহাত ইয়াসমিন, অতিরিক্ত প্রধান তথ্য অফিসার বিধান চন্দ্র কর্মকার, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক স. ম. গোলাম কিবরিয়া এবং তথ্য অধিদফতরের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ অনুষ্ঠানে অংশ নেন।

চামড়া পাচার রোধে হিলি সীমান্তে বিজিবির সতর্কতা

মনির হোসেন,ঢাকা,আগষ্ট ০৯।।কোরবানির পশুর চামড়া ভারতে পাচার রোধে দিনাজপুরের হিলি সীমান্তে সর্বোচ্চ সতর্কতা জারি করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। ঈদের দিন থেকে বিজিবি এই সতর্কতা জোরদার করেছে। এছাড়া সীমান্তের বিভিন্ন পয়েন্টে অতিরিক্ত বিজিবি সদস্য মোতায়েন রয়েছে।

জানা গেছে, বাংলাদেশের চেয়ে ভারতে চামড়ার মূল্য অপোকৃত বেশি হওয়ায় চোরাকারবারীরা প্রতি বছর কোরবানির পশুর চামড়া ভারতে পাচারের চেষ্টা করে। এছাড়া দেশে অন্যান্য বছরের চেয়ে এ বছর চামড়ার মূল্য অনেক কম। ফলে হিলি চেকপোস্ট, হাড়ি পুকুর, রায়ভাগ, মংলা, নন্দিপুর ও ঘাসুড়িয়া পয়েন্ট ছাড়াও বিরামপুর ও পাঁচবিবি সীমান্তের পয়েন্টগুলো দিয়ে ভারতে চামড়া পাচারের আশঙ্কা রয়েছে।

এব্যাপারে জয়পুরহাট- ২০ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. ফেরদৌস হাসান টিটো জানান, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও বিজিবি হেড কোয়ার্টারের নির্দেশে হিলিসহ আশপাশের সীমান্তের চোরাইপথ দিয়ে কোরবানির পশুর চামড়া যাতে কোনোভাবে ভারতে পাচার হতে না পারে, সে ব্যাপারে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা হয়েছে। তিনি জানান, সীমান্তবর্তী যেসব স্থানে কোরবানির পশুর চামড়ার আড়ৎ আছে সেসব স্থানগুলো নজরে রাখতে বিজিবি ও গোয়েন্দা সদস্যদের নজরদারি বাড়ানোসহ পর্যবেণের নির্দেশ দেয়া হয়েছে। প্রাথমিক অবস্থায় ঈদের দিন থেকে ১৫ দিন এবং প্রয়োজন হলে পরবর্তীতে আরও ১৫ দিন কোরবানির পশুর চামড়া পাচার রোধে সীমান্তে বিজিবির এ সতর্কতা অব্যাহত থাকবে।

ভারতের কেরালায় বিমান দুর্ঘটনায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর শোক

মনির হোসেন,ঢাকা,আগষ্ট ০৯।।ভারতের কেরালা রাজ্যের কোঝিকোড়ে শুক্রবার সন্ধ্যায় মর্মান্তিক বিমান দুর্ঘটনায় হতাহতের ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড় একে আবদুল মোমেন। শনিবার ভারতের বিদেশমন্ত্রী ড় এস জয়শংকরকে দেয়া এক চিঠিতে পররাষ্ট্রমন্ত্রী বাংলাদেশের জনগণ, সরকার এবং তার নিজ প থেকে গভীর শোক প্রকাশ করেন। নয়াদিল্লিস্থ বাংলাদেশ হাইকমিশন থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়।

পররাষ্ট্রমন্ত্রী প্রিয়জন হারানো শোকসন্তপ্ত পরিবার ও ভারতীয় জনগণের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। শোক বার্তায় তিনি এ কঠিন সময়ে স্বজন হারাদের শোক সহ্য করার শক্তি ও মনোবল প্রার্থণা করেন এবং দুর্ঘটনায় আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

এদিকে, শনিবার বিকালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম ভারতের বিদেশ প্রতিমন্ত্রী ভি. মুরলিধরনের সাথে টেলিফোনে আলাপ করেন। প্রতিমন্ত্রী বিমান দুর্ঘটনায় হতাহতদের খোঁজ নেন এবং স্বজনহারা ও ভারতীয় জনগণের প্রতি গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেন।

আলাপকালে দুদেশের প্রতিমন্ত্রী দ্বিপাকি স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করেন এবং ভবিষ্যতে ভ্রাতৃপ্রতিম দুদেশের মধ্যে বিরাজমান গভীর সৌহার্দ্যপূর্ণ দ্বিপাকি সম্পর্ককে এগিয়ে নেয়ার জন্য অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

প্রসঙ্গত, শুক্রবার স্থানীয় সময় সন্ধ্যায় দুবাইফেরত ১৯০ জন যাত্রী নিয়ে কেরালার কোঝিকোড়ে বিমানবন্দরে ভারী বর্ষণের মধ্যে অবতরণকালে রানওয়ে থেকে ছিটকে পড়ে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের একটি ফাইট। এতে বিমানটির দুজন পাইলটসহ অন্তত ১৮ জন নিহত হন। দেশটির কর্তৃপ দুর্ঘটনাকবলিত বিমানের বেশিরভাগ আরোহীকে উদ্ধার করেছে। এর মধ্যে আহত প্রায় ১৫০ জনকে চিকিৎসা দেয়া হচ্ছে।

করোনা আক্রান্ত হয়ে বাংলাদেশে আরও ৩৪ জনের মৃত্যু

মনির হোসেন,ঢাকা,আগষ্ট ০৯।।মহামারি করোনাভাইরাসে আক্রান্ত হয়ে বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ৩৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩ হাজার ৩৯৯ জনে। এছাড়া, নতুন করে ২ হাজার ৪৮৭ জনের শরীরে করোনা শনাক্ত হয়েছে। যার ফলে মোট আক্রান্তের সংখ্যা পৌঁছেছে ২ লাখ ৫৭ হাজার ৬০০ জনে। রবিবার স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত অনলাইন ব্রিফিংয়ে অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ডা. নাসিমা সুলতানা এসব তথ্য জানান। তার দেয়া তথ্য অনুযায়ী, করোনা শনাক্তের জন্য দেশের সরকারি ও বেসরকারি ল্যাবগুলোতে গত ২৪ ঘণ্টায় নমুনা সংগ্রহ করা হয়েছে ১১ হাজার ১৪টি এবং পরীা করা হয়েছে ১০ হাজার ৭৫৯টি। এ নিয়ে মোট নমুনা পরীা করা হলো ১২ লাখ ৬০ হাজার ৩১৯টি। ২৪ ঘণ্টায় নমুনা পরীা বিবেচনায় শনাক্তের হার ২৩.১২ শতাংশ। আর শনাক্ত বিবেচনায় মৃত্যুর হার ১.৩২ শতাংশ।

এদিকে, করোনা থেকে সুস্থ হয়েছেন আরও ১ হাজার ৭৬৬ জন। এ নিয়ে দেশে মোট সুস্থ ব্যক্তির সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ৪৮ হাজার ৩৭০ জন। ২৪ ঘণ্টায় শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৫৭ দশমিক ৬০ শতাংশ। গত ৮ মার্চ বাংলাদেশে প্রথম করোনা রোগী শনাক্তের পর ১৮ মার্চ প্রথম একজনের মৃত্যু হয়।

ভিভোর না থাকা আর্থিক ক্ষতি, মানতে নারাজ সৌরভ গঙ্গোপাধ্যায়

মুম্বই, ৯ আগস্ট (হি.স.) : চলতি মরশুমে ইন্ডিয়ান প্রিমিয়র লিগ থেকে সরে দাঁড়াতে বাধ্য হয়েছে চিনা সংস্থা ভিভো। তবে ভিভোর না থাকায় বিশেষ আর্থিক ক্ষতি হবে মানতে নারাজ বিসিসিআই সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়। বিসিসিআই সভাপতি অবশ্য স্পষ্ট জানালেন যে, এটা কোনও আর্থিক সংকট নয়। বরং নেহাৎই একটা ঝটকা মাত্র। বিসিসিআইয়ের মতো শক্তিশালী সংস্থার এই সাময়িক ধাক্কা সামলে ওঠার ক্ষমতা রয়েছে।

সৌরভ বলেন, "আমি এটাকে আর্থিক সংকট বলতে রাজি নই। এটা ছোটখাটো একটা ঝটকা মাত্র। বিসিসিআই অত্যন্ত শক্তিশালী সংস্থা। খেলা, খেলোয়াড়, অতীতের প্রশাসকরা ভারতীয় ক্রিকেটকে এতটাই মজবুত বানিয়ে দিয়েছে যে, বিসিসিআই এই ধাক্কা সামলে উঠতে পারে।"

সৌরভ আরও জানান,

ছয়ের পাতায়

রবিবার আগরতলা প্রেস ক্লাবে বেকার নার্স এসোর উদ্যোগে এক সাংবাদিক সম্মেলনে আয়োজন করা হয়। ছবি- নিজস্ব।

হরেকরকম ◌ হরেকরকম ◌ হরেকরকম

বিনা খরচে যে ছবিগুলো দেখতে পারেন

ট্রাইবেকা এন্টারপ্রাইজ ও ইউটিউব আয়োজন করেছে ''উই আর ওয়ান: আ গ্লোবাল ফিল্ম ফেস্টিভ্যাল''নামে ১০ দিনের চলচ্চিত্র উৎসব। বিশ্বের ২১টি বাঘা বাঘা চলচ্চিত্র উৎসব অংশগ্রহণ করছে সেখানে। উৎসব থেকে মনোনীত সিনেমাগুলো প্রদর্শিত হচ্ছে প্রতিদিন। সঙ্গে নামকরা পরিচালকদের মাস্টারক্লাস তো আছেই।

আজ শেষ দিন দেখতে পারেন যেসব সিনেমা

অ্যাওয়েক। পরিচালক বিক্রমাদিত্য মোতওয়ানে। মুম্বাই চলচ্চিত্র উৎসব।

মিস্ট্রি রোড। পরিচালক ইভান সেন। সিডনি চলচ্চিত্র উৎসব।

আলোচনা, আলোচক: জন ওয়াটার্স, উপস্থাপক আলবার্ট সেরা। লোকার্নো চলচ্চিত্র উৎসব।

আটলান্টিকস। পরিচালক মাতি দিওপ, নিউইয়র্ক চলচ্চিত্র উৎসব।

ড্রামাটিক রিলেশনশিপস। পরিচালক ডাস্টিন গাই ডেফা। নিউইয়র্ক চলচ্চিত্র উৎসব।

ফরএভার্স গনা স্টার্ট টুনাইট। পরিচালক এলিজা হিটম্যান। নিউইয়র্ক চলচ্চিত্র উৎসব।

অনুষ্ঠান, নিউইর্য়ক প্রোগ্রাম-২: আ প্যাশন ফর ফিল্মস। নিউইয়র্ক চলচ্চিত্র উৎসব।

পার্সি, পরিচালক এদুয়ার্দো উইলিয়ামস ও মারিয়া ব্লা, নিউইয়র্ক চলচ্চিত্র উৎসব।

পেলোরিনো। দে ডোন্ট কেয়ার অ্যাবাউট আস। পরিচালক আকোসুয়া আদোমা ওসু। নিউইয়র্ক চলচ্চিত্র উৎসব।

রোসালিন্ডা। পরিচালক মাতি নিয়ে। নিউইয়র্ক চলচ্চিত্র উৎসব।

ভিওলেন্তিনা। পরিচালক অ্যালিস রোরওয়াখের। নিউইয়র্ক চলচ্চিত্র উৎসব।

ফেইনটিং স্পেলস। পরিচালক স্কাই হোপিঙ্কা। সানড্যান্স চলচ্চিত্র উৎসব।

অনুষ্ঠান: ইন্ডিজেনিয়াস শর্টস প্রোগ্রাম। সানড্যান্স চলচ্চিত্র উৎসব।

মাড। পরিচালক সানডিন টম। সানড্যান্স চলচ্চিত্র উৎসব।

মাই ফাদার্স টুলস। হিথার কোন্ডো। সানড্যান্স চলচ্চিত্র উৎসব।

নুটাগ হোমল্যান্ড। অ্যালিসি টেলেঙ্গাট। সানড্যান্স চলচ্চিত্র উৎসব।

থ্রোট সিঙ্গিং ইন কাঙ্গিরসাক। পরিচালক এভা কাউকাই ও মনন চেম্বারল্যান্ড। সানড্যান্স চলচ্চিত্র উৎসব।

টিআইএফএফ টকস: ট্যান্টো কারনাল মাস্টার ক্লাস। টরোন্টো চলচ্চিত্র উৎসব।

কপওয়াচ।

পরিচালক ক্যামিয়া হল। ট্রাইবেকা চলচ্চিত্র উৎসব।

কোয়েসলাভের ডিজে পারফরম্যান্সের মাধ্যমে আজ শেষ হবে এ উৎসব।

গত ২৯ মে শুরু হওয়া এই উৎসব চলে টানা ১০ আজ ৭ জুন উৎসবের শেষ দিন। ৩৫টি দেশের অংশগ্রহণে ২৩টি পূর্ণদৈর্ঘ্য, ৮টি প্রামাণ্য চলচ্চিত্র, ৫৭টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, ১৫টি স্বল্পদৈর্ঘ্য প্রামাণ্য চলচ্চিত্র এবং ১৫টি আর্কাইভাল বক্তৃতা হয় এই আসরে। দেখতে হলে এখনই টুঁ মারতে হবে ''উই আর ওয়ান: আ গ্লোবাল ফিল্ম ফেস্টিভ্যাল'' এর ইউটিউব চ্যানেলে।

রেসিপি: মজাদার কালোজাম

নিখুঁত কালোজাম তৈরি করতে প্রথমে ১ লিটার তরল দুধ চুলায় জ্বাল দিয়ে হালুয়ার মতো করে নিতে হবে।

এরপর এটা ঠাণ্ডা করে স্পেচুলা দিয়ে মসৃণ করে নিয়ে এর সঙ্গে আধা কাপ গুঁড়া দুধ, ময়দা আধা কাপ ও ১ চা-চামচ বেইকিং পাওডার নিয়ে ভালো করে মিশিয়ে নিন। এরপর ২ চা-চামচ ঘি দিয়ে ভালো ভাবে মিশিয়ে ডো তৈরি করুন।

খুব বেশি মথার প্রয়োজন নেই। তবে খেয়াল রাখতে হবে সব উপকরণ যেন সুন্দর ভাবে মিশে যায়।

চিনির সিরাপ তৈরির জন্য প্রথমে সসপ্যানে ২ চা-চামচ চিনি ও ১ চা-চামচ পানি মিশিয়ে ক্যারামেল করে এর মধ্যে ৪ কাপ চিনি, ৬ কাপ পানি ও ৩-৪টি এলাচ দিয়ে সিরাপ তৈরি করে নিন। একবার বলক এলেই সিরাপ তৈরি।

সিরা-টা খুব ঘন হবে না। কারণ ঘন সিরা মিষ্টির ভেতর ঢুকে না। ফলে ভেতরে শক্ত থাকে।

এবার হাতে ঘি মাখিয়ে সেই ডো থেকে পরিমাণ মতো নিয়ে মিষ্টির আকার করে নিতে হবে যাতে মিষ্টির গায়ে কোন ক্র্যাক বা ফাঁটল না থাকে।

১২টার মতো মিষ্টি হবে এই উপকরণ দিয়ে। মিষ্টির আকার দিয়ে বাতাসে ফেলে রাখবেন না। তাহলে মিষ্টি শক্ত হয়ে যাবে।

এবার তেল গরম করতে হবে এমন ভাবে যেন তেল গরম হয় কিন্তু ধোঁয়া না ওঠে! বেশি গরম হলে মিষ্টির রং চলে আসবে ঠিকই তবে ভেতরে কাঁচা থাকবে। আর সুন্দর ভাবে ভাজা না হলে কিন্তু মিষ্টি সিরায় ভিজবে না।

কম গরম তেলে দিলে মিষ্টি ফাটা ফাটা হবে। তাই তেলে মিষ্টিগুলো ছেড়ে অল্প আঁচে ভাজুন। একসঙ্গে অনেকগুলো মিষ্টি তেলে দেবেন না। তাতে গায়ে গায়ে লেগে মিষ্টির আকার নষ্ট হতে পারে বা উল্টাতে গেলে খোঁচা লেগে মিষ্টি নষ্ট হয়ে যেতে পারে।

মিষ্টিগুলো গাঢ় বাদামি করে ভাজতে হবে। কালো করার চেষ্টা করবেন না। তাতে মিষ্টি মাত্রাতিরিক্ত ভাজা হয়ে যাবে এবং সিরা ভেতরে ঢুকবে না।

আর যে কোনো ভাজা জিনিস তেল থেকে ওঠালে আরও গাঢ় হয়।

মিষ্টিগুলো গাঢ় বাদামি করে ভেজে রাখুন। গরম সিরায় দেবেন তবে ফুটন্ত সিরায় দেবেন না। মানে সিরা গরম হবে কিন্তু ফুটন্ত না! আবার হালকা গরমও হবে না।

গরম সিরায় ঢেকে দিয়ে মাঝারি থেকে কম আঁচে পাঁচ মিনিট জ্বাল দিয়ে আবার উল্টে দিয়ে আরও পাঁচ মিনিট জ্বাল দিতে হবে। এভাবে মোট ১০ মিনিট।

এবার চুলা বন্ধ করে তিন-চার ঘণ্টা ঢেকে রেখে দিন। তবে জ্বাল দিয়েই হঠাৎ ঢাকনা খোলা যাবে না। তাতে মিষ্টি বাতাসের সংস্পর্শে এসে চুপসে যেতে পারে।

তিন-চার ঘণ্টা পর মিষ্টি সিরা থেকে উঠিয়ে মাওয়াতে গড়িয়ে পরিবেশন করুন।

সাউথ ইন্ডিয়ান রেসিপি 'চিকেন সিক্সটি ফাইভ' ভাজা মুরগির মাংসের মজার রেসিপি

নানান কাহিনী প্রচলিত আছে 'চিকেন সিক্সটি ফাইভ' নিয়ে। ১৯৬৫ সালে তামিল নাইডুর এক রেস্তোরাঁ ব্যবসায়ী এএম বুহারি এই খাবার প্রবর্তন করেন। '৬৫ সালের জন্য নাম হয়েছে 'চিকেন সিক্সটি ফাইভ'।

আবার মনে করা হয় ৬৫ রকম মরিচ ও মসলা ব্যবহার করে এই পদ তৈরি করা হয়। মুরগি ৬৫ টুকরা করে এই খাবার তৈরি করার কারণে এই নাম- এমনও মনে করেন অনেকে।

আরেকটা প্রচলিত ধারণা হচ্ছে ১৯৬৫ সালে চেন্নাইতে সৈনিকদের ক্যান্টিনে খাবারের তালিকা ছিল দীর্ঘ। সেই তালিকায় এই খাবারের

সিরিয়াল নম্বর ছিল ৬৫। অনেকেই সহজভাবে খাবার অর্ডার করার সময় খালি নম্বরটা উল্লেখ করতেন। সেখান থেকে এই পদের নাম হয়ে যায় চিকেন সিক্সটি ফাইভ।

প্রচলিত গল্প যাই হোক, নাস্তা কিংবা সাইড ডিশ হিসেবে এটা খুবই মজার একটি পদ।

উপকরণ: হাড় ছাড়া মুরগির মাংস ২৫০ গ্রাম (চৌক করে কাটা)। আদা ও রসুন বাটা ১ চা-চামচ করে। চালের গুঁড়া ২ টেবিল-চামচ।

হলুদ-গুঁড়া ১ চা-চামচ। মরিচ-গুঁড়া দেড় চা-চামচ। গোলমরিচ গুঁড়া আধা চা-চামচ। জিরা ও ধনে গুঁড়া ১ চা-চামচ করে। লবণ স্বাদ অনুযায়ী।

তেল পরিমাণ মতো। টক দই ১ টেবিল-চামচ। লেবুর রস ১ টেবিল-চামচ। টমেটো সস ১ চা-চামচ। চিলি সস ১ চা-চামচ।

ফ্রাইড চিকেন টসের জন্য: কাঁচা-মরিচ কুচি ২,৩টি। রসুনকুচি ১ টেবিল-চামচ। কারিপাতা কয়েকটা।পদ্ধতি: প্রথমে মাংসের সঙ্গে সব উপকরণ ভালোভাবে মেখে ঘণ্টা দুএক মেরিনেইট করে রাখতে হবে।একটা প্যানে ডুবো তেলে মাংসগুলো একটু লালচে করে ভেজে প্যানে টস করতে হবে।এর জন্য আরেকটা প্যানে ২ টেবিল-চামচ তেল দিয়ে তার মধ্যে রসুন কুচি, কাঁচামরিচ কুচি ও কারিপাতা দিয়ে এক মিনিট ভেজে তার মধ্যে ভেজে রাখা মুরগির মাংসগুলো দিয়ে এক মিনিটের মতো টস করে নামিয়ে নিন।

তারপর একটা পরিবেশন পাত্রে ঢেলে পরিবেশন করুন অ্যাপিটাইজার, নাস্তায় বা সাইড ডিশ হিসেবে।

'ব্ল্যাক কফি'র উপকারিতা ও পার্শ প্রতিক্রিয়া

ক্যাফেইন সমৃদ্ধ পানীয় সতেজ অনুভূতি দিলেও বেশি পানে হতে পারে হিতে বিপরীত।

কফির দানার গুঁড়া ও পানি মিলিয়েই সাধারণত ব্ল্যাক কফি তৈরি করে পান করা হয়। কেউ কেউ আবার চিনি, দুধ ক্রিম মিলিয়ে থাকেন। তবে যারা খাঁটি কফি প্রেমী তারা সাধারণত আলাদা কোনো উপাদান কফিতে মেশান না।

পুষ্টি-বিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনে ব্ল্যাক কফির উপকারিতা ও অতিরিক্ত খাওয়ার কারণে হওয়া অপকারিতা সম্পর্কে জানান হল।

৮ আউন্স বা কফির দোকানে রেগুলার কাপের সমপরিমাণ কফি পানে সাধারণত যেসব উপকার মিলতে পারে তা হল-

হৃদযন্ত্র শক্তিশালী করে: ব্ল্যাক কফি অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ এবং এটা রক্তচাপ নিয়ন্ত্রণে রাখে। কয়েকটি গবেষণায় দেখা গেছে নিয়মিত দুএক কাপ কফি পান করলে তা হৃদযন্ত্র সুস্থ রাখতে এবং হৃদ্রোগের ঝুঁকি কমাতে সহায়তা করে।

স্মৃতি শক্তি বাড়ায়: ধারণা করা হয় ব্ল্যাক কফিতে এমন উপাদান আছে যা মস্তিষ্কের কার্যকারিতা বাড়াতে সাহায্য করে। এটা স্মৃতিশক্তি বাড়ানোর পাশাপাশি বয়স বৃদ্ধির কারণে স্মৃতিলোপ পাওয়ার ঝুঁকি কমায়।

যকৃত সুস্থ রাখতে: নিয়মিত পরিমিত পরিমাণে ব্ল্যাক কফি খাওয়া হলে যকৃতের ক্যান্সার, ফ্যাটি লিভার, হেপাটাইটিস, অ্যাল্কোহলের কারণে হওয়া 'লিভার সিরোসিস' হওয়ার ঝুঁকি কমে। ব্ল্যাক কফি যকৃতের ক্ষতিকারক এনজাইমের মাত্রা কমাতেও সহায়তা করে।

পাকস্থলী পরিষ্কার রাখে: কফি মূত্রবর্ধক। তাই, কফি পান শরীর থেকে ক্ষতিকারক উপাদান ও ব্যাক্টেরিয়া বের করে দিয়ে পাকস্থলী পরিষ্কার করতে ও শরীর সুস্থ রাখতে সহায়তা করে।

অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ: ব্ল্যাক কফিতে নানা রকমের আন্টিঅক্সিডেন্ট পাওয়া যায় যা শরীর সুস্থ রাখতে সহায়তা করে। এতে রয়েছে পটাশিয়াম, ম্যাগনেশিয়াম, ভিটামিন বি টু, বি থ্রি এবং বি ফাইভ এবং ম্যাঙ্গানিজ।

ওজন কমাতে সহায়তা করে: শরীরচর্চার কার্যকারিতা বাড়াতে শরীরচর্চা করার ৩০ মিনিট আগে ব্ল্যাক কফি পান করা ভালো। এটা বিপাক ৫০ শতাংশ পর্যন্ত বাড়াতে সাহায্য করে। এটা পেটের মেদ কমাতেও সহায়তা করে। ব্ল্যাক কফি স্নায়ুকে উদ্দীপিত করে শরীরের চর্বির কোষ ভেঙে ফেলে এবং গ্লাইকোজেনের বিপরীত শক্তির উৎস হিসেবে সংকেত দেয়।

ব্ল্যাক কফির পার্শ প্রতিক্রিয়া

* অতিরিক্ত কফি পান শরীরের ওপর হরমোনের চাপ বাড়ায়। এতে মানসিক চাপ ও উদ্বেগ বাড়ে। তাই কফি পরিমিত পান করা উচিত।
* অতিরিক্ত ব্ল্যাক কফি খাওয়া হলে তা ঘুমে জটিলতা ও ঘুমচক্রে ব্যাঘাত ঘটাতে পারে। তাই পুষ্টিবিদরা রাতে ঘুমানোর আগে কফি পান না করারা পরামর্শ দেন।
* কফি উচ্চ ক্যাফেইন সমৃদ্ধ। এটা পেটের নানা রকম সমস্যা ও অম্ল, বুক জ্বালাপোড়া করা এমনকি কোষ্ঠকাঠিন্যের মতো সমস্যাও দেখা দিতে পারে।
* অতিরিক্ত ব্ল্যাক কফি গ্রহণ করা হলে দেহ প্রয়োজনীয় খনিজ যেমন- লৌহ, ক্যালসিয়াম ও জিংক শোষণ করতে বাধা পায়।

চুলে মেহেদি ব্যবহারের উপকারিতা

খুশকি, রুক্ষতা, শুষ্কতা, অকালপক্কতা ইত্যাদির সমাধান করা সম্ভব প্রাকৃতিক উপাদান মেহেদি দিয়ে।

রূপচর্চা-বিষয়ক একটি ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদন থেকে চুলের যত্নে মেহেদির নানান ব্যবহার সম্পর্কে জানানো হল।

মেহেদির উপকারিতা

মেহেদি মাথার ত্বক ঠাণ্ডা ও মসৃণ করতে সাহায্য করে। এটা খুশকি দূর করে। চুলের বৃদ্ধিতে সহায়তা করে এবং প্রাকৃতিকভাবে কোনো রকম ক্ষতি ছাড়াই চুল রং করতে সাহায্য করে।

মেহেদির গুঁড়া ব্যবহারের আগে যে কোনো প্রাকৃতিক উপদানের সঙ্গে মিশিয়ে কমপক্ষে এক ঘণ্টা অপেক্ষা করে তারপর ব্যবহার করা উচিত।

খুশকি দূর করতে

চার টেবিল-চামচ মেহেদির গুঁড়ার সঙ্গে একটা গোটা লেবুর রস এবং দুই টেবিল-চামচ দই মিশিয়ে ঘন মসৃণ পেস্ট তৈরি করুন। পেস্টটি মাথার ত্বক ও চুলে মেখে ৩০ মিনিট অপেক্ষা করুন। এরপর সালফেট বিহীন শ্যাম্পু ও কন্ডিশনার ব্যবহার করুন।

চুল পড়া কমাতে

ছয় টেবিল-চামচ আমলকীর গুঁড়া, তিন টেবিল-চামচ মেহেদির গুঁড়া, দুই টেবিল-চামচ মেথি গুঁড়া একটা পাত্রে ভালো মতো মেশান। এরপর এতে ১০ টেবিল-চামচ পানি, একটা ডিমের সাদা অংশ এবং একটা লেবুর রস মিশিয়ে ঘন পেস্ট তৈরি করুন। প্রয়োজন হলে এতে পানি যোগ করতে পারেন। প্যাকটি তৈরি করে এক ঘন্টা রেখে দিন। এরপর তা সম্পূর্ণ চুলে আগা থেকে গোড়া পর্যন্ত লাগিয়ে এক ঘন্টা অপেক্ষা করুন। সালফেট মুক্ত শ্যাম্পু দিয়ে চুল পরিষ্কার করে কন্ডিশনার ব্যবহার করুন।

সপ্তাহে দুবার ব্যবহারে ভালো ফলাফল পাওয়া যাবে।

চুল রাঙাতে

এক টেবিল-চামচ কফি পাউডার পানিতে ফুটিয়ে নিন। ফুটন্ত কফি ঠাণ্ডা করে এর তলানি আলাদা করে নিন। একটা পাত্রে পাঁচ টেবিল-চামচ মেহেদির গুঁড়া নিন এবং এতে আস্তে আস্তে গরম কফি মিশিয়ে ঘন পেস্ট তৈরি করুন।

চুল কয়েকভাগে ভাগ করে এই প্যাক আগা থেকে গোড়া পর্যন্ত লাগান। পছন্দের রং পেতে তিন ঘণ্টা অপেক্ষা করে ঠাণ্ডা পানি দিয়ে চুল ধুয়ে নিন। তারপর কন্ডিশনার ব্যবহার করুন।

রবিবার আগরতলা কংগ্রেস সদর কার্যালয়ে গান্ধীর ভারত ছাড়ো আন্দোলনে দিনটি পালিত হয়। ছবি- নিজস্ব।

নতুন করে অমিত শাহের করোনা পরীক্ষা করা হয়নি, বিভ্রান্তির পর জানাল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক

নয়াদিল্লি, ৯ আগস্ট (হি.স.) : কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের করোনা রিপোর্ট নিয়ে বিভ্রান্তি। রবিবার বিজেপি সাংসদ মনোজ তিওয়ারি ট্যুইটে দাবি করেন সংক্রমিত অমিতের কোভিড ১৯ রিপোর্ট নেগেটিভ এসেছে। এর কিছুক্ষণ পরেই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক থেকে জানানো হয়, নতুন করে আর কোনও কোভিড পরীক্ষা করা হয়নি স্বরাষ্ট্রমন্ত্রীর। নিজের ট্যুইটটি সরিয়েও দেন বিজেপি সাংসদ।

রবিবার বেলা ১২ টা নাগাদ একটি টুইটবার্তায় দিল্লি বিজেপির প্রাক্তন সভাপতি বলেন, "দেশের যশস্বী স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের কোভিড রিপোর্ট নেগেটিভ এসেছে।" একটি অংশের থেকে দাবি করা হয়, শাহের সবেমাত্র প্রথম টেস্ট নেগেটিভ এসেছে। দ্বিতীয় পরীক্ষার ফল নেগেটিভ এলে তবেই হাসপাতাল থেকে ছাড়া পাবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

যদিও কিছুক্ষণ পর স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে জানানো হয়, প্রথমবার করোনা টেস্টের পর পরে নতুন করে শাহের আর কোনও পরীক্ষা হয়নি। অর্থাৎ তাঁর করোনা রিপোর্ট নেগেটিভ আসেনি। তারইমধ্যে নিজের টুইট ডিলিট করে দেন মনোজ।

উল্লেখ্য, গত রবিবার ২ আগস্ট একটি টুইটবার্তায় শাহ জানান, 'করোনার উপসর্গ দেখা দেওয়ার পর আমি করোনা টেস্ট করিয়েছিলাম। রিপোর্ট পজিটিভ এসেছে। আমার শরীর ঠিক আছে। তা সত্ত্বেও চিকিৎসকদের পরামর্শে হাসপাতালে ভরতি হচ্ছি। গত কয়েকদিনে যাঁরা আমার সংস্পর্শে এসেছিলেন, তাঁরা দয়া করে নিজেদের আইসোলেশনে রেখে স্বাস্থ্য পরীক্ষা করিয়ে নিন।' তারপর থেকে গুরুগ্রামের একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন তিনি। সেখান থেকেই নিয়মিত বিভিন্ন বিষয়ে টুইট করছেন। রবিবারও একাধিক টুইট করেছেন। অন্ধ্রপ্রদেশের করোনা হোটেলে আগুন লাগার ঘটনায় শোকপ্রকাশ করেছেন।

রিয়াকে আবার ডেকে পাঠাল ইডি

মুম্বই, ৯ আগস্ট (হি.স.) : প্রয়াত অভিনেতা সুশান্ত সিং রাজপুতের বান্ধবী রিয়া চক্রবর্তীকে আবার ডেকে পাঠাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। তাঁকে সোমবার হাজির হতে বলেছে ইডি। এদিকে, ১৮ ঘণ্টা জেরা করার পর রবিবার ভোরে ইডি অফিস থেকে ছাড়া হয়েছে রিয়ার ভাই সৌভিককে।

অভিনেতা সুশান্ত সিং রাজপুতের টাকা সরানোর অভিযোগ রয়েছে বান্ধবী রিয়া চক্রবর্তীর বিরুদ্ধে। রিয়ার বিরুদ্ধে এফআইআরে তেমনই অভিযোগ করেছে সুশান্তের পরিবার। ওই মামলায় আবার রিয়াকে ডেকে পাঠাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। রিয়ার ভাই সৌভিককে ১৮ ঘণ্টা জেরা করার পর রবিবার ভোরে ইডি অফিস থেকে ছাড়া হয়েছে। জেরায় সৌভিক উত্তর এড়িয়ে গিয়েছেন বলে জানা গিয়েছে। শুক্রবার ৮ ঘণ্টা টানা জেরা করা হয়েছে রিয়াকে। তাঁকে সোমবার হাজির হতে বলেছে ইডি।

জানা গিয়েছে, রিয়া ইডির জেরায় কোনওরকম সাহায্য করেননি। তাঁর কাছ থেকে টাকা খরচের কোনও সদুত্তরও দিতে পারেননি। তবে রিয়ার দুটি অ্যাকাউন্টে বেশ কিছু টাকা জমা পড়ার প্রমাণ পেয়েছে। তাঁর তিন বছরের হিসেবপত্র, সম্পত্তির হিসেব জমা দিতে বলা হয়েছে। অভিযোগ, মাত্র একবছরে প্রায় ১৫ কোটি টাকা সুশান্তের সঙ্গে কোনও সম্পর্ক নেই এমন অ্যাকাউন্টেও টাকা জমা পড়েছে।

করোনা কেয়ার সেন্টারে অগ্নিকাণ্ডের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে ১০, ক্ষতিপূরণের ঘোষণা মুখ্যমন্ত্রীর

অমরাবতী, ৯ আগস্ট (হি. স.): অন্ধ্রপ্রদেশে বিজয়ওয়াড়ায় আগুনে পুড়ে যাওয়া করোনা কেয়ার সেন্টার পরিদর্শন করে গেলেন রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী মেখোথটি সুচরিতা, স্বাস্থ্যমন্ত্রী আলা কালি শ্রীনিবাস সহ মন্ত্রিসভার অন্যান্য সদস্যরা। এছাড়া উপস্থিত ছিলেন রাজ্যসভার সংসদ মোপিদেবি ভেঙ্কট রমন।

অন্যদিকে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১০।বিষয়টিকে দুর্ভাগ্যজনক আখ্যা দিয়ে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছেন, মর্মান্তিক দুর্ঘটনা।মুখ্যমন্ত্রী যথাযথ পদক্ষেপ নেওয়ার নির্দেশ দিয়েছেন। মন্ত্রিসভার একাধিক সদস্য ঘটনাস্থল পরিদর্শন করার নির্দেশ দিয়েছেন তিনি।হোটেল থেকে করোনা কেয়ার সেন্টারে পরিণত করা এখানে ৩০ জন রোগী ছিল। এর মধ্যে ১০ জনের মৃত্যু হয়েছে।২০ জনকে অন্যত্র স্থানান্তর করা হয়েছে।আহতদের শারীরিক অবস্থা স্থিতিশীল বলে জানা গিয়েছে। জেলাশাসকের দফতরে এই নিয়ে বিশদ আলোচনা করা হবে।

অন্ধ্রপ্রদেশ সরকারের তরফ থেকে মৃতের পরিবারকে এককালীন ৫০ লক্ষ টাকা করে আর্থিক সাহায্য দেওয়ার ঘোষণা করা হয়েছে।আহতদের চিকিৎসায় যেন কোনও রকমের ত্রুটি না হয় তা দেখার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।ইতিমধ্যেই গোটা ঘটনার তদন্তের নির্দেশ দিয়েছেন তিনি।

জানা গিয়েছে এটি একটি বেসরকারি হাসপাতাল। এই হোটেলটির একাংশ করোনা কেয়ার সেন্টারে পরিণত করেছিল। এদিন দমকল দফতরে ভোর ৫ টা ০৯ মিনিট নাগাদ আগুন লাগার খবর আসে।আগুন লাগার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় দমকল শুরু হয় আগুন নেভানোর কাজ।

দিল্লিতে নতুন করে করোনা আক্রান্ত ১৪০৪, নিহত ১৬ জন

নয়াদিল্লি, ৯ আগস্ট (হি. স.): একাধিক পদক্ষেপ নেওয়া সত্ত্বেও প্রত্যেকদিন লাফিয়ে বাড়ছে করোনা আক্রান্তের সংখ্যা রাজধানী দিল্লিতে। বিগত ২৪ ঘন্টায় নতুন করে আক্রান্ত ১৪০৪।ওই সময়ের মধ্যে সুস্থ হয়ে উঠেছে ১১৩০, নিহত ১৬। ফলে সব মিলিয়ে আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৪৪১২৭। সক্রিয় আক্রান্ত ১০৬৬৮। সব মিলিয়ে নিহত ৪০৯৮।

দিল্লিতে করোনা আক্রান্তের বাড়বাড়ন্ত সম্পর্কে বলতে গিয়ে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছেন,

ছয়ের পাতায়

বিশিষ্ট সাহিত্যিক সৈয়দ আব্দুল মালিক সম্পর্কে মন্তব্যের জন্য খেদ, বিতর্কের অবসান চাইছেন বিধায়ক শিলাদিত্য

গুয়াহাটি, ৯ আগস্ট (হি.স.) : অসমের বিশিষ্ট সাহিত্যিক সৈয়দ আব্দুল মালিককে 'বৌদ্ধিক জেহাদি' আখ্যা দিয়েছিলেন হোজাইয়ের বিজেপি বিধায়ক শিলাদিত্য দেব। শিলাদিত্যের এমন আপত্তিকর মন্তব্যকে কেন্দ্র চূড়ান্ত বিতর্ক ও প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে রাজ্যের বৌদ্ধিক থেকে শুরু করে বিভিন্ন মহলে।

অসমিয়াদের কাছে অত্যন্ত শ্রদ্ধাশীল ব্যক্তিত্ব কবি সাহিত্যিক সৈয়দ আব্দুল মালিককে বৌদ্ধিক জেহেদি আখ্যায়িত করার জন্য শিলাদিত্যে দেবের বিরুদ্ধে তীব্র ক্ষোভ ব্যক্ত করে প্রকাশ্যে তাঁকে ক্ষমা চাইতে বলেছিলেন স্বদলীয় নেতা তথা অসম সংখ্যালঘু উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান সৈয়দ মমিনুল আওয়াল গরিয়া সহ বিভিন্ন সংগঠনের কর্মকর্তারা। ইতিমধ্যে তাঁর বিরুদ্ধে গুয়াহাটির হাতিগাঁও থানায় এফআইআরও হয়েছে।

পরিস্থিতি বিগড়ে যাচ্ছে অনুমান করে বিধায়ক শিলাদিত্য দেব শনিবার রাত দশটায় তাঁর ফেসবুক অ্যাকাউন্টে এ প্রসঙ্গে বলেছেন সৈয়দ আব্দুল মালিক সাহেব অসমের জনগণের কাছে একজন শ্রদ্ধাশীল পুরুষ। তিনি বলেছেন সৈয়দ আব্দুল মালিকের 'আমি অসমীয়া' নামক দীর্ঘ কবিতাটি পড়ার পর অন্যান্যদের মতো তাঁর (শিলাদিত্য) মনের মধ্যে কিছু চিন্তা-ভাবনার উদ্রেক হয়েছিল এবং তাঁর মন্তব্যকে নিয়ে কিছু মানুষের মধ্যে বিতর্কের সৃষ্টি হয়েছে। লিখেছেন, তাঁর মন্তব্য নিয়ে কোনও ব্যক্তির মনে কষ্টের সঞ্চার ঘটলে সেজন্য তিনি মর্মাহত। এ জন্য দুঃখ প্রকাশ করছেন বিধায়ক শিলাদিত্য দেব। ফেসবুকে শিলাদিত্য দেব আরও উল্লেখ করেছেন, বিশিষ্ট ব্যক্তিত্ব সৈয়দ আব্দুল মালিক একজন প্রখ্যাত কথাশিল্পী, অসম সাহিত্য সভার প্রাক্তন সভাপতি, রাজ্যসভার প্রাক্তন সাংসদ হিসেবে রয়েছে তাঁর বিস্তর পরিচিতি। তাই সৈয়দ আব্দুল মালিক সম্পর্কে উত্থাপিত মন্তব্যের বিষয়ে বিশেষ কিছু বলার নেই। এ প্রসঙ্গে যাবতীয় বিতর্কের ইতি টানতে সংশ্লিষ্ট সকলের কাছে আহ্বান জানিয়েছেন বিধায়ক শিলাদিত্য। অবশ্য তাঁর সেদিনের বক্তব্য ছিল একান্ত ব্যক্তিগত এবং এই মন্তব্যের সঙ্গে বিজেপি দল তথা সরকারের কোনও সম্পর্ক নেই বলেও স্পষ্ট করেছেন তিনি।

আগস্টেই বাজারে আসতে চলেছে রাশিয়া করোনা প্রতিষেধক

মস্কো, ৯ আগস্ট (হি.স.) : আগস্টেই বাজারে আসতে চলেছে বিশ্বের প্রথম করোনা প্রতিষেধক। এমনটাই জানাল রাশিয়া। রাশিয়ার গামালেয়া ইন্সটিটিউট অফ এপিডেমোলজি অ্যান্ড মাইক্রোবায়োলজি এবং রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রক যৌথভাবে কোভিড প্রতিষেধক তৈরি করেছে। বর্তমানে চলছে ভ্যাকসিনের তৃতীয় পর্যায়ের ট্রায়াল। আগামী ১২ আগস্ট নথিভুক্ত করার পর সেটি বাজারে ছাড়া হবে বলে জানা গিয়েছে।

রাশিয়ার উপ স্বাস্থ্যমন্ত্রী ওলেগ গ্রিডনেভ জানান, এই ভ্যাকসিন যাতে সুরক্ষিত হয় তা সম্পূর্ণ নিশ্চিত করতে হবে। প্রথমে চিকিৎসক এবং প্রবীণ নাগরিকদের এই ভাকসিন দেওয়া হবে। নথিভুক্ত করার পর চূড়ান্ত পর্যায়ে এই ভাকসিনের কার্যকারিতা এবং সুরক্ষা পরীক্ষা করে দেখা হবে। প্রথমে প্রায় ১ হাজার ৬০০ জনের উপর এটি প্রয়োগ করা হবে। দ্রুত সমস্ত ভ্যাকসিন যাতে বাজারে আনা যায় সে জন্য ক্লিনিক্যাল ট্রায়ালের প্রক্রিয়া কাটছাঁট করার জন্য গত এপ্রিল মাসে দেশের সরকারি আধিকারিকদের নির্দেশ দিয়েছিলেন রাশিয়ান প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। বর্তমান পরিস্থিতির দিকে নজর রেখে বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে, সমস্ত ভ্যাকসিন প্রার্থীদের যে কোনও কোভিড-১৯ ভ্যাকসিন বরাদ্দ করার আগে অবশ্যই সম্পূর্ণ পর্যায়ে পরীক্ষা করতে হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মুখপাত্র ক্রিশ্চান লিন্ডমিয়ার বলেছেন, 'ভ্যাকসিনের ক্ষেত্রে নিরাপত্তা এবং কার্যকারিতা সম্পর্কিত সমস্ত গাইডলাইন মেনে চলতে হবে রাশিয়াকে।'

ডিমা হাসাওয়ের পুলিশকর্মী হবিবুর হত্যাকাণ্ডের শুনানি ৪ সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত গৌহাটি হাইকোর্টে

হাফলং (অসম), ৯ আগস্ট (হি.স.) : ইন্টারনেট সমস্যার দরুন অসম পুলিশের কনস্টেবল হবিবুর রহমানের হত্যাকাণ্ড নিয়ে গৌহাটি হাইকোর্টের শুনানি আগামী ৪ সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত রাখা হয়েছে। গত ৭ আগস্ট এই মামলার শুনানি ছিল গৌহাটি হাইকোর্টে। কিন্তু ভার্চুয়াল আদালতে ইন্টারনেট সমস্যার দরুন দুই পক্ষের বক্তব্য শুনতে অসুবিধা হচ্ছিল বিচারপতি রুমিকুমার ফুকনের। তবে আগামী ৪ সেপ্টেম্বরের মধ্যে বাদি-বিবাদি উভয় পক্ষকে লিখিত শপথনামা আদালতে দাখিল করার নির্দেশ দেন তিনি। আগামী ৪ সেপ্টেম্বর এই মামলার নিষ্পত্তি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আদালত সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, ২০০৭ সালের ৭ এপ্রিল ডিমা হাসাও জেলার দিয়ুংমুখ থানার অন্তর্গত গেরেবস্তিতে ডিএইচডি (জে) জঙ্গিরা অসম পুলিশের কনস্টেবল হবিবুর রহমানকে গুলি করে হত্যা করে। নিহত হবিবুরের হাত থেকে তাঁর সার্ভিস আগ্নেয়াস্ত্র কেড়ে নিয়ে গিয়েছিল জঙ্গিরা। ২০১৮ সালের ২৭ এপ্রিল এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত অপর অভিযুক্ত মিপুত রাজিইয়ং ওরফে অ্যাকশন ডিমাসা এই মামলার রাজসাক্ষী হয়ে হাফলং সিজেএম আদালতে হবিবুর রহমান হত্যায় প্রাক্তন জঙ্গি নেতা তথা উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের বর্তমান সিইএম দেবোলাল গারলোসা জড়িত বলে স্বীকারোক্তি দিয়েছিল। অ্যাকশন ডিমাসার ওই স্বীকারোক্তির ওপর ভিত্তি করে হাফলং সিজেএম কোর্ট দেবোলাল গারলোসার বিরুদ্ধ অতিরিক্ত ধারা সংযোজনের নির্দেশ দিয়েছিল। এর পর ৭ সেপ্টেম্বর এই হত্যা মামলার শুনানি হওয়ার কথা ছিল। কিন্তু ইন্টারনেট সমস্যার দরুন এদিন এই মামলার শুনানি স্থগিত রাখা হয়। গৌহাটি হাইকোর্টের আইনজীবী সুরজিৎ বৈরাগি জানান, আগামী ৪ সেপ্টেম্বর এই মামলার চূড়ান্ত শুনানি হওয়ার সম্ভাবনা প্রবল।

হাইলাকান্দি জেলায় নতুন ১২ জনকে নিয়ে করোনা আক্রান্তের সংখ্যা পৌঁছেছে ১,৩১০ জনে

হাইলাকান্দি (অসম), ৯ আগস্ট (হি.স.) : হাইলাকান্দি জেলায় আজ রবিবার নতুন করে ১২ জনের দেহে করোনার সংক্রমণ পাওয়া গেছে। এ নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে ১,৩১০ জনে। হাইলাকান্দি জেলা স্বাস্থ্য বিভাগের তরফে জানানো হয়েছে, আজ আক্রান্তদের মধ্যে ৮ জনকে রেপিড অ্যান্টিজেন টেস্টে পজিটিভ বলে শনাক্ত করা হয়েছে। এখন পর্যন্ত রেপিড অ্যান্টিজেন টেস্টে মোট ৪৫৭ জনকে পজিটিভ পাওয়া গেছে। এর মধ্যে ২৩০ জনের ট্রাভেল হিস্ট্রি রয়েছে। বিভিন্ন হাসপাতাল থেকে সুস্থ হয়ে ফিরে গেছেন ৯১৯ জন। বর্তমানে জেলায় ৩৭১ জন কোভিড সক্রিয় রোগী রয়েছেন।

জানানো হয়েছে, জেলার মাত্র ১৭ জন ফেসিলিটি কোয়ারেন্টাইন সেন্টার এবং ৬,৪৪৩ জন হোম কোয়ারেন্টাইনে রয়েছেন। হাইলাকান্দি জেলায় ১৫,৫৬৫ জনের সোয়াব নেওয়া হয়েছে। যার মধ্যে ১৩,৫৯৬ জনের নেগেটিভ রেজাল্ট এসেছে। ২৪০ জনের রেজাল্ট এখনও আসেনি। এদিকে জেলায় ব্যাপক হারে রেপিড অ্যান্টিজেন টেস্টের ব্যবস্থা করা হয়েছে। সোমবার থেকে ৪০ থেকে ৪৫টি মোবাইল মেডিক্যাল টিম জেলার বিভিন্ন প্রান্তে সোয়াব কালেকশনে বের হবে। জেলা প্রশাসন সিদ্ধান্ত নিয়েছে, এখন থেকে দৈনিক ১,৫০০ জনের সোয়াব নেওয়া হবে।

সামাজিক ভাবে যাতে করোনা ভাইরাস আর ছড়িয়ে না পড়ে এর জন্য হাইলাকান্দি জেলা প্রশাসন জনসাধারণের প্রতি আবেদন জানিয়েছে। হাইলাকান্দির জেলাশাসক মেঘনিধি দাহাল আবেদন জানিয়েছেন, বর্তমান পরিস্থিতিতে জনসাধারণকেই গুরুত্বপূর্ণ ভূমিকা দিতে হবে কোভিডের বিরুদ্ধে লড়াইয়ে। তিনি আরও জানান, করোনার ভাইরাস যাতে সামাজিক স্তরে ছড়িয়ে না পড়ে এর জন্য কোভিড টেস্ট করানো জন্য নিজেদের থেকেই এগিয়ে আসা জরুরি। তিনি আরও জানান, জেলার বিভিন্ন প্রান্তের মানুষের স্ক্যানিং করানোর জন্য বিস্তর পরিকল্পনা নেওয়া হয়েছে।

ভারতে অব্যাহত ভূমিকম্প, রবিবার কেঁপে উঠল সিকিম

গ্যাংটক, ৯ আগস্ট (হি.স.) : ভারতে অব্যাহত ভূমিকম্প। রবিবার ভূমিকম্প অনুভূত হল সিকিমে। জানা গিয়েছে, এদিন সকাল ৬.৪৯ মিনিটে, সিকিমের গ্যাংটক থেকে ২৪ কিমি পূর্বে ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে তীব্রতা ছিল ৩.৮। জাতীয় কম্পন কেন্দ্র থেকে জানা গিয়েছে, কম্পনের উপকেন্দ্র ছিল মাটি থেকে ১০ কিমি গভীরে। মৃদু কম্পনে এখনও পর্যন্ত কোনও প্রাণহানি বা ক্ষয়ক্ষতির খবর মেলেনি।

প্রতিদিনই ভারতের কোনও না কোনও রাজ্য কেঁপে উঠছে। শনিবারও বাদ যায়নি। শনিবার

ছয়ের পাতায়

করিমগঞ্জে ১৫ আগস্টের অনুষ্ঠানে বিধিনিষেধ, দেখা যাবে জেলাশাসকের অফিশিয়াল ফেসবুক পেজে

করিমগঞ্জ (অসম), ৯ আগস্ট (হি.স.) : আগামী পনেরো আগস্ট করিমগঞ্জে স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠান হবে সরকারি স্কুলের খেলার মাঠে। ইতিমধ্যে মাঠের দায়িত্ব প্রশাসন নিয়ে নিয়েছে। অনুষ্ঠানটি জেলাশাসকের অফিশিয়াল ফেসবুক পেজে লাইভ স্ট্রিমিং করা হবে। গোটা অনুষ্ঠান করা হবে কোভিড-১৯ প্রটোকল মেনে। অন্যান্য বছর জাতীয় পতাকা উত্তোলনের সময় জেলার মূল অনুষ্ঠান উপভোগ করতে সরকারি স্কুলের মাঠে প্রচুর লোক সমাগম হতো। কিন্তু কোভিড-১৯-এর পরিপ্রেক্ষিতে এবার জনসমাগমের ক্ষেত্রে কিছুটা লাগাম টানা হয়েছে।

এবার খুব বেশি মানুষকে অনুষ্ঠানস্থলে ঢুকতে দেওয়া হবে না। এ রকম ব্যবস্থা নেওয়ার ফলে অনেকেই অনুষ্ঠান সরাসরি দেখতে পারবেন না। মাঠে বসে সরাসরি অনুষ্ঠান দেখতে না পাওয়ার যন্ত্রণা থেকে মুক্তি দিতেই অনুষ্ঠান লাইভ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কারো মনে যাতে আঘাত না লাগে সে জন্য মাঠ থেকে জেলাশাসকের অফিশিয়াল ফেসবুক পেজে সরাসরি অনুষ্ঠানের লাইভ স্ট্রিমিং করা হবে। মাঠে পতাকা উত্তোলনের মূল অনুষ্ঠানে যে সকল দর্শক আসবেন তাঁদের রেপিড অ্যান্টিজেন টেস্ট করাতে হবে। এছাড়া দশ বছরের কম বাচ্চা এবং ৬৫ বছরের বেশি বয়সের প্রবীণ ব্যক্তি সহ সন্তানসম্ভবা কোনও মহিলাকে অনুষ্ঠানস্থলে ঢুকতে দেওয়া হবে না বলে সরকারি সূত্রে জানানো হয়েছে।

এছাড়া মুখে মাস্ক পরিধান, সামাজিক দূরত্ব ও স্যানিটাইজেশন জরুরি বলে জানানো হয়েছে। সকাল নয়টায় সরকারি স্কুলের মাঠে পতাকা উত্তোলন করা হবে।

এবার কোভিড-১৯-এর দরুন মূল অনুষ্ঠান থেকে ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান বাদ দেওয়া হয়েছে এবার।

অন্যদিকে জেলা প্রশাসনের তরফে ডিজিটাল প্ল্যাটফর্মে ছাত্রছাত্রীদের জন্য আয়োজিত প্রতিযোগিতামূলক অনুষ্ঠানের পুরস্কার প্রাপকদের নাম এদিন ঘোষণা করা হবে। এছাড়াও মৎস্য পালন, কৃষি, বন সংরক্ষণ, ক্রীড়া, যোগ ব্যায়াম, সাংস্কৃতিক ক্ষেত্র ও কৃতী ছাত্রছাত্রীদের নামও ঘোষণা করা হবে এদিন। প্রশাসনের তরফে তাদের বাড়িতে পুরস্কার পাঠানো হবে বলে জানানো হয়েছে। জেলায় কোভিড যুদ্ধের প্রথমসারির যোদ্ধা চিকিৎসক, স্বাস্থ্যকর্মী ও সাফাই কর্মীদেরও স্বীকৃতি দেওয়া হবে স্বাধীনতা দিবসের দিন।

বিশ্ব আদিবাসী দিবসে ঝাড়গ্রামের আদিবাসীদের পাশে থাকার বার্তা দিলেন শুভেন্দু অধিকারী

ঝাড়গ্রাম, ৯ আগস্ট (হি.স.):বিশ্ব আদিবাসী দিবসের অনুষ্ঠানে যোগ দিতে ঝাড়গ্রামের কলাবনীর পিয়ালগেড়িয়া ফুটবল মাঠে এসেছিলেন রাজ্যের রাজ্যের পরিবহন মন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিন তিনি জঙ্গলমহলের আদিবাসী মানুষ জনদের পাশে থাকার বার্তা দেন।

রবিবার আদিবাসী ক্লাব বাচড়া বায়ারের আয়োজনে বিশ্ব আদিবাসী দিবস উদজ্জাপন কমিটির পরিচালনায় একটি অনুষ্ঠানে যোগদান দিতে এসেছিলেন পরিবহন মন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিন শুভেন্দু বাবুর উদ্যোগে পঞ্চাশটি ক্লাবকে খেলাধূলার সরঞ্জাম এবং দশটি ক্লাবকে ধামসা,মাদল উপহার দেন।এদিন আয়োজকদের সামাজির দূরত্ব বজায় রেখে,মুখে মাস্ক,স্যানিটাউজার ব্যবহার করে অনুষ্ঠান করা দেখে মন্ত্রী প্রংশাস করেন।এদিন শুভেন্দু বাবু বলেন, "আশা করব আপনাদের সঙ্গে যে আন্তরিক সম্পর্ক আছে সেই সম্পর্কের বাঁধন আরো মজবুত হবে।আমরা সবাই মিলে এক সঙ্গে আমরা লালমাটিক দেশ, বালু মাটির দেশ, আমরা গ্রামের মানুষ এক সাথে পথ চলব।সবাইকে নিয়ে চলব, সবাইকে ভালো রাখব।হিংসা, দ্বেষ, খুনো-খুনি, ঘৃনা, বিদ্বেষ এই সব থেকে দূরে থাকব। জঙ্গলমহলের শান্তি আমরা ধরে রাখব।যাতে আর একটাও সনাতন হেমরম, উত্তম মাহাতো, বাবু বোস, রবী মিশ্র, লালমোহন মাহাতো, গিতালী আদকদের মতে জঙ্গলমহলের কোন মানুষকে অনাথ না হতে যেতে হয়।খুন না হয়ে যেতে হয়।এটাই আমাদের আবেদন।বিশ্ব আদিবাসী দিবসে তাদের শিক্ষা, তাদের সংহতি, তাদের এগিয়ে চলা, শিক্ষিত বেকার যুবক, যুতীদের কর্ম সংস্থান, তাদের ভালে রাখার যে সংগ্রাম যে সংগ্রাম তা শুধু পশ্চিমবঙ্গ, ঝাড়গ্রাম, দেশ নয় পৃথিবী ব্যপি। এই সংগ্রামে আপনাদের বন্ধু হিসেবে, এক জন সেবক হিসেবে শুভেন্দু অধিরকারী ছিল, আছে, ভবিষ্যতেও থাকবে।আমার বিরাট কোন ক্ষমতা নেই।কিন্তু যেটুকু আছে আমি সব সময় আদিবাসী ভাই বোনদের সাহায্য করার চেষ্টা করি।

এদিন তিনি আরও বলেন, নয়াগ্রামের তিরন্দাজ মনিকা সোরেনের সাথে একটি অনুষ্ঠানে দেখা হয়েছিল। জিজ্ঞাসা করেছিলাম তোমার কি চাই।বেলছিল চাকরি চাই।আমি কন্টাই কোয়াপরেটিভ ব্যাঙ্কে কলকাতা ব্রাঞ্চে তাকে চাকরি দিয়েছি।পুরুলিয়ার ছেলে কালকাতার মাঠ কাঁপাচ্ছে লক্ষী মান্ডি বলেছিল বাড়িতে অভাব, বাড়িতে খেতে পায়না। বলেছিল চাকরি একটা দেবেন।শুনলে আপনারা খুশি হবেন বিদ্যাসাগর ব্যাঙ্কে রিটিন পরীক্ষায় পাশ করেছে।মৌখিক পরীক্ষা আছে।তাকে চাকরি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি।" এদিন শুভেন্দুবাবু তাঁর বক্তব্যে আদিবাসী মানুষ,সমাজের পাশে রয়েছেন তা তিনি বুঝিয়ে দেন। এদিন তাকে আয়োজক কমিটির পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়।আদিবাসীদের ঐতিব্যবাহী অস্ত্র তাঁর হাতে তুলে দেওয়া হয়।

কেরলের ধ্বংসস্তূপ থেকে উদ্ধার আরও ১৬ জনের দেহ, মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল ৪২

তিরুবনন্তপুরম, ৯ আগস্ট (হি.স.) : রবিবার কেরলের ধ্বংসস্তূপ থেকে আরও ১৬ জনের দেহ উদ্ধার করা হয়েছে। ফলে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৪২। এদিন দুপুরে এমনই জানিয়েছেন স্থানীয় জেলাশাসক এইচ দীনেশ। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

লাগাতার বর্ষণের জেরে কেরালার ইডুক্কি জেলার রাজাক্কড়ের একাংশে শুক্রবার ধস নামে। এরপর থেকে সময় যত গড়িয়েছে, লাফিয়ে বেড়েছে মৃতের সংখ্যা। রবিবার ধ্বংসস্তূপ থেকে আরও ১৬ জনের দেহ উদ্ধার করা হয়েছে। ফলে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৪২। এদিন দুপুরে এমনই জানিয়েছেন স্থানীয় জেলাশাসক এইচ দীনেশ। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। কারন ধসের তলায় আরও অনেকে চাপা পড়ে আছেন বলে মনে করা হচ্ছে। নিখোঁজ ব্যক্তির সংখ্যা কমপক্ষে ২০ জন। জোর কদমে চলছে উদ্ধারকাজ। পুলিশ এবং দমকলের পাশাপাশি শনিবার সকাল থেকে উদ্ধারকাজে হাত লাগিয়েছে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী"র দু"টি দল। তবে লাগাতার বৃষ্টি এবং গোটা এলাকার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ায় সেই কাজ ব্যহত হচ্ছে বলে সরকারি আধিকারিকরা জানিয়েছেন। এলাকায় রাস্তাগুলি বন্ধ থাকায় উদ্ধারকাজে বিঘ্ন ঘটছে। হেলিকপ্টার ব্যতীত আটকে থাকা মানুষজনকে উদ্ধার করা সম্ভব নয় বলে জানিয়েছে স্থানীয় প্রশাসন।

এদিকে অতিবৃষ্টির জেরে ইডুক্কি জেলায় পরিস্থিতি ক্রমেই খারাপ হচ্ছে। বেশকয়েকটি নদীর জল বিপদসীমার ওপর দিয়ে বইছে। পরিস্থিতি সামাল দিতে উডুক্কি বাঁধের তিনটি লকগেটও খুলে দেওয়া হয়েছে। তবে এর ফলে নতুন করে কয়েকটি এলাকা বানভাসি হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। ইডুক্কি ও ওয়ানাড় জেলায় অতি ভারী বৃষ্টি পূর্বাভাস দিয়েছে হাওয়া অফিস। লাল সতর্কতাও জারি করা হয়েছে।প্রসঙ্গত, ভূমিধসে নিহতদের পরিবারকে ২ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার কথা ঘোষণা করেছে প্রধানমন্ত্রীর দফতর। কেরলের মুখ্যমন্ত্রী পিনারই বিজয়নও মৃতদের পরিবারকে ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার কথা ঘোষণা করেছেন।

রবিবার এআইইউটিইউসি উদ্যোগে আগরতলায় এক ডেপুটেশন প্রদান করা হয়। ছবি- নিজস্ব।

করোনায় আক্রান্ত শিলিগুড়ির পুলিশ কমিশনার

শিলিগুড়ি, ৯ আগস্ট (হি.স.) : করোনা আক্রান্ত শিলিগুড়ির পুলিশ কমিশনার ত্রিপুরারি অর্থব। জ্বর থাকায় শনিবার সকালে তিনি করোনা পরীক্ষা করান। রাতে তাঁর রিপোর্ট পজিটিভ আসে। বর্তমানে তিনি হোম আইশোলেশনে রয়েছেন বলে জানা গিয়েছে।

করোনা রীতিমতো জাঁকিয়ে বসেছে পশ্চিমবঙ্গ পুলিশের অন্দরে। লকডাউন রক্ষা হোক, সাধারণ মানুষ মাস্ক ব্যবহার করছেন কিনা, কনটেনমেন্ট জোনে "হোম ডেলিভারির" দায়িত্বই হোক-পুলিশ কর্মীরা দায়িত্ব সামলে চলেছেন। এবার করোনা আক্রান্ত হলেন শিলিগুড়ির পুলিশ কমিশনার ত্রিপুরারি অর্থব। জ্বর থাকায় শনিবার সকালে তিনি করোনা পরীক্ষা করান। রাতে তাঁর রিপোর্ট পজিটিভ আসে। বর্তমানে তিনি হোম আইশোলেশনে রয়েছেন বলে জানা গিয়েছে।

প্রসঙ্গত, কলকাতার পুলিশকর্মীরাও আক্রান্ত হচ্ছেন। কলকাতা পুলিশ বাহিনীর মোট কোভিড আক্রান্তের সংখ্যা ১ হাজার পেরিয়েছে। তবে তার মধ্যে অধিকাংশই সুস্থ হয়ে উঠেছেন এবং অনেকেই কাজেও যোগ দিয়েছেন। মৃত্যুও হয়েছে অনেকের।

ভাঙড়ে জমি কমিটিতে ভাঙন, তৃণমূলে যোগ দিল প্রায় তিনশো পাওয়ার গ্রীড বিরোধী আন্দোলনকারী

ভাঙড়, ৯ আগস্ট (হি.স.): ভাঙড়ে জমি জীবিকা বাস্তুতন্ত্র ও পরিবেশ রক্ষা কমিটি সদস্যরা শনিবার যোগদিল তৃণমূলে। প্রায় তিনশো আন্দোলনকারী দক্ষিণ ২৪ পরগণা জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি শুভাশিষ চক্রবর্তীর হাত ধরে তৃণমূল কংগ্রেসে যোগদান করছেন বলে জানান ভাঙড়ের তৃণমূল কংগ্রেস নেতা আরাবুল ইসলাম।

দেশ তথা রাজ্য জুড়ে করোনা সংক্রমণ থেকে মৃত্যু লাফিয়ে লাফিয়ে বাড়ছে। চলছে সাপ্তাহিক লকডাউন। এরই মধ্যে থেমে নেই রাজনীতি। থেমে নেই দলবদলও। বিধানসভা নির্বাচন এগিয়ে আসতেই দলবদলের রমরমা আরও জোরদারভাবে শুরু হয়েছে। ভাঙড়ের একদা অশান্ত পোলেরহাট ২ গ্রাম পঞ্চায়েতের পাওয়ার গ্রিড এলাকা থেকে জমি কমিটি ছেড়ে এদিন তৃণমূল যোগদান করেছেন প্রায় তিনশো পাওয়ার গ্রীড বিরোধী আন্দোলনকারী।

রবিবার পোলেরহাট বাজারে দক্ষিণ ২৪ পরগনা জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা সাংসদ শুভাশীষ চক্রবর্তীর উপস্থিতে এই দলবল হয়। জমি কমিটি ছেড়ে আসা কর্মীদের হাতে দলীয় পতাকা তুলে দেন জেলা সভাপতি শুভাশীষ চক্রবর্তী। তৃণমূল সুত্রের খবর, ভাঙড়ের প্রাপ্তন বিধায়ক আরাবুল ইসলাম, ভাঙড় ২ ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি অহিদুল ইসলাম সহ যুব নেতা হাকিমুল ইসলামের নেতৃত্বে পাওয়ার গ্রিড এলাকার শ্যামনগর, স্বরুপনগর, মিদ্দেপাড়া সহ মাছিভাঙ্গা গ্রাম থেকে প্রায় তিনশোজন জমি কমিটি ছেড়ে তৃণমূলে যোগদান করেন। পাল্টা জমি কমিটির যুগ্ম সম্পাদক মির্জা হাসান বলেন, করোনা পরিস্থিতিতে এখন মানুষের পাশে থাকা উচিৎ, সেখানে তৃণমূলের নেতারা আমফানের টাকা লুট করে রাজনীতি করতে নেমেছেন"। পাল্টা আরাবুল ইসলামের মন্তব্য, "করোনা পরিস্থিতিতে মানুষের পাশে নেই জমি কমিটি, তারা আন্দোলনের নামে মানুষের টাকা লুট করেছে তাই জমি কমিটি ছেড়ে অনেকেই তৃণমূলে যোগদান করেছেন।" এদিন শুভাশীষ চক্রবর্তী বলেন, "ভাঙড়ে আজ জমি কমিটি ছেড়ে তৃণমূলে যোগদান করেছেন বহু মানুষ। এইভাবে জেলা জুড়ে মানুষ বিরোধী দল ছেড়ে তৃণমূলে আসবেন বলে আমাকে দলীয় নেতারা জানিয়েছেন। করোনা পরিস্থিতি একটু শান্ত হলেই জেলায় বিরোধীদের টিকিও খুঁজে পাওয়া যাবে না।'

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

সাঁওতালি ছেলে মেয়েরা নিজেদের ভাষায় ডিএলএড করার সুযোগ পাবে : পার্থ চট্টোপাধ্যায়

ঝাড়গ্রাম, ৯ আগস্ট (হি.স.): সাঁওতালি ছেলে মেয়েরা নিজেদের ভাষায় ডিএলএড করার সুযোগ পাবে। তার জন্য ডিএলএডের ব্যবস্থা করেছি। অলচিকি হরফে যাতে পাঠ্যপুস্তক ছাপা হয় তার জন্যও চিন্তাভাবনা করা জন্য বলেছি। রবিবার বিশ্ব আদিবাসী দিবসে যোগ দিতে এসে একথা বলেন রাজ্যের শিক্ষামন্ত্রী তথা তৃণমুল কংগ্রেসের মহাসচিব পার্থ চট্টোপাধ্যায়। পাশাপাশি এদিন আদিবাসী কৃর্তী ছাত্রছাত্রীদের সমর্ধনা দেওয়া হয়।

তিনি বলেন বাঁকুড়া বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করেছে এবছর ১২৪জন ছাত্রছাত্রী অলচিকি বা সাঁওতালি মাধ্যমে উচ্চমাধ্যমিক পাশ করেছে। তাদেরকে যাতে উচ্চশিক্ষায় পড়ানো যায় তার জন্য ভূগোল, ফিলোজফিতে অনার্স আর ইতিহাস ও রাষ্ট্রবিজ্ঞানে এম এ করানো যায় তার জন্য বলেছি। এদিন প্রথমে ঝাড়্গাম শহরের সেটেলমেন্ট মোড়ে বিদ্যাসাগরের মুর্তি উন্মোচন করেন। এই মুর্তিটি দীর্ঘ কয়েকমাস আগে তৈরী করা হলেও করোনা আবহের জন্য তা উন্মোচন করা হয়নি। এদিন শিক্ষামন্ত্রী সেই বিদ্যাসাগরের মুর্তিটি উন্মোচন করেন। পরে জেলা শাসককে অফিসের সভাঘরে বিশ্ব আদিবাসী দিবসের অনুষ্ঠানে যোগ দেন।

এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝাড়্গাম জেলা পরিষদের সভাধিপতি মাধবী বিশ্বাস, গোপীবল্লভপুরের বিধায়ক চুড়ামণি মাহাত, নয়াগ্রামের বিধায়ক তথা ঝাড়্গাম জেলা তৃণমুলের সভাপতি দুলাল মুর্মু, বিনপুরের বিধায়ক খগেন্দ্র নাথ হেম্ব্রম সহ একাধিক আদিবাসী সমাজের বিশিষ্ট সমাজসেবী মানুষজনেরা। এদিন শিক্ষামন্ত্রী পার্থ বাবু আদিবাসী সমাজের মানুষজনদের ঐক্যবদ্ধ ভাবে থাকার বার্তা দেন।

ঝাড়গ্রামে বাড়ল কনটেন্টমেন্ট জোনের সংখ্যা

ঝাড়গ্রাম, ৯ আগস্ট (হি.স.): ঝাড়্গাম শহরের কনটেন্টমেন্ট জোনের সংখ্যা বাড়ানো হল। রবিবার বিকেলে আবারও শহরের তিনটি ওয়ার্ডের বেশ কিছু জায়গা কনটেন্টমেন্ট জোন হিসেবে চিহ্নিত করে ব্যারিকেড করল পুর প্রশাসন।

এদিন শহরের ৯ নম্বর ও ৭ নম্বর ওয়ার্ডের পুর্নবিথি মোড় থেকে কেড়িয়া পেট্রোল পাম্প ভায়া লেভেল ক্রসিং এলাকা। অন্যদিকে ৭ নম্বর ওয়ার্ডের দত্ত সইকেল স্টোর মোড়, পৌর মার্কেট মোড় ও আর. ও. বি থেকে লেভেল ক্রসিং এলাকা আগামী ১৬ আগষ্ট পর্যন্ত আংশিক কনটেন্টমেন্ট জোন করে ঘিরে দিয়েছে। পাশাপাশি আগে থেকে জুবিলি মার্কেট, কোর্ট রোড, সুভাষ পার্ক, স্টেশন রোড, জুবুলি মার্কেট , সবজি, পন্যবিথি মোড় থেকে রেলওয়ে লেভেল ক্রসিং এই এলাকা গুলিতে পুরোপুরি কনটেন্টমেন্ট জোন করা গুলির মেয়াদ বাড়িয়ে ১৬ আগষ্ট পর্যন্ত করা হয়েছে। এবং শহরের ৮, ৯ ও ১০ নম্বর ওয়ার্ড গুলিতে আংশিক কনটেন্টমেন্ট জোনেও মেয়াদ বাড়িয়ে ১৬ আগষ্ট করা হয়েছে।

উল্লেখ্য গত কয়েক দিনে করোনা ভাইরাস ঝাড়্গাম শহর ও জেলা জুড়ে আগুনের ফুলকির মতো বেড়ে চলেছে। এদিকে পুর পুশাসনের পক্ষ থেকে করোনা ঠেকাতে একাধিক কর্মসুচি গ্রহন করেছে তার পাশাপাশি কনটেন্টমেন্ট জোনে ঘোষণা করেছে। উল্লেখ্য ঝাড়্গাম জেলায় মোট ৫৫ জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন। তার মধ্যে ৩১ জন সুস্থ্য হয়ে বাড়ি ফিরে গিয়েছেন। বাকি ২৪ জন করোনা আক্রন্ত হয়ে হাসপাতালে ভর্তি রয়েছেন। এবিষয়ে ঝাড়্গামের পুর প্রশাসক সুবর্ণ রায় বলেন 'এদিন আরও নতুন করে দুটি ওয়ার্ডে অংশিক ভাবে কনটেন্টমেন্ট জোন করা হয়েছে। অন্যান্য কনটেন্টমেন্ট জোন গুলিরও মেয়দা বাড়িয়ে ১৬ আগষ্ট পর্যন্ত করা হয়েছে।

বালিগঞ্জ-পার্ক সার্কাসের মাঝে ট্রেনের ধাক্কায় মৃত্যু আরপিএফ কর্মীর

কলকাতা,৯ আগস্ট (হি স): ডিউটি করার সময় ট্রেনের ধাক্কায় মৃত্যু আরপিএফ কর্মীর। রবিবার বালিগঞ্জ-পার্ক সার্কাসের মাঝে শিয়ালদহগামী বজবজ স্টাফ লোকলে ধাক্কা লাগে তার। এরপর চিত্তরঞ্জন মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে তাকে মৃত বলে ঘোষণা করা হয়।

জানা যাচ্ছে,শিয়ালদহ সাউথের আরপিএফ পোস্টের কনস্টেবল পরশুরাম কুমার মারা যান ট্রেনের ধাক্কায়। ওই মৃত আরপিএফের দাবি, ওই আরপিএফ কর্মীর যেখানে দুর্ঘটনা হয়েছে সেই জায়গাটায় লাইনে বাঁক থাকায় তিনি ট্রেনটি দেখতে পারেন নি। ঘটনার সময় তিনি বালিগঞ্জের এক কনস্টেবলের সঙ্গে লাইনে পেট্রোলিং করছিলেন। সে সময় ট্রেনটি চলে আসায় তিনি ধাক্কা খান। এরপর স্থানীয় লোকজন ও সহকর্মীদের চেষ্টায় তাকে নিয়ে যাওয়া হয় হাসপাতলে। হাসপাতালে নিয়ে গেলে তাকে মৃত বলে ঘোষণা করা হয়।

জানা যাচ্ছে, মাস দেড়েক আগেই তাঁর স্ত্রী প্রথম সন্তান প্রসব করতে গিয়ে মারা যান। ভূমিষ্ট সন্তানও মারা যায়।

সৌরভ গঙ্গোপাধ্যায়

তিনের পাতার পর

এমন পরিস্থিতির জন্য বিসিসিআই সবসময় প্ল্যান-বি তৈরি রাখে। সৌরভের কথায়,"সবসময় বিকল্প রাস্তা তৈরি রাখা দরকার। এটা প্ল্যান-এ, প্ল্যান-বি"র মতো। বুদ্ধিমান ব্যক্তিরা তাই করেন। বিচক্ষণ সংস্থাও তাই করে। পেশাদার হিসেবে দীর্ঘদিন ধরে নিজেদের শক্তিশালী করে তুললে এটা সামলে নেওয়া সম্ভব। বড় কিছু রাতারাতি অর্জন করা যায় না। দীর্ঘদিনের প্রস্তুতিই আপনাকে ব্যর্থতার সময় কাটিয়ে সাফল্যের দিকে টেনে নিয়ে যেতে পারে।"

উল্লেখ্য, চিনের সঙ্গে ভারতের সাম্প্রতিক বিবাদে আইপিএল মরশুম শুরুর ঠিক আগেই টাইটেল স্পনসর থেকে সরতে ভিভোর সঙ্গে চুক্তি ছিন্ন করতে কার্যত বাধ্য হয়েছে বিসিসিআই। চিনা মোবাইল প্রস্তুতকারক সংস্থা ভিভোর সঙ্গে বিপুল অঙ্কের স্পনসরশিপ চুক্তি ছিল ভারতীয় বোর্ডের।

স্বামীর বিরুদ্ধে

তিনের পাতার পর

ডাক্তারি পাশ করে নিজের গ্রামে ফিরে আসেন। দুজনেই বিয়ের বাঁধনে বাঁধা পড়েন। তাঁরা আলাদাভাবে চেম্বার খুলে চিকিৎসা চালিয়ে যাচ্ছিলেন। মহসিনার চেম্বার ছিল কালাপানির বাঘপাড়ায়, অন্যদিকে স্বামী ডা. ইসমাইল হুসেন মোল্লার চেম্বার জেলা সদর হাটশিঙিমারিতে। দিন তিনেক আগে মহসিনা তাঁর স্বামীর বাড়িতে এসেছিলেন। কিন্তু হঠাৎ রবিবার সকালে ঘরের ভেতরে তাঁর মৃতদেহ ঝুলন্ত অবস্থায় উদ্ধার হয়। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

প্রতিক্রিয়া

তিনের পাতার পর

গত মাস তিনেক থেকে জেলার বিভিন্ন ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীনে কাজ করতে হয়েছে। কিন্তু সম্প্রতি বিভাগীয় এক নির্দেশে ফের তাঁকে পাথারকান্দি আসতে হয়।

গতকাল স্থানীয় জনৈক বাড়ি মালিক তাঁকে কিছুদিনের জন্য অন্যত্র চলে যাওয়ার কথা বললে তিনি বিষয়টি পাথারকান্দির সার্কল অফিসার তথা প্রশাসনিক ম্যাজিস্ট্রেট জনাথন ভাইপেইকে অবগত করান। সার্কল অফিসারের নির্দেশে তাঁর স্থান হয় পাথারকান্দি পূর্তবিভাগের ইনস্পেকশন বাংলোয়।

ঘটনা সম্পর্কে আক্ষেপ করে স্বাস্থ্যকর্মী অসীম ধর বলেন, দেশের এই সংকটজনক পরিস্থিতিতে আমাদের প্রথমসারির করোনা যোদ্ধা বলে আখ্যায়িত করা হচ্ছে। এরই মধ্যে আজও আমরা যে কতটা অসহায় তা বলে বোঝানো মুশকিল। পাথারকান্দির অন্য। স্বাস্থ্যকর্মীদের সঙ্গেও অনুরূপ কাণ্ড ঘটে চলছে বলেও তিনি জানান। বিষয়টিকে কেন্দ্র করে স্থানীয় বিভিন্ন মহলে প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

অনুব্রত মণ্ডলকে আগামী দিনের বিকাশ দুব বলে কটাক্ষ করলেন বিজেপির রাজ্য সহ-সভাপতি রাজু বন্দ্যোপাধ্যায়

বোলপুর , ৯ আগস্ট (হি.স.): 'বীরভূমের আদরের কেষ্ট (অনুব্রত মণ্ডল) একটা ক্রিমিনাল, আগামী দিনে বিকাশ দুবে হবে না হয়ে যায়।' এমনটাই বললেন বিজেপির রাজ্য সহ-সভাপতি রাজু বন্দ্যোপাধ্যায়। তিনি আরও বলেন, 'বীরভূমের অবস্থা কাশ্মীরের থেকেও খারাপ। রোজ বোমাবজি, তোলাবাজি গুন্ডারাজ চলছে এখানে।' ক্ষমতায় এলে অনুব্রত মণ্ডলকে জেলে পাঠানোর ইঙ্গিত দেন বিজেপি নেতা। এদিন বোলপুরে একটি বেসরকারি লজে দলীয় বৈঠকে অংশ নিতে আসেন বিজেপির রাজ্য সভাপতি রাজু বন্দ্যোপাধ্যায়। বৈঠকের আগে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, 'ভারতের ৭০০-র বেশি জেলা রয়েছে। কিন্তু, বীরভূম এমন একটা জেলা, কাশ্মিরের জেলাগুলোর সঙ্গে তুলনা করতে পারবেন না। কারণ ওখানে রোজ গুলি-বোমা চলে না, কিন্তু বীরভূমের কোথাও না কোথাও বোমাবাজি চলছে, তোলাবাজি চলছে।' তিনি আরও বলেন, 'একজন বীরভূমের নেতৃত্ব দিচ্ছেন, তিনি একজন ক্রিমিনাল। তার জেলে থাকা উচিত। আমরা ক্ষমতায় এলে তাকে জেলের ভেতরে দেখবেন। কেউ বাঁচাতে পারবে না। অক্সিজেন যায়, নাকি বেশি যায় তা জেলের ভেতর ডাক্তাররা পরীক্ষা করে দেখবেন। না অভিষেক বন্দ্যোপাধ্যায়, না মমতা বন্দ্যোপাধ্যায়, কেউ বাঁচাতে পারবে না। বীরভূমের কেষ্ট একজন ক্রিমিনাল। কত বড় নেতা, আমরা দেখে নেব।

কংগ্রেসের

● **প্রথম পাতার পর**

ফলে গ্রাম শহরে সীমাহীন ভাবে বেকার বেড়ে চলেছে। যুবক-যুবতীদের মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে সরকার গড়েছে বি জে পি। একইভাবে রাজ্যেও প্রতিশ্রুতি দিয়ে সরকার গড়েছে, কিন্তু বেকারত্ব লাফিয়ে বাড়ছে। আর মুখ্যমন্ত্রী দায়ভার এড়াতে বেকারদের জন্য অযুক্তিক মন্তব্য করে বেকারদের পানের দোকান খোলা এবং গরুর পালনের কথা বলছেন। এর তীব্র নিন্দা জানান তিনি। পাশাপাশি বর্তমান পরিস্থিতির জন্য তিনি আরো দাবি জানান, ঔষধ পত্রের উপর থেকে জিএসটি বন্ধ রাখার।

দৌড়ঝাপ

● **প্রথম পাতার পর**

এসব ঘটনা ঘটছে থাকলেও কর্তৃপক্ষ এসব বিষয়ে কঠোর কোন মনোভাব গ্রহণ করছে না। বিশেষ করে রাত্রিকালীন নিরাপত্তা কর্মীদের লতার সুযোগকে কাজে লাগিয়েই মানসিক রোগীরা হাসপাতাল থেকে পালিয়ে যাচ্ছে। ঘটনার সুষ্ঠু তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।এই ঘটনায় কর্তব্যে গাফিলতির জন্য কারা দায়ী তা খুঁজে বের করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে বিভিন্ন মহল থেকে ইতিমধ্যেই দাবি করা হয়েছে।

অভিযান

● **প্রথম পাতার পর**

চিকিৎসকের ক্লিনিকে গিয়ে দেখতে পায় ক্লিনিকে তালা লাগানো। পরবর্তী সময় ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ক্লিনিকের তালা ভাঙ্গা হয়। ক্লিনিক থেকে এইদিন বেশ কিছু বেআইনি ইনজেকশন উদ্ধার করতে সক্ষম হয় পুলিশ। এইদিনের তদন্তকারী দলে একজন ম্যাজিস্ট্রেট সহ উদয়পুর মহকুমার মহকুমা পুলিশ আধিকারিকও ছিলেন। এইদিনের তদন্তকারী দলের সাথে থাকা এক আধিকারিক জানান অভিযুক্ত চিকিৎসকের ক্লিনিক থেকে বেশকিছু বেআইনি ইনজেকশন উদ্ধার হয়েছে। তিনি আরও জানান এই ক্লিনিকে যে অবৈধ ভাবে গর্ভপাত করানো হতো তার প্রাথমিক প্রমান পাওয়া গেছে।

স্বামী

● **প্রথম পাতার পর**

বাড়িতে ফিরে স্ত্রীকে ইট দিয়ে মাথায় আঘাত করে। তাতে স্ত্রী করুনা দাস এর মাথা ফেটে যায়। রক্তাক্ত অবস্থায় স্থানীয়রা তাকে আনন্দনগর প্রাথমিক হাসপাতালে নিয়ে যান। তিন সন্তানের জননী নির্যাতিতা করুনা দাস জানান প্রতিনিয়ত তার ওপর নির্যাতন চলত।নির্যাতন সহ্য করে তিনি দীর্ঘদিন ধরে স্বামীর সংসার করে চলেছেন। আজ মাথা ফাটিয়ে দেওয়ার পর তিনি বাধ্য হয়েই থানার দ্বারস্থ হয়েছেন। অভিযুক্ত স্বামীর বিরুদ্ধে কঠোর শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণের জন্য তিনি দাবি জানিয়েছেন।এই ঘটনার সংবাদ ছড়িয়ে পড়তেই আনন্দনগর এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

বামপন্থীদের

● **প্রথম পাতার পর**

করা হয়েছে।

সিটু নেতা মানিক দে অভিযোগ করেন বর্তমান সরকারের আমলে এই যে গণতান্ত্রিক আন্দোলন করতে দেওয়া হচ্ছে না। তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন দমন-পীড়ন চালিয়ে আন্দোলন স্তব্ধ করা যাবে না। এ ধরনের দমন-পীড়ন নীতি চালানো হলে আন্দোলন আরও তেজি হবে বলে তিনি উল্লেখ করেন। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের জনস্বার্থবিরোধী কর্মসূচির বিরুদ্ধে প্রতিবাদ বিক্ষোভ আন্দোলনে শামিল হওয়ার জন্য শুভবুদ্ধি সম্পন্ন জনগণের প্রতি তিনি আহ্বান জানিয়েছেন।

এদিকে চারটি বামপন্থী সংগঠনের প্রতিবাদ-বিক্ষোভ আন্দোলন কর্মসূচিকে কেন্দ্র করে ওই এলাকায় কঠোর নিরাপত্তা ব্যবস্থা করা হয়। নিরাপত্তা কর্মীদের ঘেরাটোপ এর মধ্যেই তাদেরকে আন্দোলনে শামিল হতে হয়েছে।

প্রধানমন্ত্রী

● **প্রথম পাতার পর**

এগ্রিকালচার ক্রেডিট সোসাইটি, কৃষি, খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্র।

এদিন এ প্রসঙ্গে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কিষান রেলের কথা উল্লেখ করেন।বিহার এবং মহারাষ্ট্রের মধ্যে এই প্রকল্প চালু করা হয়েছে।এরফলে উপকৃত হবে ছোট কৃষকেরা। ট্রেনটি উত্তরপ্রদেশ এবং মধ্যপ্রদেশের মধ্যে দিয়ে যাওয়ার ফলে উপকৃত হবে এই রাজ্যগুলির কৃষকেরা।মহারাষ্ট্রের নাসিকের দেবিলাল থেকে বিহারের পাটনার দানাপুর পর্যন্ত এই ট্রেনটি চলবে। বড় শহরের সঙ্গে সরাসরি কৃষকদের সংযুক্তিকরণ হবে। ফলে মৎস্যচাষ, পশুপালন এবং কৃষি সার্বিক উন্নয়ন হবে। ছোট কৃষকদের কষ্ট নিবারণের জন্য ক্রমাগত কাজ করে চলেছে।কৃষি ক্ষেত্রে ভারতকে আত্মনির্ভর করার পক্ষে এই প্রকল্প ইতিবাচক ভূমিকা পালন করবে।বিভিন্ন জেলার বিখ্যাত পণ্যগুলোকে সাধারণের নাগালের মধ্যে নিয়ে আসার জন্য ক্রমাগত কাজ করে চলেছে প্রশাসন। ভারতকে আত্মনির্ভর করার পক্ষে এই প্রকল্প ইতিবাচক ভূমিকা পালন করবে।

কেঁপে উঠল সিকিম

পাচের পাতার পর

কাকভোরে কম্পন অনুভূত হয়েছে অসমে। অসমের সোনিতপুরে কম্পন অনুভূত হয়। রিখটার স্কেলে কম্পনের মাত্রা ছিল ৩.৫। কম্পনের জেরে আতঙ্কে বহু মানুষ রাস্তায় বেরিয়ে পড়েন। তবে হতাহত বা ক্ষয়ক্ষতির খবর নেই।

নিহত ১৬ জন

পাচের পাতার পর

দিল্লির বাইরে থেকে রোগীরা এসে এখানে পরীক্ষা করাচ্ছে। তাই দিনকে দিন আক্রান্ত সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। দিল্লির বাসিন্দাদের মধ্যে করোনা এখন নিয়ন্ত্রণে রয়েছে।

অন্যদিকে এদিন করোনা চিকিৎসার যাতে কোনও রকমের খামতি না থাকে তার জন্য আম্বেদকর নগর হাসপাতালে ২০০ শয্যার উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। এই শয্যগুলি করোনা রোগীদের জন্য ব্যবহার করা হবে বলে জানা গিয়েছে। প্রতিটি শয্যাসঙ্গী অক্সিজেন সিলিন্ডার রাখা হয়েছে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

রাজ্যে আরও তিন হাজার নার্স নিয়োগের দাবি জানাল জাতীয়তাবাদী নার্সেস অ্যাসোসিয়েশন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। জাতীয়তাবাদী নার্সেস অ্যাসোসিয়েশন রাজ্যে আরও তিন হাজার নার্স নিয়োগের জোরালো দাবি জানিয়েছে। এছাড়া হেলথ অফিসার পদে জে এন এ নার্সদের নিয়োগের উদ্যোগ গ্রহণ করতেও রাজ্য সরকারের প্রতি এসোসিয়েশনের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে। রবিবার প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সংগঠনের পক্ষ থেকে এই দাবি জানানো হয়েছে। এসোসিয়েশনের নেতৃবৃন্দ জানান করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে রাজ্যে নার্সের যথেষ্ট ঘাটতি রয়েছে। পরিস্থিতি মোকাবেলার জন্য অবিলম্বে কমপক্ষে ৩০০০ নার্স নিয়োগ জরুরি বলে মনে করে এসোসিয়েশন। বর্তমান জটিল পরিস্থিতি মোকাবেলার জন্য রাজ্য সরকারের পাশে রয়েছে এই সংগঠন।এসোসিয়েশনের নেতৃবৃন্দ তাদের বেশ কিছু দাবি তুলে ধরে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করেছে। অবিলম্বে এসব দাবি মেটানোর জন্য তারা রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন। করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় রাজ্য সরকার যেসব পদক্ষেপ গ্রহণ করেছে তা খুবই ইতিবাচক বলেও সংগঠন মনে করে। র

সবসময় মেসিকে পাস না দেওয়া শিখতে হবে

যেখানেই বল পাও, লিওনেল মেসিকে খুঁজে নাও। সব সমস্যার সমাধান যেন মেসি। এই অতি নির্ভরশীলতা অনেকবারই ভুগিয়েছে আর্জেন্টিনাকে। লেয়ান্দ্রো পারদেসের উপলব্ধি, সব সময় মেসিকে পাস না দেওয়া শিখতে হবে তাদের। বুঝতে হবে কখন তাকে বল দিতে হবে আর কখন বিকল্প বেছে নিতে হবে।

মেসি বেশিরভাগ সময়ই থাকেন কড়া মার্কিংয়ে। তাকে অরক্ষিত পাওয়া প্রায় অসম্ভব। যত কড়া পাহারাতেই তিনি থাকুন, জাতীয় দলে সব সময়ই তাকে পাস দেওয়ার প্রবণতা রয়েছে। প্যারিস থেকে এক ভার্চুয়াল আলাপচারিতায় পারেদেস জানান, সবসময় যে পাস দেওয়ার জন্য মেসি সেরা পছন্দ নয়, তা বুঝতে পারছেন তারা।

"বল পাস দেওয়ার জন্য লিও সবসময় প্রথম ও সেরা পছন্দ নয়, এটা বুঝতে পারা এবং সেই অনুযায়ী সিদ্ধান্ত নেয়া ছিল আমাদের জন্য মূল ব্যাপার। তাকে বল দিতে হবে তখন, যখন তিনি এর সুবিধা নিতে পারবেন। এটা এমন কিছু যা আমরা করতাম না। এরপর থেকে আমরা অনেক উন্নতি করেছি।"

অনেকেই মনে করেন মাঠে মেসিকে বুঝতে পারা ও তার সঙ্গে খেলা কঠিন। তবে এমনটি মনে করেন না রাশিয়া বিশ্বকাপের পর কোচ লিওনেল স্কালোনির দলের অংশ পারেদেস।

গত বিশ্বকাপের পর থেকে অনেক পরিবর্তন এসেছে আর্জেন্টিনা দলে। লিওনেল স্কালোনি দায়িত্ব নেওয়ার পর সুযোগ দিয়েছেন অনেক তরুণ খেলোয়াড়কে। তারা শিখে নিচ্ছেন কীভাবে মেসির পাশে খেলতে হয়। পিএসজি মিডফিল্ডার পারেদেস জানালেন, মেসির সঙ্গে খেলার অভিজ্ঞতার কথা।

"তার সঙ্গে খেলা কীভাবে সহজ নয়? তিনি অসাধারণ। যখন তার কাছে বল থাকে, দুই, তিন অথবা চারজন তাকে ঘিরে ধরে। তখন ভাববেন, 'এবার সতর্ক হতে হবে, কারণ তিনি বল হারাতে পারেন।' আপনি পিছু হটবেন এবং হঠাৎ করেই দেখবেন সেই চারজনের মধ্য থেকে বেরিয়ে বল নিয়ে তিনি খেলে যাচ্ছেন। এটা অসাধারণ।"

আবারও ফেদেরারের হাঁটুতে অস্ত্রোপচার

রজার ফেদেরারের ডান হাঁটুতে আবারও অস্ত্রোপচার করানো হয়েছে। ফলে ২০২০ মৌসুমে আর কোর্টে নামার সম্ভাবনা নেই রেকর্ড গ্র্যান্ড স্ল্যাম জয়ী তারকার।

গত ফেব্রুয়ারিতে একই জায়গায় অস্ত্রোপচার হয়েছিল ২০টি গ্র্যান্ড স্ল্যাম জয়ী ফেদেরারের। পুনর্বাসন চলার মধ্যে আবারও সেখানে সমস্যা অনুভব করেন তিনি।

গত মার্চ থেকে বন্ধ রয়েছে পেশাদার টেনিস। কবে আবার শুরু হবে, তাও অনিশ্চিত। তবে ৩৮ বছর বয়সী ফেদেরারের যে এ বছরে ফেরা হচ্ছে না তা তিনি বুধবার এক টুইটে নিশ্চিত করেছেন।

গত জানুয়ারিতে অস্ট্রেলিয়ান ওপেনের সেমি-ফাইনালে নোভাক জোকোভিচের কাছে হারের পর আর খেলেননি ফেদেরার।

২০১৬ সালেও হাঁটুর চোটে লম্বা সময় বাইরে ছিলেন এই সুইস তারকা। ফিরে পরের বছর জেতেন অস্ট্রেলিয়ান ওপেন ও উইম্বলডন।

কোহলির মতো ভালো হতে চান বাবর

দুর্দান্ত ফর্ম আর নজরকাড়া ব্যাটিংয়ের জন্য বিরাট কোহলির সঙ্গে ইদানিং তুলনা করা হয় বাবর আজমকে। পাকিস্তানের ওয়ানডে ও টি-টোয়েন্টি অধিনায়কের অবশ্য এমন তুলনা পছন্দ নয়। তার চোখে ভারত অধিনায়ক অনেক এগিয়ে। কোহলিকেই অনুসরণ করে হতে চান তার মতো ভালো। দুই টপ অর্ডার ব্যাটসম্যানই রান করেন অনায়াসে। দুই জনেরই কাভার ড্রাইভ দৃষ্টিনন্দন। একমাত্র ক্রিকেটার হিসেবে তিন সংস্করণেই ৫০-এর উপরে গড় কোহলির। বাবরের টেস্টে গড় ৪৫-এর উপরে, ৫০-এর উপরে গড় ওয়ানডে ও টি-টোয়েন্টিতে।

তাদের দুজনকে অনেকে একই পাল্লায় রাখলেও নিজেকে কোহলির চেয়ে অনেক পেছনে রাখেন বাবর। ভারতীয় ধারাভাষ্যকার হার্ষা ভোগলের সঙ্গে ক্রিকবাজে এক অনলাইন আলাপচারিতায় কোহলির প্রতি মুগ্ধতা প্রকাশ করেন পাকিস্তানি ব্যাটসম্যান।

"তিনি (কোহলি) অন্যতম সেরা ক্রিকেটার। আমি এখনও তার পেছনে। আমি তার মতো ভালো হওয়ার এবং দেশের জন্য ম্যাচ জেতার চেষ্টা করব। এশিয়ার ব্যাটসম্যানদের ব্যাটিং কৌশল ও শট খেলার ধরণ একই রকম। আমার মনে হয়, আমাদের দুজনের কিছু শট একই রকম।"

২৫ বছর বয়সী তারকা নিজেকে কারও সঙ্গে তুলনা করতে চান না। তবে অনুসরণ করেন শীর্ষ ব্যাটসম্যানদের, দেখেন কিভাবে তারা কন্ডিশনের সঙ্গে খাপ খাইয়ে নেন, কিভাবে কঠিন সময়গুলো মোকাবেলা করেন।

"গ্রেটদের সঙ্গে আমি নিজের তুলনা করি না। আমি যখন খেলি, তখন কাউকে কোনো কিছু দেখানোর অথবা কোনোকিছু প্রমাণ করার চেষ্টা করি না। আমার কাছে বিষয়টা হলো, নিজের পারফরম্যান্সে আমি সন্তুষ্ট কি-না।"

তবে নিজের পারফরম্যান্সে বাবর খুশি হন কমই। উন্নতির জায়গাগুলোই তাকে করে আরও ক্ষুধার্ত।

"যতক্ষণ পাকিস্তানকে ম্যাচ জিততে সাহায্য করতে পারি, ততক্ষণ আমি খুশি। খুব কমই আমি নিজের পারফরম্যান্সে খুশি হই, কারণ সবসময় আমি উন্নতির জায়গা দেখি।"

করোনাভাইরাস পরিস্থিতিতে ক্রিকেটের বাইরে আছেন বাবরও। সবকিছু ঠিকঠাক থাকলে আগামী অগাস্টে মাঠে ফিরতে পারেন তিনি। অগাস্ট-সেপ্টেম্বরে ইংল্যান্ড সফরে তিনটি করে টেস্ট ও টি-টোয়েন্টি খেলবে পাকিস্তান।

ইংল্যান্ডে 'নিরাপদ' অনুভব করছে ওয়েস্ট ইন্ডিজ

সফরের আগে মনে ছিল উদ্বেগ, শঙ্কা। ইংল্যান্ডে পৌঁছানোর পর সে সব অনেকটাই কেটে গেছে। ওয়েস্ট ইন্ডিজ অধিনায়ক জেসন হোল্ডার জানালেন, ম্যানচেস্টারে নিরাপদ অনুভব করছেন তারা।

কোভিড-১৯ পরীক্ষায় সবাই নেগেটিভ আসার পর গত সোমবার দেশ ছাড়া ওয়েস্ট ইন্ডিজ দল পরদিন পৌঁছায় ইংল্যান্ডে। ওল্ড ট্র্যাফোর্ডে 'জীবাণুমুক্ত পরিবেশে' থেকে তিন সপ্তাহ অনুশীলন শেষে যাবে সাউথ্যাম্পটনে। সেখানে আগামী ৮ জুলাই শুরু হবে প্রথম টেস্ট। ওল্ড ট্র্যাফোর্ডে ১৬ ও ২৪ জুলাই শুরু হবে তিন ম্যাচ সিরিজের বাকি দুই টেস্ট।সব ম্যাচই হবে দর্শকশূন্য স্টেডিয়ামে। এই প্রথম কোনো আন্তর্জাতিক ম্যাচ হতে যাচ্ছে জীবাণুমুক্ত পরিবেশে। অস্বাভাবিক পরিস্থিতি হলেও চাপে নেই দল, বিবিসিকে জানালেন হোল্ডার।"অনেক মানুষ ক্রিকেটের জন্য হাহাকার করছিল। এটা এমন নয় যে, আমরা গিনিপিগ হতে চেয়েছি। এই গ্রীষ্মে যুক্তরাজ্য সফরে আসা সবসময় আমাদের পরিকল্পনায় ছিল। যখন সফরের সম্ভাবনা নিয়ে আমরা কথা বলেছিলাম, সবাই স্বচ্ছন্দ ছিল। আর এখন আমরা এখানে।"

প্রতিশ্রুতি অনুযায়ী সর্বোচ্চ সুরক্ষার ব্যবস্থা করেছে ইসিবি। যথেষ্ট পরিমাণে হ্যান্ড স্যানিটাইজার, গ্লাভস, থার্মোমিটার জরুরি জিনিসগুলো সফরকারীদের জন্য প্রচুর পরিমাণে রেখেছে। ইসিবির তৎপরতায় সন্তুষ্টির কথা জানান ক্যারিবিয়ান অধিনায়ক।"এই ব্যাপারগুলো দুঃশ্চিন্তা থেকে মুক্তি এবং স্বস্তি দেয়। যদি আমরা এই সব জিনিস না পেতাম তাহলে আসলেই আমরা নিরাপদ কি-না, সেই প্রশ্ন জাগত। এখন পর্যন্ত ইসিবি যা করেছে, এর জন্য তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করার ভাষা নেই।"

প্রতিপক্ষ কোচ আক্রান্ত, ম্যাচ বাতিল ইউনাইটেডের

স্টোক সিটির কোচ করোনাভাইরাসে আক্রান্ত জেনে শেষ মুহূর্তে তাদের বিপক্ষে প্রস্তুতিমূলক ম্যাচ বাতিল করেছে ম্যানচেস্টার ইউনাইটেড।

ইউনাইটেডের ট্রেনিং গ্রাউন্ডে মঙ্গলবারের ম্যাচের জন্য চলছিল স্টোকের অনুশীলন। এই সময় আসে তাদের কোচ মাইকেল ও'নিলের কোভিড-১৯ পরীক্ষার ফল পজিটিভের খবর। আগের পাঁচ রাউন্ডের পরীক্ষায় প্রতিবার নেগেটিভ ছিলেন এই আইরিশ কোচ, এক বিবৃতিতে জানায় স্টোক।করোনাভাইরাসের প্রভাবে গত মধ্য-মার্চ থেকে বন্ধ থাকা প্রিমিয়ার লিগ মাঠে ফিরছে আগামী বুধবার। ম্যানইউ ফিরবে এর দুই দিন পর, প্রতিপক্ষ টটেনহ্যাম হটস্পার।২৯ ম্যাচে ১২ জয় ও ৯ ড্রয়ে ৪৫ পয়েন্ট নিয়ে তালিকার পাঁচে ইউনাইটেড। তাদের চেয়ে তিন পয়েন্টে এগিয়ে চারে চেলসি। ৮২ পয়েন্ট নিয়ে প্রায় ধরাছোঁয়ার বাইরে লিভারপুল। ৫৭ পয়েন্ট নিয়ে দুইয়ে ম্যানচেস্টার সিটি। তিনে থাকা লেস্টারের পয়েন্ট ৫৩।

ভেস্তে যাওয়া লিগ ওয়ানে থাকল না অবনমন

অনাহূত পরিস্থিতিতে থমকে যাওয়া লিগ মৌসুম বাতিলের সিদ্ধান্তের বিরুদ্ধে অলিম্পিক লিওঁ, আমিয়াঁ ও তুলুজের করা আপিল খারিজ করে দিয়েছে ফ্রান্সের সর্বোচ্চ প্রশাসনিক আদালত।তবে আমিয়াঁ ও তুলুজের অবনমনের যে সিদ্ধান্ত নিয়েছিল লিগ কর্তৃপক্ষ, তা বাতিল করে দেওয়া হয়েছে।

করোনাভাইরাসের প্রকোপে আগামী সেপ্টেম্বর পর্যন্ত ফ্রান্সে সব ধরনের ক্রীড়া ইভেন্ট নিষিদ্ধ হওয়ায় গত ২৮ এপ্রিল লিগ ওয়ানের চলতি মৌসুম বাতিল ঘোষণা করা হয়। এর দুই দিন পর চ্যাম্পিয়ন ঘোষণা করা হয় পিএসজিকে।

তোমাদের ক্ষমা চাওয়া উচিত সানরাইজার্স হায়দরাবাদের প্রাক্তন সতীর্থদের উদ্দেশ্যে বার্তা ড্যারেন স্যামি

নয়াদিল্লি, ৯ জুন (হি.স.): আইপিএলে বর্ণবিদ্বেষের শিকার হওয়ার অভিযোগ থেকে সরে আসছেন না ড্যারেন স্যামি। সানরাইজার্স সতীর্থদের উদ্দেশ্যে স্যামি বলেন, 'তোমাদের ক্ষমা চাওয়া উচিত'। মঙ্গলবার স্যা ইনস্টাগ্রামে একটি ভিটিও পোস্ট করে এই বার্তা দেন তিনি।

এর আগে আইপিএল-এ সানরাইজার্স হায়দরাবাদে খেলা ড্যারেন স্যামি। ওই দলের প্রাক্তন সতীর্থদের বিরুদ্ধে বর্ণবিদ্বেষের তিনি।

তাঁর অভিযোগ সানরাইজার্স হায়দরাবাদের হয়ে আইপিএল খেলার সময় তাঁকে ও শ্রীলঙ্কান তারকা থিসারা পেরেরাকে কালু বলে ডাকতেন সতীর্থরা, যার মানে তখন না বুঝলেও এখন জানতে পেরেছেন। কালুর মানে কালো মানুষ, এটা জানতে পেরে ভীষণ রাগ হচ্ছে তাঁর।যদিও ইরফান পাঠান, বেনুগোপাল রাও, পার্থিব প্যাটেল, পারভেজ রসুলের মতো ভারতীয় ক্রিকেটাররা অস্বীকার করেন এমন কোনও ঘটনার কথা তাঁদের মনে পড়ছে বলে। তবে মঙ্গলবার স্যামি ইনস্টাগ্রামে একটি আবেগপ্রবণ ভিটিও পোস্ট করেন।

যেখানে তিনি নাম না করে সানরাইজার্সের সেই সব সতীর্থদের বার্তা দিয়েছেন, যাঁরা তাঁকে কালু নামে ডাকতেন। স্যামি স্পষ্ট জানান যে, তিনি রেগে আছেন বটে, তবে সবাইকে তিনি নিজের ভাইয়ের মতো দেখেন। তাই তাঁরা যেন তাঁর সঙ্গে যোগাযোগ করে ক্ষমা চেয়ে নেন।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

চতুর্থবারের জন্য শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন মহিন্দ্রা রাজাপক্ষে

কলম্বো, ৯ আগস্ট (হি. স.): রবিবার চতুর্থবারের জন্য শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী পদে শপথ নিলেন মহিন্দ্রা রাজাপক্ষে।এদিন উত্তর কলম্বোর কেলানিয়া রাজামাহা বৌদ্ধবিহারে শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।সেখানে শপথ নেন দক্ষিণ এশিয়ার অতি বিতর্কিত এই রাজনৈতিক ব্যক্তিত্ব।শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রীলঙ্কার প্রশাসনের শীর্ষ নেতৃত্ব।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষে।স্থানীয় সময় সকাল ৯ টা ৩২ মিনিট নাগাদ শপথ গ্রহণ অনুষ্ঠান শুরু হয়।এখানে উল্লেখযোগ্য বিষয় সদ্যসমাপ্ত শ্রীলঙ্কার সাধারণ নির্বাচনে বিপুল ভোটে জয়ী হন রাজাপক্ষে।প্রসঙ্গত ২০০৪ সালে প্রথমবারের জন্য শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী হন রাজাপক্ষে। তার সংক্ষিপ্ত মেয়াদ শেষ হয়ে ২০০৫ সালে। সেই বছরই আবার প্রধানমন্ত্রী পদে বসেন তিনি। ২০১৫ সাল পর্যন্ত সেই পদে থেকে যান। ২০১৮ সালে এক বছরের জন্য প্রধানমন্ত্রীর পদে বসেন।শ্রীলঙ্কার সাধারণ নির্বাচনে রাজাপক্ষের ভাইয়ের দল এসএলপিপি বিপুল ভোটে জয়যুক্ত হয়। ২২৫ আসনের মধ্যে ১২৫ জয় যুক্ত হয় তারা।

ফের সংঘর্ষবিরতি লঙ্ঘন করল পাকিস্তান, যোগ্য জবাব ভারতের

নয়াদিল্লি, ৯ আগস্ট (হি. স.): করোনা মহামারীর জেরে চরম দুর্ভোগের মধ্যে দিয়ে যাচ্ছে গোটা বিশ্ব। দক্ষিণ এশিয়াতে এই মহামারীর বাড়বাড়ন্ত লাগামহীন হয়ে উঠেছে।কিন্তু নিজের অভ্যাস থেকে এখনো পিছু সরে আসেনি পাকিস্তান।রবিবার সকালে ফের সংঘর্ষ বিরতি লঙ্ঘন করে সেই বার্তাই দিলো তারা। রবিবার সকাল ৬ টা ৪৫ মিনিট নাগাদ জম্মু ও কাশ্মীরের পুঞ্চ জেলার মানকোট সেক্টরে ভারতীয় সেনা ছাউনিগুলি লক্ষ্য করে অবিরাম ধারায় গোলা বর্ষণ করতে থাকে পাকিস্তান। মর্টার দিয়ে শেলিং করার পাশাপাশি মাঝারি ও ছোট স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্র দিয়ে চলে অবিরাম ধারায় গুলিবর্ষণ।পাল্টা যোগ্য জবাব দিয়েছে ভারত।শুরু হয় দু"পক্ষে তুমুল গুলির লড়াই। মনে করা হচ্ছে ভারতীয় ভূখণ্ডে জঙ্গিদের অনুপ্রবেশ করানোর জন্য এই সংঘর্ষবিরতি লঙ্ঘন করেছে পাকিস্তান।সম্প্রতি সীমান্তবর্তী অঞ্চল পরিদর্শন করে গিয়েছেন পাকিস্তানের সেনাপ্রধান বাজওয়া। এর পরই চূড়ান্ত সতর্ক ভারত।

ভারতে করোনায় একদিনে আক্রান্ত ৬৪৩৯৯

নয়াদিল্লি, ৯ আগস্ট (হি. স.): একাধিক পদক্ষেপ নেওয়া সত্ত্বেও করোনার বাড়বাড়ন্ত অব্যাহত গোটা দেশে। বিগত ২৪ ঘণ্টায় মারণ এই রোগে আক্রান্ত ৬৪৩৯৯। ওই সময়ের মধ্যে মৃতের সংখ্যা ৮৬১। ফলে গোটা দেশজুড়ে করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে সব মিলিয়ে ৪৩৩৭৯ বলে রবিবার সকালে জানিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক। প্রশাসনিক কর্তাদের চিন্তার ভাঁজ বাড়িয়ে দিয়ে করোনা আক্রান্ত সবমিলিয়ে ২১৫৩০১১।এর মধ্যে সক্রিয় আক্রান্তের সংখ্যা ৬২৮৭৪৭।সুস্থ হয়ে বাড়ি ফিরে গিয়েছে ১৪৮০৮৮৫।করোনা এর সবথেকে খারাপ অবস্থা মহারাষ্ট্রের। সেখানে সক্রিয় আক্রান্তের সংখ্যা ১৪৭৩৫৫।অন্যদিকে ভারতীয় চিকিৎসা বিজ্ঞান গবেষণা পরিষদ আইসিএমআরের তরফ

ছয়ের পাতায় দেখুন

মাস্ট সিটির অন্তর্গত রবিবার আগরতলায় চলে উচ্ছেদ অভিযান। ছবি- নিজস্ব

পরিবারের একজনকে চাকুরীর টোপ দিয়ে অঙ্গনওয়াড়ি কেন্দ্র জোত জমিতে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। জায়গার মালিকের ঘড়ে চাকুরি না দিয়ে অঙ্গওয়াড়ী সেন্টারে নিজেদের পছন্দের লোককে সেন্টারের হেল্পারের চাকুরি দিতে চাইছে পঞ্চায়েত কতৃপক্ষ। এনিয়ে ক্ষোবে ফুসছেন জায়গার মালিক।ঘটনা ফটিকরায়ের রাধানগরে।

জানাগেছে ১৯৯০ সনে এলাকায় এই অঙ্গনওয়াড়ী সেন্টারটি চালুর জন্য নিজেদের জোত জায়গা দান করেন এলাকার বাসিন্দা রসময় দেবনাথ।শর্ত ছিলো স্কুল যতদিন থাকবে সেখানে পরিবারের একজনকে চাকুরিতে রাখতে হবে।শর্ত অনুযায়ী ১৯৯০ থেকে স্কুল চালুর পর থেকেই এখানে হেল্পার হিসেবে নিযুক্তি পান পরিবারের সদস্যা চারুবালা দেবনাথ।এতোদিন সব ঠিকঠাক চলছিলো কিন্তু সম্প্রতি ঐ হেল্পার চাকুরি থেকে অবসর পেতেই শুরু হয় সমস্যা।

তিনি অবসর নেওয়ায় স্থানীয় শাসকদল পরিচালিত রাধানগর গ্রামপঞ্চায়েত কতৃপক্ষ তাদের পছন্দের তথা দলের লোককে এই চাকুরি দেবার চেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ।তাদের দাবী কথার চুক্তি না মানলে অঙ্গনওয়াড়ী সেন্টার এখান থেকে স্থানান্তর করতে হবে অন্যত্র।

এদিকে পঞ্চায়েতের পছন্দ মতো জনৈকা হেল্পার মহিলা কাজে যোগ দিতে গেলে তাতে আপত্তি জানায় চারুবালা দেবনাথের পরিবারের সদস্যরা,এমনই অভিযোগ করলেন ঐ মহিলা।

শর্ত না মানায় বর্তমানে চারুবালা দেবনাথের পরিবার আশ্রয় নিয়েছেন ঐ অঙ্গনওয়াড়ী সেন্টারটিতে।এই সমস্যা কয়েকদিন ধরে চলে আসলেও দায়িত্বপ্রাপ্ত দপ্তর সমস্যা সুরাহার কোনো উদ্যোগ নিচ্ছেনা বলে অভিযোগ।

চারুবালা দেবনাথের চাকুরির মেয়াদ শেষ হয়ে যেতেই শাসক দলের পঞ্চায়োত কতৃপক্ষ কায়দা করে নিজেদের লোক দিয়েই চালাতে চাইছে সেন্টারটি বলে অভিযোগ।যা মানতে পারছেননা গ্রামের শুভবুদ্ধি সম্পন্ন মানুষও।ঘটনা নিয়ে ক্ষেবে ফুসছেন চরুবালা দেবনাথের পরিবার।

জয়নগরে শাটার ভেঙ্গে এক দোকানে দুঃসাহসিক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। রাজধানী আগরতলা শহরের জয়নগর যুবসমাজ ক্লাব সংলগ্ন এলাকায় শাটার ভেঙ্গে এক দোকানে দুঃসাহসিক চুরির ঘটনা সংঘটিত করেছে চোরের দল। রবিবার সকালে দোকানের মালিক দোকানে এসে লক্ষ করেন শাটার ভাঙ্গা। ভিতরে ঢুকে লক্ষ করেন দোকানের সমস্ত জিনিসপত্র তছনছ করে দিয়েছে চোরের দল। দোকান থেকে প্রচুর জিনিসপত্র নিয়ে গেছে চোরেরা। চুরির ঘটনায় দোকানের মালিক রীতিমতো হতভম্ব হয়ে পড়েন। সঙ্গে সঙ্গে খবর পাঠানো হয় বড়তলা আউটপোস্ট এ।ঘটনার খবর পেয়ে বটতলা আউটপোস্ট পুলিশ ঘটনাস্থলে ছুটে আসে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। তবে চুরি যাওয়া মালপত্র উদ্ধার কিংবা চোরদের টিকির নাগাল ও পায়নি পুলিশ। জয়নগরে দুঃসাহসিক চুরির ঘটনায় এলাকার জনমনে তীব্র আতঙ্ক সৃষ্টি হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে গত বেশ কিছুদিন ধরেই জয়নগরে এলাকায় চুরির ঘটনা ঘটে চলেছে।বিশেষ করে লকডাউন চলাকালে চোরের উপদ্রব মারাত্মকভাবে বৃদ্ধি পেয়েছে বলে জানিয়েছেন এলাকাবাসী। পরপর এসব চুরির ঘটনায় এলাকাবাসী রাত্রিকালীন নিরাপত্তা নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন। এলাকায় রাত্রিকালীন পুলিশি টহল বাড়ানোর জন্য এলাকাবাসীর তরফ থেকে জোরালো দাবি জানানো হয়েছে। স্থানীয় জনগণের অভিযোগ পরপর এসব চুরির ঘটনা ঘটলেও কোন ক্ষেত্রেই পুলিশ সাফল্য পায়নি। পুলিশের অস্তিত্ব নিয়েও অনেকে প্রশ্ন করেছেন।বিশেষ করে রকটাউন এবং কারফিউ চলাকালে কীভাবে এসব চুরির ঘটনা সংঘটিত হচ্ছে সেই প্রশ্ন মাথাচাড়া দিয়ে উঠতে শুরু করেছে। এখন দেখার বিষয় চুরির ঘটনা কিনারা করতে পারে কিনা পুলিশ। সেই প্রতীক্ষায় রয়েছেন এলাকার সাধারণ মানুষজন।

আগরতলা লায়ন্স ক্লাব এবং খোয়াই লায়ন্স ক্লাবের যৌথ উদ্যোগে রক্তদান শিবির

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। আগরতলা লায়ন্স ক্লাব এবং খোয়াই লায়ন্স ক্লাবের যৌথ উদ্যোগে রবিবার আগরতলায় আইজিএম হাসপাতালে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে কম করেও ৩০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।রক্তদান শিবির কে কেন্দ্র করে লায়ন্স ক্লাবের সদস্যদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয়।রক্তদান শিবির সংগঠিত করার বিষয় নিয়ে লায়ন্স ক্লাবের কর্মকর্তারা জানান বর্তমান করোনা সংক্রমণ জনিত পরিস্থিতিতে অনেকেই আতঙ্কে রক্তদান শিবিরে অংশ নিতে চাইছেন না। এর ফলে রাজ্যের সব কটি ব্লাড ব্যাংকেই রক্ত সংকট দেখা দিয়েছে। এক ফলে চিকিৎসা পরিষেবা বিঘ্নিত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।একথা মাথায় রেখেই আগরতলায় লায়ন্স ক্লাব এবং লায়ন্স ক্লাব যৌথভাবে আইজিএম হাসপাতালে রবিবার রক্তদান শিবির সংগঠিত করার উদ্যোগ গ্রহণ করে। অদূর ভবিষ্যতে এ ধরনের রক্তদান শিবিরে লায়ন্সক্লাব এগিয়ে আসবে বলে তারা জানিয়েছেন।উদ্যোক্তারা আরো জানান লায়ন্স ক্লাব সবসময়ই মানুষের পাশে দাঁড়াতে বদ্ধপরিকর।সেই সেবা মূলক কর্মসূচির অঙ্গ হিসেবেই রবিবার আইজিএম হাসপাতালে ব্লাড ব্যাংকে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে।অন্যান্য ক্লাব স্বেচ্ছাসেবী সংগঠন এবং সমাজসেবী সংগঠন গুলিকে রক্তদান শিবিরে এগিয়ে আসার জন্য লায়ন্স ক্লাবের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।তারা জানান এই সংকটময় মুহুর্তে রক্তদানে এগিয়ে না আসলে রাজ্যের চিকিৎসা পরিষেবা বিঘ্নিত হওয়ার যথেষ্ট আশঙ্কা রয়েছে। সে কথা মাথায় রেখেই স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে আসতে হবে।

১০ দফা দাবিতে প্রতিবাদ-বিক্ষোভ আন্দোলনে শামিল বাঙালি ছাত্র সমাজ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। মাতৃভাষার অধিকার অক্ষুন্ন রাখা সহ ১০ দফা দাবিতে রবিবার রাজধানী আগরতলা শহরের মঠ চৌমুহনীতে প্রতিবাদ-বিক্ষোভ আন্দোলনে শামিল হয় বাঙালি ছাত্র সমাজ। বাঙালি ছাত্র সমাজের নেতৃবৃন্দ অভিযোগ করেন করোনা ভাইরাস সংক্রমণ জনিত পরিস্থিতিতেই কেন্দ্রীয় সরকার নয়া জাতীয় শিক্ষা নীতি গ্রহণ করে মাতৃভাষার অধিকার কেড়ে নেওয়ার চক্রান্তে লিপ্ত হয়েছে। এ ধরনের চক্রান্ত বাঙালি ছাত্র সমাজ কোনোভাবে মেনে নেবে না বলে হুঁশিয়ারি দেওয়া হয়েছে। তারা এই ইস্যুতে দেশব্যাপী বৃহত্তর আন্দোলনে সামিল হবে বলে জানিয়েছে।রাজধানীর মঠ চৌমুহনীতে তারা আন্দোলনে সামিল হলে পুলিশ বাধা দেয়।

ছয়ের পাতায় দেখুন

প্রতিরক্ষা ক্ষেত্রকে আত্মনির্ভর করে তুলতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ রাজনাথের

নয়াদিল্লি, ৯ আগস্ট (হি. স.): প্রতিরক্ষা ক্ষেত্রে দেশকে আত্মনির্ভর করে তুলতে অঙ্গীকারবদ্ধ কেন্দ্রীয় সরকার।সেই লক্ষ্যে রবিবার একাধিক বড় ঘোষণা করলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। নতুন ঘোষণাগুলির মধ্যে রয়েছে আগামী ছয় থেকে সাত বছরের জন্য দেশের প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন সংস্থাগুলিকে চার লক্ষ কোটি টাকার অর্ডার দেওয়ার কথা বলা হয়েছে। ১০১ টি প্রতিরক্ষা সংক্রান্ত পণ্য বিদেশ থেকে আমদানি করার ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে প্রতিরক্ষা মন্ত্রকের তরফ থেকে। এর মধ্যে সামান্য সরঞ্জাম থেকে শুরু করে উচ্চ প্রযুক্তি সম্পন্ন আগ্নেয়াস্ত্র রয়েছে।এই পণ্যগুলিকে এবার থেকে দেশের মধ্যেই তৈরি করা হবে। উল্লেখ করা যেতে পারে শনিবার থেকে প্রতিরক্ষা মন্ত্রকের তরফ থেকে জানানো হয়েছিল যে রবিবার গুরুত্বপূর্ণ ঘোষণা করতে চলেছেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। সেই অনুযায়ী একাধিক টুইটের মাধ্যমে রাজনাথ সিং গুরুত্বপূর্ণ কয়েকটি ঘোষণা করেন।দেশের প্রতিরক্ষার ক্ষেত্রকে স্বদেশীকরণ করার লক্ষ্যে ১০১ প্রতিরক্ষা সংক্রান্ত পণ্যের সূচি তৈরি করা হয়েছে। যার মধ্যে সামান্য যন্ত্রাংশ থেকে শুরু করে অত্যাধুনিক আগ্নেয়াস্ত্র প্রণালী রয়েছে। এই পণ্যগুলি আগামী দিনে আর বিদেশ থেকে আনানো যাবে না। এখন থেকে এগুলি দেশেই তৈরি হবে।এই পণ্যের আমদানির ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।প্রতিরক্ষা ক্ষেত্রে এটি যে একটি বড় পদক্ষেপ হতে চলেছে তা মনে করেন রাজনাথ সিং। দেশের মধ্যে থাকা প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন সংস্থাগুলি এর ফলে নিজেদের পণ্য বিকশিত করতে পারবে।নিজেদের তৈরি নকশা দিয়েই তারা এগিয়ে যেতে পারবে।প্রধানমন্ত্রীর আহ্বান করা পথে হেটে এই পদক্ষেপ নিয়েছে প্রতিরক্ষা মন্ত্রক।

করোনা কেয়ার সেন্টারে অগ্নিকাণ্ডের ঘটনায় শোকপ্রকাশ রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর

অমরাবতী, ৯ আগস্ট (হি. স.): অন্ধ্রপ্রদেশের বিজয়ওয়াড়ায় করোনা কেয়ার সেন্টারে অগ্নিকাণ্ডের ঘটনায় শোক প্রকাশ করলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

রবিবাসরীয় সকালে নিজের টুইট বার্তায় রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ লিখেছেন, বিজয়ওয়াড়ায় করোনা কেয়ার সেন্টারে দুর্ঘটনাজনিত অগ্নিকাণ্ডের ঘটনায় প্রাণহানির খবর পেয়ে শোকস্তব্ধ। শোকগ্রস্ত পরিবারের প্রতি সমবেদনা রইল।আহতদের দ্রুত আরোগ্য কামনা করি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিজের টুইট বার্তায় লিখেছেন, বিজয়ওয়াড়া করোনা কেয়ার সেন্টারে অগ্নিকাণ্ডের ঘটনায় শোকাহত।নিহতদের পরিবারের প্রতি সমবেদনা রইল। আহতদের দ্রুত আরোগ্য কামনা করি। মুখ্যমন্ত্রী জগনমোহন রেড্ডি সঙ্গে এ বিষয়ে কথা হয়েছে।

কেন্দ্রের তরফ থেকে সমস্ত রকমের সাহায্যের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ নিজের টুইটারে লিখেছেন, বিজয়ওয়াড়ায় করোনা কেয়ার সেন্টারে অগ্নিকাণ্ডের ঘটনায় দুঃখ পেয়েছি।কেন্দ্রের তরফ থেকে যাবতীয় সাহায্য করা হবে অন্ধ্রপ্রদেশকে।

শোকগ্রস্ত পরিবারের প্রতি সমবেদনা রইল।আহতদের দ্রুত আরোগ্য কামনা করি।উল্লেখ করা যেতে পারে রাজ্য প্রশাসনের তরফ থেকে জানানো হয়েছে দমকলের কাছে আগুন লাগার খবর আসে রবিবার ভোর ৫ টা ০৯ মিনিট নাগাদ।খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় দমকল।শুরু হয় আগুন নেভানোর কাজ।ভোর ৫ টা ৪৫ মিনিট নাগাদ আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয় দমকল বাহিনী।

অসমে কমছে করোনা পজিটিভের হার, মোট আক্রান্ত ৫৭৭১৪ জন, দৈনিক এক লক্ষ টেস্টের লক্ষ্য, মৃত্যুর সংখ্যা বেড়ে ১৪০

গুয়াহাটি, ৯ আগস্ট (হি.স.) : অসমে ধীরে ধীরে কমছে করোনা পজিটিভের হার। গতকাল একদিনে ২,২১৮ জনের শরীরে নতুন করো কোভিড-১৯ সংক্রমণের তথ্য এসেছে। এই সংখ্যা নিয়ে রাজ্যে করোনায় আক্রান্ত হয়েছেন ৫৭,৭১৪ জন। নতুন আক্রান্তদের মধ্যে কামরূপ মহানগর জেলার ২৯৯, কাছাড়ের ১৬৫, নগাঁওয়ের ১৫০ এবং ডিব্রুগড় জেলার ১৪২ জন বাসিন্দা রয়েছেন। গত ২৪ ঘণ্টায় অসমে কোভিডের ৫৪,৮৪৫টি নমুনা পরীক্ষা সম্পন্ন হয়েছে বলে সরকারিভাবে জানানো হয়েছে।

সরকারি সূত্রের খবর নতুন কোভিড পজিটিভ সহ রাজ্যে এখনও সক্রিয় রোগীর সংখ্যা ১৬,৯৮০। এছাড়া করোনায় আক্রান্ত হয়ে গতকাল আটজনকে নিয়ে প্রাণ হারিয়েছেন ১৪০ জন। অন্যদিকে শনিবার রাত পর্যন্ত রাজ্যের বিভিন্ন হাসপাতালে ১,৭৮২ জন রোগীর নমুনা পরীক্ষায় নেগেটিভ আসায় তাঁদের ছুটি দেওয়া হয়েছে। এ নিয়ে রাজ্যে করোনা যুদ্ধে বিজয়ী রোগীর সংখ্যা বেড়ে হয়েছে ৪০,৫৯১ জন।

এদিকে রাজ্যের স্বাস্থ্য দফতরের সূত্র জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় সর্বাধিক ৫৯,০৬৪টি কোভিড টেস্ট সম্পন্ন হয়েছে। আগামী ১২ আগস্ট থেকে প্রতিদিন এক লক্ষ টেস্ট করার লক্ষ্য নিয়েছে স্বাস্থ্য দফতর। কোভিড অতিমারির সঙ্গে মোকাবিলার করতে টেস্টকে অগ্রাধিকার দিতে চাইছেন বিভাগীয় কর্তৃপক্ষ। বর্তমান দিনে ৫০ থেকে ৬০ হাজার কোভিড টেস্ট হচ্ছে বলে জানানো হয়েছে। জানানো হয়েছে, অসমের বিভিন্ন জেলায় কোভিড টেস্টে পজিটিভের হার ১.৫ থেকে ২১ শতাংশ পর্যন্ত নেমে এসেছে।

গতকাল যে আটজন মৃত্যুবরণ করেছেন তাঁরা নলবাড়ির মোহন তালুকদার (৪৫) ও আজিজুর রহমান (৫২), তিনসুকিয়ার নারায়ণ চন্দ্র ডেকা (৫৪) ও দুলু পাল (৫০), মরিগাঁওয়ের তুরাব আলি (৪৮), কোকরাঝাড়ের সুফলা গগৈ (৪৬), নগাঁওয়ের খনীন্দ্র নাথ (৫৫) এবং ডিব্রুগড়ের প্রকাশ জৈন (৬০)।

জেল ভরো আন্দোলন এআইইউটিইউসির

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। রাজধানী আগরতলা শহরের কর্নেল চৌমুহনীতে ১৫ দফা দাবিতে জেল ভরো আন্দোলন সংগঠিত করেছে এ আই ইউ টি ইউ সি নামে বামপন্থী সংগঠন। জেল ভরো আন্দোলন এ অংশ নিয়ে সংগঠনের আহ্বায়ক সলিল দেববর্মা বলেন, কেন্দ্রীয় সরকার সরকারি সংস্থাগুলিকে বেসরকারিকরণের যে উদ্যোগ গ্রহণ করেছে তার তীব্র প্রতিবাদ জানিয়ে এ আন্দোলনে সামিল হয়েছেন তারা। শ্রমিক কর্মচারীদের কাজের সময় ৮ঘন্টা থেকে বৃদ্ধি করে ১২ ঘন্টা করার তীব্র প্রতিবাদ জানিয়েছেন তিনি।সংগঠনের আহ্বায়ক জানান দেশব্যাপী আন্দোলন কর্মসূচির অংশ হিসেবে তারা আগরতলায় আন্দোলনে সামিল হয়েছেন। রাজধানীর কর্নেল চৌমুহনীতে জেল ভরো আন্দোলন এ অংশগ্রহণকারীদের আন্দোলনে বাধা দেওয়ার চেষ্টা করে পুলিশ। পুলিশের বাধা উপেক্ষা করে তারা আন্দোলন চালিয়ে দেওয়ার চেষ্টা করে। শেষ পর্যন্ত পুলিশ আন্দোলনকারীদের গ্রেপ্তার করে। পরবর্তী সময়ে তাদের জামিনে মুক্তি দেওয়া হয়। সরকারি সংস্থাগুলিকে বেসরকারীকরণ এর প্রতিবাদ এবং কাজের সময় বৃদ্ধি করে ১২ ঘণ্টা করার প্রতিবাদে তারা বৃহত্তর আন্দোলনে সামিল হবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন। আন্দোলনকারীদের পুলিশের বাধাদানের ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েছেন আন্দোলনকারীরা। পুলিশ লেলিয়ে দিয়ে গণতান্ত্রিক আন্দোলন ব্যর্থ করা কোনদিনই সম্ভব হবে না বলে তারা অভিমত ব্যক্ত করেছেন।

সিপাহীজলা জেলার বিভিন্ন এলাকায় বিশ্ব আদিম জাতি দিবস উদযাপিত হয়

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৯ আগস্ট।। রবিবার সকাল থেকেই সিপাহী জলা জেলার বিভিন্ন এলাকায় উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হল বিশ্ব আদিম জাতি দিবস। জেলার সতরা রংমালা ধনিরামপুর এবং প্রমোদনগরে বিশ্ব মহামারী কোন ভাইরাসের কারণে সীমিতভাবে রেলির মাধ্যমে বিশেষ উৎসাহের মধ্য দিয়ে এই দিবসটি পালন করা হয়। এতে জাতি উপজাতি সকল অংশের মানুষকে অংশগ্রহণ করতে দেখা গেল। উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী রামমোহন দেববর্মা, শান্তি দেববর্মা, চন্দ্রমণি দেববর্মা, শিবু দেববর্মা, জামাল হোসেন আরব আলী প্রমূখ। এক সাক্ষাৎকারে রামমোহন দেববর্মা জানান এই রেলি আদিম জাতি দিবস উদযাপন উপলক্ষে করা হয়েছে। এ রেলি উপজাতিদের অস্তিত্ব রক্ষার্থে তিন বৎসর করা হয়ে থাকে। কিন্তু বর্তমানে বিশ্ব মহামারী করোনা ভাইরাস জনিত সমস্যা থাকার ফলে সীমিত মানুষকে নিয়ে এই দিনটি উদযাপন করা হল। এই রেলি সভা কোন রাজনৈতিক দলের নয়। কোন সামাজিক সংগঠনের উদ্যোগেও নয়, তবে উপজাতিরা জাতিগত ঐক্য রক্ষা করার লক্ষ্যে এই দিবসের গুরুত্বপূর্ণ বিষয়টি উপলব্ধি করার লক্ষ্যে করা হয়েছে। যারা এই দিবস উদযাপনে সাহায্য সহযোগিতা করেছে তাদেরকে আন্তরিক ধন্যবাদ এবং শুভেচ্ছা জানিয়েছেন তিনি। সামাজিক দূরত্ব বজায় রেখে মাস্ক পরিধান করে যাবতীয় নিয়ম কানুন মেনেই এই দিবসটি পালন করা হয়েছে বলে জানিয়েছেন তিনি।

উদয়পুরেও বামপন্থী গণ সংগঠনগুলির বিক্ষোভ কর্মসূচী

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৯ আগস্ট।। ভারত বাঁচাও, মানুষ বাঁচাও সহ ৭ দফা দাবিতে গোটা রাজ্যের সাথে বামপন্থী চারটি গন সংগঠন সিআইটিইউ-কৃষক সভা-ক্ষেতমজুর ইউনিয়ন - জিএমপি"র উদ্যোগে উদয়পুর মহকুমার ২০টি স্থানে বিক্ষোভ কর্মসূচী সংগঠিত হয়। পাহাড় থেকে সমতল সর্বত্র প্রশাসনিক বাঁধা সত্ত্বেও সংগ্রামী মানুষ সামিল হয় কর্মসচীতে। বুকে দাবির পোস্টার সেঁটে বিক্ষোভ দেখান সংগঠনের নেতৃত্ব,কর্মী,সমর্থকরা।

এদিন দেশব্যাপী বিক্ষোভ কর্মসূচীর দাবিগুলি ছিলো ভারত বাঁচাও, মানুষ বাঁচাও, সবার জন্য বিনা মূল্যে স্বাস্থ্য পরিষেবা চাই, ছয়মাস রেশনের মাধ্যমে মাথা পিছু দশ কেজি করে চাল দিতে হবে, আয়কর না দেওয়া পরিবারে ছয়মাস সাড়ে সাত হাজার টাকা মাসিক অনুদান প্রদান করতে হবে, ছয়শো টাকা মজুরিতে রেগায় দুইশ দিন কাজ চাই, বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা না হলে বেকার ভাতা প্রদান করতে হবে। আইন প্রণয়ন করে শহরের গরীব মানুষের জন্য কাজের নিশ্চয়তা দিতে হবে, অত্যাবশ্যকীয় সামগ্রী, বিদ্যুৎ আইন ও শ্রম আইনে প্রশাসনিক নির্দেশ ও অর্ডিন্যান্স বাতিল করতে হবে।এদিন বাগমায় জাতীয় সড়কের পাশের কর্মসূচীতে ছিলেন শ্রমিক নেতা দিলীপ দত্ত, ক্ষেতমজুর নেতা নারায়ন ঘোষ, সিপিআই(এম) উদয়পুর মহকুমা অফিসের সামনের কর্মসূচীতে অংশ নেন কৃষক নেতা নিখিল দাস, ব্রজলাল দাস, ক্ষেতমজুর নেতা অরবিন্দ নন্দী প্রমুখরা। কিল্লায় দাবির সমর্থনে হয় মিছিল। তাতে অংশ নেন জিএমপি নেতা পূর্নরাই জমাতিয়া, অমৃতসাধন জমাতিয়া। পেরাতিয়ায় জাতীয় সড়কের পাশে হয় বিক্ষোভ কর্মসূচী। ছিলেন কৃষক নেতা নান্টু দাস। তাছাড়া তুলামুড়া, মির্জা, আঠারভোলা, ধ্বজনগর, শালগড়া, পিত্রা, জামজুরির একাধিক স্থানে হয় প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচী।

কদমতলায় দুঃস্থ পরিবারে খাদ্য সামগ্রী বিতরণ কর্মচারী সংঘের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ আগস্ট।। বিশ্ব মহামারী করোনা ভাইরাসের ফলে গোটা দেশের মানুষ আজ দিশেহারা। নেই কর্মসংস্থান। দেখা দিয়েছে খাদ্যের অভাব।তাই কেন্দ্র এবং রাজ্য সরকার বিভিন্ন কর্মসূচি হাতে নিয়ে যেভাবে গরীব দুস্থ মানুষের সাহায্যার্থে এগিয়ে আসছে ঠিক সেইভাবে বিভিন্ন ক্লাব সামাজিক সংস্থা এবং সরকারি বিভিন্ন শাখা সংগঠন গুলো তাদের সাধ্যমত দোস্ত মানুষের পাশে দাঁড়াচ্ছে।সেই সাথে ত্রিপুরা রাজ্য কর্মচারী সংঘের ধর্মনগর মহাকুমা কমিটির উদ্যোগে এবং কদমতলা শাখার সহযোগিতায় আজ কদমতলা বি এম এস অফিস সংলগ্ন এলাকায় এবং বাঘন গ্রাম পঞ্চায়েত এলাকায় ১২০ টি পরিবারের মধ্যে নানা খাদ্য সামগ্রী বিতরণ করা হয় অসহায় খেটে খাওয়া মানুষের মধ্যে।তাদের এই মহৎ কর্মসূচিতে উপস্থিত ছিলেন ঠট্টজ্জ এর মহাকুমা সম্পাদক প্রদীপ ভট্টাচার্য ,প্রদীপ দত্ত ,মৃন্ময় নাথ সহ সংগঠনের অন্যান্য কর্মকর্তারা।এছাড়া উপস্থিত ছিলেন উত্তর জেলা মহিলা মোর্চা সভানেত্রী মলিনা দেব নাথ,জেলা সহ সভাধিপতি বিশ্বজিৎ ঘোষ , কদমতলা মন্ডল সভাপতি রাজা ধর কদমতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুব্রত দেব সহ অন্যান্য বিশিষ্ট সমাজ সেবক সেবিকারা।উপস্থিত আমন্ত্রিত অতিথিরা এই করোনাভাইরাস মোকাবিলায় নিজেকে এবং সমাজকে কিভাবে বাঁচানো যায় সেই দিকগুলো আলোচনা করেন উপস্থিত সকলের সামনে।পাশাপাশি ঠট্টজ্জ এর নেতৃত্বরা জানান সবার সহযোগিতা নিয়ে আগামী দিনেও এভাবে তাদের উদ্যোগ জারি থাকবে।

গন্ডাছড়ায় সন্দেহ মূলক পাচঁ যুবককে আটক করল টিএসআর

নিজস্ব প্রতিনিধি, গন্ডাছড়া, ৯ আগস্ট।। সন্দেহ মূলক পাচঁ যুবককে আটক করে টিএসআর জওয়ানরা। ঘটনাটি ঘটে রবিবার গন্ডাছড়া মহকুমার নবকুমার পাড়ায়। জানা যায় পনের আগষ্টকে সামনে রেখে টিএসআর বার নম্বর ব্যাটেলিয়ানের নবকুমার পাড়া ক্যাম্পের জওয়ানরা প্রতিদিনের মত এদিনও বৈরী বিরোধি অভিযানে বের হয়। এই সময় আনন্দ পাড়া থেকে অপরিচিত পাচঁ যুবককে ঘুরা ফেরা করতে দেখে তাদের আটক করে। পরে এদের গন্ডাছড়া থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয